প্রকাশ : ২২ মে ২০২২ | প্রকাশক : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) | মানচিত্র তৈরির উৎস : ২০১৬ সালের হাউজ হোল্ড ইনকাম অ্যান্ড ইক্সপেনডিচার সার্ভের তথ্য থেকে তৈরি করা হয় | দারিদ্র্যে ➤ শীর্ষ জেলা : কুড়িগ্রাম (৭০.৮%) ● সর্বনিম্ন : নারায়ণগঞ্জ (২.৬%) ◆ শীর্ষ উপজেলা/থানা : চর রাজিবপুর, কুড়িগ্রাম (৭৯.৮%) ● সর্বনিম্ন উপজেলা/থানা : গুলশান (০.৪%) | জাতীয় দারিদ্র্য : ২৪.৩%।

৬৪ জেলার দারিদ্র্যের হার (%)

ঢাকা বিভাগ : ১৬.০০	
কিশোরগঞ্জ	৫৩.৫
রাজবাড়ী	৩৩.৮
মানিকগঞ্জ	৩০.৭
গোপালগঞ্জ	২৯.৫
টাঙ্গাইল	১৯.০
শরীয়তপুর	১৫.৭
নরসিংদী	১০.৫
ঢাকা	১০.০
ফরিদপুর	৭.৭
গাজীপুর	৬.৯
মাদারীপুর	৩.৭
মুন্সীগঞ্জ	৩.১
নারায়ণগঞ্জ	২.৬
রাজশাহী বিভাগ : ২৮.৯	
চাঁপাইনবাবগঞ্জ	৩৯.৬
পাবনা	৩৩.০
নওগাঁ	৩২.২
সিরাজগঞ্জ	৩০.৫
বগুড়া	২৭.২
নাটোর	২৪.০
জয়পুরহাট	২১.৪
রাজশাহী	২০.১
চট্টগ্রাম বিভাগ : ১৮.৪৩	
বান্দরবান	৬৩.২
খাগড়াছড়ি	৫২.৭
লক্ষ্মীপুর	৩২.৫
চাঁদপুর	২৯.৩
রাঙামাটি	২৮.৫
নোয়াখালী	২৩.৩
কক্সবাজার	১৬.৬
কুমিল্লা	১৩.৫
চট্টগ্রাম	১৩.৭
ব্রাহ্মণবাড়িয়া	১০.৩
ফেনী	৮.১
ময়মনসিংহ বিভাগ : ৩২.৭৭	
জামালপুর	৫২.৫
শেরপুর	৪১.৩
নেত্রকোনা	৩৪.০
ময়মনসিংহ	২২.০
বরিশাল বিভাগ : ২৬.৪৮	
পটুয়াখালী	৩৭.২
পিরোজপুর	৩২.২
বরিশাল	২৭.৪
বরগুনা	২৫.৭
ঝালকাঠি	২১.৫
ভোলা	১৫.৫
সিলেট বিভাগ : ১৬.২৩	
সুনামগঞ্জ	২৬.০
হবিগঞ্জ	১৩.৪
সিলেট	১৩.০
মৌলভীবাজার	১১.০
খুলনা বিভাগ : ২৭.৪৮	
মাগুরা	৫৬.৭
খুলনা	৩০.৮
চুয়াডাঙ্গা	৩১.৯
মেহেরপুর	৩১.৫
বাগেরহাট	৩১.০
যশোর	২৬.৯
ঝিনাইদহ	২৬.৫
সাতক্ষীরা	১৮.৬
কুষ্টিয়া	১৭.৫
নড়াইল	১৬.৮
রংপুর বিভাগ : ৪৭.২৩	
কুড়িগ্রাম	৭০.৮
দিনাজপুর	৬৪.৩
গাইবান্ধা	৪৬.৭
রংপুর	৪৩.৮
লালমনিরহাট	৪২.০
ঠাকুরগাঁও	২৩.৪
নীলফামারী	৩২.৩
পঞ্চগড়	২৬.৩

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

নির্বাচনের ডিজিটাল পদ্ধতি EVM

২০২৩ সালের ডিসেম্বর মাসে বাংলাদেশে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। এ নির্বাচনে EVM'র ব্যবহার নিয়ে পক্ষে-বিপক্ষে চলছে আলোচনা-সমালোচনা। এ প্রেক্ষাপটে জেনে নিন EVM'র নানা কথা।

EVM কী?

ইলেকট্রনিক ভোটিং (Electronic Voting) আধুনিক বিশ্বে গণতান্ত্রিক প্রক্রিয়ায় ভোট প্রয়োগ বা সংশ্লিষ্ট ভোটারদের মতামত প্রতিফলনের অন্যতম মাধ্যম। এর অন্য নাম 'ই-ভোটিং'। ভোট প্রয়োগে মেশিন বা ইলেকট্রনিক যন্ত্রপাতি অনুসৃত হয় বিধায় সামগ্রিক প্রক্রিয়াটি Electronic Voting Machine (EVM) বা ই-ভোটিং মেশিন নামে পরিচিত। ইলেকট্রনিক প্রক্রিয়ায় এটি একাধারে সঠিকভাবে ভোট প্রয়োগ ও দ্রুততার সঙ্গে ভোট গণনা করতে সক্ষম। ভোটগ্রহণের স্থান হিসেবে ভোটকেন্দ্রেই মূলত EVM ব্যবহার করা হয়। EVM'র প্রথম অংশ ব্যালট ইউনিটটি রাখা হয় বুথের ভেতর। এ অংশে ভোটার নির্দিষ্ট সুইচ চেপে তার পছন্দের প্রার্থিকে ভোট দিয়ে থাকেন। আর দ্বিতীয় অংশে কন্ট্রোল ইউনিটটি থাকে সহকারী প্রিজাইডিং অফিসারের সামনে। তিনি এ অংশের বিভিন্ন সুইচ চেপে সমস্ত ভোট প্রক্রিয়া নিয়ন্ত্রণ করেন।

বিশ্বে EVM'র ব্যবহার

ইলেকট্রনিক ভোটিং মেশিনের মাধ্যমে ভোট দেওয়ার পদ্ধতি প্রথম চালু হয় অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া রাজ্যে ১৮৫৬ সালে। ১৮৮৯ সালে মেকানিক্যাল লেবার মেশিন প্যাটেন্ট তৈরি হয় এবং নিউইয়র্কের লকপর্ট নির্বাচনে তা ব্যবহার করা হয়। পরবর্তী সময়ে আমেরিকার বিভিন্ন সিটি নির্বাচনে এই সিস্টেম ধীরে ধীরে বিস্তার লাভ করে। প্রকৃতপক্ষে পাঞ্চকার্ডের মাধ্যমে ভোট প্রদানের রূপরেখা আবিষ্কারের প্রেক্ষাপটে ১৯৬০ সালে যুক্তরাষ্ট্রে সর্বপ্রথম EVM পদ্ধতি চালু হয়। ১৯৬৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের ৭টি অঙ্গরাজ্যের নির্বাচনে এই পদ্ধতি অনুসৃত হওয়ার মধ্য দিয়ে প্রথমবারের মতো ইলেকট্রনিক ভোটিংয়ের চিত্র দৃশ্যমান হয়। যুক্তরাষ্ট্রের পর পৃথিবীর বিভিন্ন দেশে এই পদ্ধতি নিয়ে নানা রকম পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে। ১৯৭৫ সালে ভিডিও ভোটার সিস্টেমের প্রবর্তন ঘটে এবং ১৯৯৬ সালে যুক্তরাষ্ট্রে প্রথম ইন্টারনেট ভোটিং সিস্টেম চালু হয়। বর্তমানে EVM পদ্ধতি আইনগতভাবে চালু রয়েছে— যুক্তরাষ্ট্র, রাশিয়া, ভারত, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, ফ্রান্স, জাপান, কাজাখস্তান, পেরু, সংযুক্ত আরব আমিরাত ও ভেনিজুয়েলায়। ইউরোপীয় ইউনিয়নও তাদের নির্বাচনে EVM প্রয়োগ করে থাকে। কিছু দেশ এটি চালু করে এখন আবার নিষিদ্ধ করছে। ২০০৬ সালে আয়ারল্যান্ড ২০০৯ সালের মার্চ মাসে জার্মানি EVM পরিত্যাগ করে। যুক্তরাষ্ট্রের ২২টির বেশি অঙ্গরাজ্যে এটিকে নিষিদ্ধ করা হয় এবং বাকিগুলোতেও তা নিষিদ্ধ হওয়ার পথে।

বাংলাদেশে EVM

২০০৭ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ইনস্টিটিউট অব ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ উদ্ভাবন করে EVM। এ EVM'র উদ্ভাবক ছিলেন প্রকৌশলী ড. এসএম লুৎফুল কবির। ২০০৭ সালে ঢাকা অফিসার্স ক্লাবের কার্যকরী পরিষদ নির্বাচনে সর্বপ্রথম EVM পদ্ধতিতে ভোট গৃহীত হয়। বাংলাদেশের স্থানীয় সরকার নির্বাচনে ২০১০ সালে প্রথম EVM ব্যবহার করা হয়। এরপর ১৭ জুন ২০১০ স্বল্প পরিসরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে জামালখান ওয়ার্ডের ১৪টি কেন্দ্রের ৭৯টি বুথে প্রথম EVM ব্যবহার করা হয়। ৩০ অক্টোবর ২০১১ নারায়ণগঞ্জ সিটি করপোরেশন নির্বাচনে ৯টি ওয়ার্ডে দ্বিতীয়বারের মতো EVM ব্যবহার করা হয়। বুয়েট ও বাংলাদেশ নির্বাচন কমিশনের দ্বন্দ্বে ২০১৫ সালে এ EVM'র ইতি ঘটে। ২০১৭ সালে ডিজিটালাইজড সুবিধা সম্বলিত নতুন EVM'র যাত্রা শুরু হয়। বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরির (BMTF) মাধ্যমে বিদেশ থেকে আমদানি করা যন্ত্রাংশ দিয়ে উন্নত প্রযুক্তির EVM তৈরি করা হয়। ২০১৭ সালের নভেম্বরে ইসি'র চাহিদার পরিপ্রেক্ষিতে মানোন্নয়ন করে EVM গুলো সরবরাহ করা হয়। ২১ ডিসেম্বর ২০১৭ রংপুর সিটি করপোরেশন নির্বাচনে এ EVM পরীক্ষামূলকভাবে ব্যবহার করা হয়, যা সফল হয়। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রচলিত ব্যালট পেপারের পাশাপাশি EVM ব্যবহার করতে গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও), ১৯৭২ সংশোধনে নির্বাচন কমিশনের প্রস্তাব ২৯ অক্টোবর ২০১৮ অনুমোদন করে মন্ত্রিপরিষদ। এরপর ৩১ অক্টোবর ২০১৮ তা রাষ্ট্রপতির অধ্যাদেশ আকারে জারি হয়। ৩০ ডিসেম্বর ২০১৮ একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো ব্যবহৃত হয় EVM। জাতীয় সংসদের ৩০০ আসনের মধ্যে ৬টি আসনের সবকয়টি কেন্দ্রের সম্পূর্ণ ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় EVM'র মাধ্যমে। আসনগুলো— ঢাকা-৬ ও ১৩, চট্টগ্রাম-৯, রংপুর-৩, খুলনা-২ ও সাতক্ষীরা-২।

ভোট গণনার পদ্ধতি

প্রতিটি বুথের ফল আলাদা আলাদাভাবে দেখা যায়। ভোট নেওয়া শেষে সহকারী প্রিজাইডিং অফিসার কন্ট্রোল ইউনিটের 'ক্লোজ' সুইচ চেপে ভোটগ্রহণ বন্ধ করে দেন। এ সুইচ চাপার পর ব্যালট ইউনিট আর কার্যকর হবে না। সহকারী প্রিজাইডিং অফিসার 'ফাইনাল রেজাল্ট' সুইচ চাপলে ব্যালটে প্রথম প্রার্থীর নাম ও পাওয়া মোট ভোট সংখ্যা কন্ট্রোল ইউনিটের ডিসপ্লেতে দেখাবে। 'ফাইনাল রেজাল্ট' সুইচ দ্বিতীয়বার চাপলে দ্বিতীয় প্রার্থীর পাওয়া মোট ভোটের পরিমাণ জানা যাবে। এভাবে প্রত্যেক প্রার্থীর পাওয়া ভোট সংখ্যা জেনে নেওয়া যাবে।

ACLU'র সদর দপ্তর অবস্থিত ইরানের তেহরানে

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

GDP'র সাময়িক হিসাব

১০ মে ২০২২ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) ২০২১-২২ অর্থবছরের সাময়িক GDP'র খাতওয়ারি অবদান ও প্রবৃদ্ধির হার এবং মাথাপিছু আয় প্রকাশ করে। কৃষি, শিল্প ও সেবা— এ তিনটিকে প্রধান খাত ধরে গণনা করা হয় GDP।

জনসংখ্যা
১৭০.৭৯ মিলিয়ন

GDP
৩৯,৭৬৪,৬২২ মিলিয়ন টাকা

GNI
৪১,২৪০,৭১১ মিলিয়ন টাকা

মাথাপিছু GDP
২৩২,৮২৮ টাকা
বা ২,৭২৩ মার্কিন ডলার

মাথাপিছু জাতীয় আয়
২৪১,৪৭০ টাকা
বা ২,৮২৪ মার্কিন ডলার

GDP'র প্রবৃদ্ধির হার
৭.২৫%

মাথাপিছু আয় ➤ মাথাপিছু আয় কোনো নাগরিকের ব্যক্তিগত আয় নয়। একটি অর্থবছরে রাষ্ট্রের সার্বিক আয় অর্থাৎ GNI'কে মোট জনসংখ্যা দিয়ে ভাগ করে যে আয় পাওয়া যায়, সেটিই মাথাপিছু আয়।

GDP ➤ একটি নির্দিষ্ট সময়ে সাধারণত এক বছরে একটি দেশের অভ্যন্তরে উৎপাদিত মোট দ্রব্য ও সেবাসমূহের সমষ্টিকে মোট অভ্যন্তরীণ উৎপাদন বা মোট দেশজ উৎপাদন বলে। মোট দেশজ উৎপাদনকে ইংরেজিতে Gross Domestic Product বা GDP বলে। জিডিপি হিসাব করার সময় দেশের মধ্যে উৎপাদিত পণ্য ও সেবাসমূহের সমষ্টিকে বোঝায়। বিদেশে অবস্থানরত দেশের জনগণ কর্তৃক উৎপাদিত দ্রব্য ও সেবা GDP'র মধ্যে বিবেচনা করা হয় না।

GDP'র খাতওয়ারি অবদান ও প্রবৃদ্ধির হার (%)
ভিত্তি বছর ২০১৫-২০১৬

বৃহৎ খাত	খাত/উপখাত	অবদানের হার (%) ২০২০-২১	অবদানের হার (%) ২০২১-২২ (সাময়িক)	প্রবৃদ্ধির হার (%) ২০২০-২১	প্রবৃদ্ধির হার (%) ২০২১-২২ (সাময়িক)
কৃষি	১. কৃষি, বনজ ও মৎস্য	১২.০৭	১১.৫০	৩.১৭	২.২০
	ক. শস্য ও শাকসবজি	৫.৭০	৫.৩৭	২.২৯	১.০৬
	খ. প্রাণিসম্পদ	১.৯৮	১.৯০	২.৯৪	৩.১০
	গ. বনজ সম্পদ	১.৭৫	১.৭১	৪.৯৮	৫.০৮
	ঘ. মৎস্য সম্পদ	২.৬৪	২.৫১	৪.১১	২.০৮
শিল্প	২. খনিজ ও খনন	১.৯১	১.৭৪	৬.৪৯	−১.৯৪
	ক. প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল	০.৪০	০.৩৬	০.৩২	−৪.৬৯
	খ. অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা	১.৫১	১.৩৯	৮.২৬	−১.২১
	৩. শিল্প (ম্যানুফ্যাকচারিং)	২৩.৩৬	২৪.৪৫	১১.৫৯	১২.৩১
	ক. বৃহৎ শিল্প	১১.৮১	১২.৪৩	১০.৬১	১২.৮৭
	খ. ক্ষুদ্র, মাঝারি ও মাইক্রো শিল্প	৭.৪৯	৭.৮০	১৩.৮৯	১১.৭১
	গ. কুটির শিল্প	৪.০৬	৪.২২	১০.২৭	১১.৭৫
	৪. বিদ্যুৎ ও গ্যাস	১.২৫	১.২৩	৯.৫৪	৫.৯৬
	ক. বিদ্যুৎ	১.০১	১.০১	১১.৬৫	৭.২৪
	খ. গ্যাস	০.২৪	০.২২	১.৪৫	০.৫২
	৫. পানি সম্পদ, নিষ্কাশন ও বর্জ্য ব্যবস্থাপনা	০.১০	০.১০	৬.৬৫	৭.৪৩
	৬. নির্মাণ	৯.৪০	৯.৫৫	৮.০৮	৮.৯৪
সেবা	৭. পাইকারি ও খুচরা বাণিজ্য, যানবাহন মেরামত	১৫.০৬	১৫.২৬	৭.৬৪	৮.৭২
	৮. পরিবহন ও সংরক্ষণ	৭.৪৪	৭.৩৩	৪.০৪	৫.৭০
	ক. স্থলপথ পরিবহন	৬.৫৬	৬.৪৮	৪.৬৮	৫.৯৯
	খ. জলপথ পরিবহন	০.৫১	০.৪৮	১.৮০	১.৪১
	গ. আকাশপথ পরিবহন	০.০৮	০.০৮	−২.০০	২.৮৬
	ঘ. সহযোগী পরিবহন সেবা ও সংরক্ষণ	০.২৫	০.২৫	−৪.৯৯	৮.১১
	ঙ. ডাক ও পরিবহন সেবা	০.০৪	০.০৪	৩.৩৪	১.৬৬
	৯. বাসস্থান ও খাদ্য সেবা কার্যক্রম	১.০৯	১.০৮	৪.৫৩	৫.৫৯
	১০. তথ্য ও যোগাযোগ	১.২৯	১.২৮	৭.১১	৬.১৫
	১১. আর্থিক প্রাতিষ্ঠানিক সেবা	৩.২২	৩.২৩	৫.৮২	৭.৬০
	ক. ব্যাংক	২.৭৫	২.৭৭	৫.৯৬	৭.৯৭
	খ. বীমা	০.২৭	০.২৬	৩.২২	৩.৯৫
	গ. অন্যান্য	০.২০	০.২০	৭.৪৮	৭.৪৯
	১২. রিয়েল এস্টেট সেবা	৮.৩৯	৮.১০	৩.৪২	৩.৬৬
	১৩. পেশাগত, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত সেবা	০.১৮	০.১৭	৫.০৯	৪.২৫
	১৪. প্রশাসনিক ও সহযোগী সেবা কার্যক্রম	০.৭৩	০.৭২	৬.০২	৫.৪৮
	১৫. লোক প্রশাসন ও প্রতিরক্ষা	৩.৫২	৩.৪২	৬.০৫	৪.০২
	১৬. শিক্ষা	২.৬৮	২.৬৫	৫.৮১	৬.২৩
	১৭. জনস্বাস্থ্য ও সমাজকল্যাণমূলক সেবা	৩.৩২	৩.৩৯	১০.৬০	৯.৭৮
	১৮. শিল্প, খেলাধুলা ও বিনোদন	০.১৪	০.১৪	৫.৭৬	৬.০৭
	১৯. অন্যান্য সেবা	৪.৮৫	৪.৬৬	৩.০৮	৩.১৯

GDP'তে খাতসমূহের অবদান ও প্রবৃদ্ধির হার

খাতসমূহ	অবদানের হার (%) ২০২০-২১	অবদানের হার (%) ২০২১-২২ (সাময়িক)	প্রবৃদ্ধির হার (%) ২০২০-২১	প্রবৃদ্ধির হার (%) ২০২১-২২ (সাময়িক)
কৃষি	১২.০৭	১১.৫০	৩.১৭	২.২০
শিল্প	৩৬.০১	৩৭.০৭	১০.২৯	১০.৪৪
সেবা	৫১.৯২	৫১.৪৪	৫.৭৩	৬.৩১
সার্বিক GDP (উৎপাদন মূল্যে)	১০০.০০	১০০.০০	৬.৯৪	৭.২৫

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ

ব্রিটিশ-বাংলাদেশি আকির এভারেস্ট জয়

১৩ মে ২০২২ মাউন্ট এভারেস্ট জয় করেন হাওরপাড়ের সন্তান ব্রিটিশ-বাংলাদেশি বংশোদ্ভূত আখলাকুর রহমান আকি। তিনি সুনামগঞ্জের জগন্নাথপুর উপজেলার নলুয়া হাওরবেষ্টিত চিলাউড়া-হলদিপুর ইউনিয়নের বাউধরন গ্রামের

যুক্তরাজ্য প্রবাসী মরহুম হাজী ইস্কন্দর আলীর ছেলে। বিশ্বজুড়ে তিনি পর্বতারোহী আকি রহমান নামে পরিচিত। তিনি ২০২০ সালের জুলাই মাসে আফ্রিকার তানজানিয়ার সর্বোচ্চ পর্বত মাউন্ট কিলিমানজারো (উচ্চতা ৫,৮৯৫ মিটার) জয় করেন। এরপর ফ্রান্সের সর্বোচ্চ পর্বত (উচ্চতা ৪,৮১০ মিটার) মাউন্ট ব্ল্যাঙ্কে আরোহণ করেন। ২০২০ সালে ২৪ ঘণ্টায় জয়ের চ্যালেঞ্জ নিয়ে মাউন্ট এলব্রুজ (উচ্চতা ৫,৬৪২ মিটার) মাত্র আট ঘণ্টায় আরোহণ করে বিজয়ী হন। ২০২১ সালে নেপালে বিশ্বের সবচেয়ে কঠিনতম পর্বত হিমালয় আমাদাবলাম জয় করেন। যার উচ্চতা ৬,৮৫৬ মিটার।

পারস্য উপসাগরে 'শান্তির শহর বাংলাদেশ'

বাংলাদেশের নামে বিভিন্ন সময় বিভিন্ন দেশের নানা স্থানের নামকরণ করা হয়। এবার বাংলাদেশ নামে একটি দ্বীপ গড়ে তোলা হচ্ছে। পারস্য উপসাগরে এটি নির্মাণ করছে সংযুক্ত আরব আমিরাত। বাংলাদেশ নামের এ দ্বীপকে বলা হচ্ছে 'বাংলাদেশ সিটি অব পিস' বা শান্তির শহর বাংলাদেশ। মূলত দুবাইয়ের শাসক শেখ মোহাম্মদ বিন রশিদ আল মাকতুমের চিন্তাপ্রসূত প্রকল্প এটি। তার পরিকল্পনা অনুযায়ী, বিশ্ব মানচিত্রের আদলে 'দ্য ওয়ার্ল্ড আইল্যান্ডস' নামের এ দ্বীপপুঞ্জ নির্মাণ শুরু করে সংযুক্ত আরব আমিরাত। ২০০৩ সালে নির্মাণ শুরু হয় ছোট ছোট কৃত্রিম দ্বীপের। ১০০ মিটার গড় দূরত্বের দ্বীপগুলোর আয়তন ১.৪ থেকে ৪.২ হেক্টর পর্যন্ত। ডিম্বাকৃতির দ্বীপপুঞ্জের দৈর্ঘ্য ৯ কিলোমিটার ও প্রস্থ ৬ কিলোমিটার। এ দ্বীপপুঞ্জ ইউরোপ, আফ্রিকা, এশিয়া, উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, অ্যান্টার্কটিকা এবং ওশেনিয়া মহাদেশের প্রতিনিধিত্ব করে এমন সাতটি দ্বীপ নিয়ে গঠিত। দ্বীপগুলোর নামকরণ করা হয় বিভিন্ন দেশ ও সেসব দেশের ল্যান্ডমার্ক বা অঞ্চলের নামানুসারে।

WSIS চ্যাম্পিয়ন

২০২২ সালে 'WSIS চ্যাম্পিয়ন'-এর স্বীকৃতি পায় বাংলাদেশের ডিজিটাল ভূমি কর ব্যবস্থা। ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাল ভূমি (উন্নয়ন) কর ব্যবস্থা World Summit on the Information Society (WSIS) পুরস্কার প্রতিযোগিতায় 'তথ্যপ্রযুক্তির প্রয়োগ : জীবনের সব ক্ষেত্রে কল্যাণে ই-সরকার' শীর্ষক ৭ নম্বর শ্রেণিতে নির্বাচিত পাঁচটি 'চ্যাম্পিয়ন' উদ্যোগের একটি হিসেবে মনোনীত হয়। সেই প্রতিযোগিতায় ১৮টি ক্যাটাগরির প্রতিটিতে ৪ কিংবা ৫টি করে প্রকল্প/উদ্যোগকে 'চ্যাম্পিয়ন' ঘোষণা করা হয়। এই ১৮টি ক্যাটাগরির 'চ্যাম্পিয়ন' প্রকল্প/উদ্যোগগুলোর মধ্যে থেকে প্রতিটি ক্যাটাগরিতে ১টি সেরা প্রকল্প/উদ্যোগকে WSIS পুরস্কার ২০২২-এর চূড়ান্ত বিজয়ী হিসেবে ঘোষণা করা হয়।

কমনওয়েলথ পয়েন্টস অব লাইট পুরস্কার

২০১৮ সাল থেকে ব্রিটিশ রানি দ্বিতীয় এলিজাবেথ কমনওয়েলথভুক্ত দেশ থেকে একজন করে অনুপ্রেরণামূলক স্বেচ্ছাসেবকদের ধন্যবাদ জানাতে 'কমনওয়েলথ পয়েন্টস অব লাইট' পুরস্কার প্রদান করছেন। ব্যতিক্রমী স্বেচ্ছাসেবী কার্যক্রমের জন্য ২০২২ সালে 'কমনওয়েলথ পয়েন্টস অব লাইট' পুরস্কার লাভ করেন দাতব্য সংস্থা বিদ্যানন্দ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা কিশোর কুমার দাস। ২২ নভেম্বর ২০১৩ নারায়ণগঞ্জে বিদ্যানন্দ ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়। পরে পর্যায়ক্রমে দেশের আটটি বিভাগ ও জেলা শহরে ১৫টি শাখা করা হয়।

অর্ডার অব দ্য রাইজিং সান

১৮৭৫ সালে জাপানের মেইজি সম্রাট অর্ডার অব দ্য রাইজিং সান পুরস্কার প্রবর্তন করেন। এটি জাপান সরকারের সর্বোচ্চ সম্মাননা, যা ৮ ক্যাটাগরিতে প্রদান করা হয়। ২০২২ সালে জাপান সরকার তিনজন



বাংলাদেশি নাগরিককে অর্ডার অব দ্য রাইজিং সান প্রদান করে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক মুখ্য সমন্বয়কারী (SDG) ও বাংলাদেশ স্কাউটসের সভাপতি আবুল কালাম আজাদ 'অর্ডার অব দ্য রাইজিং সান, গোল্ড অ্যান্ড সিলভার স্টারস'; জাপান-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (JBCCI) সাবেক সভাপতি, হক'স বে অটোমোবাইলসের ব্যবস্থাপনা পরিচালক আব্দুল হক 'অর্ডার অব দ্য রাইজিং সান, গোল্ড রেস উইথ রোজেট' এবং ইয়ামাগাটা-ঢাকা ফ্রেন্ডশিপ জেনারেল হাসপাতালের পরিচালক ডা. মো. এখলাছুর রহমান 'অর্ডার অব দ্য রাইজিং সান, গোল্ড অ্যান্ড সিলভার রেজ' সম্মাননায় ভূষিত হন।

অর্ডার অব সিভিল মেরিট

২০২২ সালে স্পেনের রাজা ষষ্ঠ ফিলিপ প্রদত্ত রয়্যাল অর্ডার অব সিভিল মেরিট স্বীকৃত নাইট অফিসারের ক্রুজ দে অফিসিয়াল উপাধিতে ভূষিত হন শেলটেক গ্রুপের চেয়ারম্যান কুতুবউদ্দিন আহমেদ। অর্ডার অব সিভিল মেরিট সম্মাননাটি স্পেনের জন্য স্প্যানিশ এবং বিদেশি নাগরিকদের অসামান্য পরিষেবার স্বীকৃতিস্বরূপ দেওয়া হয়। স্পেনের রাজা বিদেশি নাগরিকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের জন্য এ সম্মাননায় ভূষিত করেন।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

আমদানি নীতি আদেশ ২০২১-২৪

২৪ এপ্রিল ২০২২ বাণিজ্য মন্ত্রণালয় তিন বছর মেয়াদে ২০২১-২৪ সালের জন্য আমদানি নীতি আদেশ গেজেট আকারে প্রকাশ করে। বিশ্বের যেকোনো দেশ থেকে পণ্য আমদানি করতে আমদানি নীতি আদেশ অনুসরণ করতে হয়। ২০১৫-১৮ সালের আমদানি নীতি আদেশের মেয়াদ শেষ হয় ৩০ জুন ২০১৮। অতপর ২০১৮-২১ সালের আমদানি নীতি আদেশ হয়নি। নতুন আমদানি নীতি আদেশে ২৬ শ্রেণির পণ্য আমদানি নিষিদ্ধ করা হয়। আমদানি নীতি আদেশ ২০২১-২৪ কার্যকর থাকবে ৩০ জুন ২০২৪ পর্যন্ত।

নতুন দুই পল্লী উন্নয়ন একাডেমি

দেশের বেসরকারি খাত বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে আরও কার্যকর করার লক্ষ্যে সরকার জামালপুর ও রংপুর জেলায় আরও দু'টি পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠা করবে। এ লক্ষ্যে ২৮ এপ্রিল ২০২২ মন্ত্রিসভার বৈঠকে শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুর আইন, ২০২২ এবং পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর আইন, ২০২২-এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়। এ দুটি নিয়ে দেশে মোট চারটি পল্লী উন্নয়ন একাডেমি হবে। বর্তমানে কুমিল্লায় বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD) এবং বগুড়ায় পল্লী উন্নয়ন একাডেমি (RDA) রয়েছে। এ ছাড়া যশোরে আরেকটি পল্লী উন্নয়ন একাডেমি করার পরিকল্পনা রয়েছে সরকারের। নতুন দুটি পল্লী উন্নয়ন একাডেমি BARD এবং RDA'র আদলেই পরিচালিত হবে। এদের একটা বোর্ড থাকবে। ২১ সদস্যবিশিষ্ট বোর্ডের চেয়ারম্যান থাকবেন পদাধিকার বলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মন্ত্রী/প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী।

মেঘনায় জুপ্ল্যাংকটনে প্লাস্টিক কণা

নোয়াখালী উপকূলে ভাসমান ক্ষুদ্র প্রাণী বা জুপ্ল্যাংকটনে প্লাস্টিক কণার (মাইক্রোপ্লাস্টিক) উপস্থিতি পাওয়া গেছে। জুপ্ল্যাংকটন বিভিন্ন রকম মাইক্রোপ্লাস্টিককে খাদ্যকণা ভেবে গ্রহণ করে, যা পরবর্তী সময়ে খাদ্যচক্রের মাধ্যমে মানবদেহে ঢুকে ক্ষতিকর প্রভাব বিস্তার করে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) একদল গবেষক বিরূপ পরিবেশে প্ল্যাংকটনের অভিযোজনক্ষমতার রহস্য নিয়ে গবেষণা করতে গিয়ে এ তথ্য পান। গবেষকদলটি ২০১৭ সাল থেকে বিশ্ববিদ্যালয়ের সমুদ্রবিজ্ঞান বিভাগের গবেষণাগারে মিঠা ও নোনা পানির প্ল্যাংকটনের নমুনা হিসেবে সংগ্রহ গবেষণাকার্য চালাচ্ছে। গবেষকদলের নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান নাজমুস সাকিব খান।

ডিজিটাল বাণিজ্য কর্তৃপক্ষ

দেশে ব্যবসা-বাণিজ্য সহজ ও সুষ্ঠুভাবে পরিচালনা এবং অনিয়ম-বিশৃঙ্খলা প্রতিরোধে ডিজিটাল বাণিজ্য কর্তৃপক্ষ গঠন করা হবে। ৭ এপ্রিল ২০২২ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের তৃতীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে তিনি বাণিজ্য মন্ত্রণালয়কে 'ডিজিটাল বাণিজ্য কর্তৃপক্ষ' গঠনের নির্দেশ দেন। বৈঠকে জাতীয় রাজস্ব বোর্ড (NBR) এবং পাবলিক সার্ভিস কমিশনের সেবাগুলো অনলাইনের আওতায় আনার নির্দেশনা দেওয়া হয়। দেশে দ্রুত ই-কমার্স ব্যবসার সম্প্রসারণ হচ্ছে। ২০২৩ সালে এ বাণিজ্য ৩,০০০ কোটি টাকা ছাড়াবে। ডিজিটাল বাণিজ্য কর্তৃপক্ষ গঠনের পর ই-কমার্স সেলকেও এটির অন্তর্ভুক্ত করা হবে। আগামীতে ই-কমার্স বাণিজ্য করতে হলে এ কর্তৃপক্ষ থেকে লাইসেন্স নিতে হবে। পৃথক একটি আইনের মাধ্যমে ডিজিটাল বাণিজ্য কর্তৃপক্ষ পরিচালনা করা হবে। থাকবে এ কর্তৃপক্ষের নিজস্ব আইনে পরিচালিত আদালত ব্যবস্থা।

বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমাণ রেল জাদুঘর

২৭ এপ্রিল ২০২২ প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমাণ রেল জাদুঘর' উদ্বোধন করেন। জাদুঘরটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন সংগ্রাম, স্বাধীনতা যুদ্ধ আর ইতিহাসের সমন্বয়ে নির্মিত হয়। সাধারণ দর্শনার্থীরা টাচ স্ক্রিনে আঙ্গুল স্পর্শ করতেই ভেসে আসবে বঙ্গবন্ধুর ছবি, ভাষণ, তার জীবনের নানা দিক-নির্দেশনা। একটি মিটারগেজ ও একটি ব্রডগেজ রেল কোচের ভেতরে প্রস্তুত করা হয় দেশের প্রথম ভ্রাম্যমাণ জাদুঘর। শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষের দেওয়ালজুড়ে রয়েছে ১২টি LED মনিটর, যার প্রতিটিতে ভিডিও ও স্থিরচিত্রের মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনালেখ্য তুলে ধরা হয়েছে।

৫১তম সরকারি বিশ্ববিদ্যালয়

দেশের ৫১তম সরকারি বিশ্ববিদ্যালয় কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়। ২৬ এপ্রিল ২০২২ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফসল উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড.এ.কে.এম. জাকির হোসেন বিশ্ববিদ্যালয়টির প্রথম উপাচার্য হিসেবে নিয়োগ পান। ১৫ সেপ্টেম্বর ২০২১ জাতীয় সংসদে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় বিল, ২০২১ পাস হয়। কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় দেশের সপ্তম সরকারি কৃষি বিশ্ববিদ্যালয়।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

মার্কিন কংগ্রেসে প্রস্তাব উত্থাপন

৩ মে ২০২২ নিউইয়র্কের ডেমোক্র্যাটিক কংগ্রেসম্যান ব্রায়ান হিগিন্স বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৫০তম বার্ষিকী উপলক্ষে মার্কিন কংগ্রেসে দ্বিদলীয় একটি প্রস্তাব উপস্থাপন করেন। আমেরিকান সামোয়ার রিপাবলিকান কংগ্রেসওম্যান আমাটা কোলম্যান রাদেওয়াগেন প্রস্তাবটি কো-স্পন্সর করেন। পরে প্রস্তাবটি পররাষ্ট্রবিষয়ক হাউস কমিটির কাছে পাঠানো হয়। প্রস্তাবে বলা হয়, মার্কিন যুক্তরাষ্ট্র এবং বাংলাদেশ একটি অবাধ, উন্মুক্ত, অন্তর্ভুক্তিমূলক, শান্তিপূর্ণ ও নিরাপদ ইন্দো-প্যাসিফিক অঞ্চলকে এগিয়ে নিতে বহুমুখী সম্পর্ক বজায় রাখছে। এ দুই দেশ অর্থনীতি, নিরাপত্তা, শাসন এবং উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে সহযোগিতামূলক সম্পর্ক বজায় রাখছে। প্রস্তাবে ৪ এপ্রিল ১৯৭২ মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি এবং ৯ এপ্রিল ১৯৭২ প্রেসিডেন্ট নিক্সনের কাছে তৎকালীন প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক এ ব্যাপারে প্রেরিত চিঠির কথা উল্লেখ করা হয়। এছাড়াও এতে বাংলাদেশের স্বাধীনতার সমর্থনে ১৯৭১ সালে সিনেটর এডওয়ার্ড কেনেডির ভূমিকা এবং ২০০০ সালে প্রথম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে বিল ক্লিনটনের বাংলাদেশ সফরের কথা উল্লেখ করা হয়।

পদ্মা নদীতে বিদ্যুৎ সঞ্চালন লাইন

দেশের দক্ষিণাঞ্চলকে ৪০০ কেভি ট্রান্সমিশন বা সঞ্চালন লাইনের মাধ্যমে জাতীয় গ্রিডে যুক্ত করতে পদ্মা নদীর বুকে সাতটি টাওয়ার নির্মাণ করা হচ্ছে। পদ্মা বহুমুখী সেতুর দুই কিলোমিটার ভাটিতে হচ্ছে এ বিদ্যুৎ সঞ্চালন লাইন। ৪০০ কেভি ট্রান্সমিশন লাইনটি চালু হলে সরাসরি জাতীয় গ্রিডে যুক্ত হয়ে বিদ্যুতের চিত্র পাল্টে যাবে। পদ্মা সেতুর আদলে জার্মান হ্যামারের স্থাপন করা ৩৬টি পাইলের ওপরেই নদীতে নির্মাণ করা হচ্ছে সাতটি প্ল্যাটফর্ম। প্ল্যাটফর্মের ওপরে বসছে বৈদ্যুতিক টাওয়ার। টাওয়ারগুলোর উচ্চতা ১২৬ মিটার। আর নদীর তলদেশে পাইল করা হয়েছে অন্তত ১১০ মিটার গভীর পর্যন্ত। একেকটি টাওয়ারের ব্যবধান ৮৩০ মিটার।

দেশে টাইডাল মাডফ্ল্যাট

বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের টাইডাল মাডফ্ল্যাট (জেগে ওঠা ভূখণ্ড, যা জোয়ারে তলিয়ে যায়) ভূমির পরিমাণ ৯০০ বর্গ কি.মি. বেশি হয়েছে। বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো) ২০১৭-১৮ সালের ল্যান্ডস্যাট-৮ ও সেন্টিনেল-২ স্যাটেলাইটের ছবি ব্যবহার করে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের মাডফ্ল্যাটের মানচিত্র তৈরি করে। টাইডাল মাডফ্ল্যাট মানচিত্রটি উপকূলীয় এলাকায় পরিবেশের ভারসাম্য রক্ষা, ম্যানগ্রোভ বনায়ন ও সমুদ্র থেকে ভূমি পুনরুদ্ধারের পরিকল্পনা এবং ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়নে ভূমিকা রাখবে।

মাটির নিচে প্রাচীন নিদর্শন

খুলনার পাইকগাছা উপজেলার কপিলমুনি ইউনিয়নের রেজাকপুরে মাটি খুঁড়তেই মিলছে মূর্তি, টেরাকোটা, মাটির তৈরির আংটা, কড়ি ইত্যাদি। এসব নিদর্শন ১,০০০-১,২০০ বছর আগের বলে ধারণা করা হয়। ১২ মার্চ ২০২২ থেকে শুরু করে এপ্রিলের শেষ সপ্তাহ পর্যন্ত চলে এই খননকাজ। এই অঞ্চলে বহুদিন আগে থেকেই মানুষের বসতি ছিল বলে ধারণা করা হয়। মহাকাব্য রামায়ণে কপিলেশ্বর মুনি ও বিশাল জলাভূমির বনের উল্লেখ রয়েছে। বিশিষ্ট ঐতিহাসিক সতীশচন্দ্র মিত্র তার 'যশোহর-খুলনার ইতিহাস' গ্রন্থে কপিলমুনিতে বিভিন্ন প্রত্নতাত্ত্বিক নিদর্শন ও স্থানের উল্লেখ করেন। এই এলাকায় একাধিক ঢিবি থাকার কথাও বলেন। পুকুর খননের সময় এই অঞ্চলে বুদ্ধ প্রতিমা পাওয়া গিয়েছিল। কপিলমুনি বাজারের মন্দিরে থাকা বিষ্ণুমূর্তিটিও ১,২০০-১,৪০০ বছর আগের বলে ধারণা করা হয়। খননের সঙ্গে যুক্ত প্রত্নতাত্ত্বিক দলটি রেজাকপুরের নিদর্শনটিকে 'কপিলমুনি ঢিবি' নামে অভিহিত করেছেন।

ভৌগোলিক নির্দেশক পণ্য এখন ১০টি

২৪ এপ্রিল ২০২২ শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (DPDT) মৎস্য অধিদপ্তরকে বাংলাদেশের বাগদা চিংড়ির GI সনদপত্র প্রদান করে। উল্লেখ্য, বাগদা চিংড়িকে ২৯ ও ৩১ শ্রেণিতে GI ১১ নম্বরে নিবন্ধিত করা হয়। এ নিয়ে বাংলাদেশের সনদপ্রাপ্ত GI পণ্যের সংখ্যা এখন ১০টি।

GI নং	নাম	নিবন্ধিত	সনদ প্রদান	আবেদনকারী ও সনদপ্রাপ্ত প্রতিষ্ঠান
১	জামদানি শাড়ী	১ সেপ্টেম্বর ২০১৫	১৭ নভেম্বর ২০১৬	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (BSCIC)
২	বাংলাদেশ ইলিশ	১৩ নভেম্বর ২০১৬	১৭ আগস্ট ২০১৭	মৎস্য অধিদপ্তর (DoF)
৩	চাঁপাইনবাবগঞ্জের বিরসাপাত আম	২ ফেব্রুয়ারি ২০১৭	২৭ জানুয়ারি ২০১৯	বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI)
৪	বিজয়পুরের সাদা মাটি	৬ ফেব্রুয়ারি ২০১৭	১৭ জুন ২০২১	জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোনা
৫	দিনাজপুর কাটারীভোগ	৬ ফেব্রুয়ারি ২০১৭	১৭ জুন ২০২১	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI)
৬	বাংলাদেশ কালিজিরা	৭ ফেব্রুয়ারি ২০১৭	১৭ জুন ২০২১	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI)
৭	রংপুরের শতরঞ্জি	১১ জুলাই ২০১৯	১৭ জুন ২০২১	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (BSCIC)
৮	রাজশাহী সিল্ক	২৪ সেপ্টেম্বর ২০১৭	১৭ জুন ২০২১	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (BSDB)
৯	ঢাকাই মসলিন	২ জানুয়ারি ২০১৮	১৭ জুন ২০২১	বাংলাদেশ তাঁত বোর্ড (BHB)
১০	রাজশাহীর ফজলি আম	৯ মার্চ ২০১৭*	—	ফল গবেষণা কেন্দ্র
১১	বাংলাদেশের বাগদা চিংড়ি	৪ জুলাই ২০১৯	২৪ এপ্রিল ২০২২	মৎস্য অধিদপ্তর (DoF)

*এ তারিখে আবেদন করে কিন্তু এখন পর্যন্ত সনদ প্রদান করা হয়নি।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

মাদাম তুসোর আদলে রাজশাহীতে জাদুঘর

লন্ডনে অবস্থিত বিশ্বব্যাপী জনপ্রিয় ও বিখ্যাত ব্যক্তিদের নিয়ে গড়ে তোলা মাদাম তুসো মিউজিয়ামের আদলে রাজশাহীতে গড়ে তোলা হয়েছে *সেলিব্রেটি গ্যালারি*। ভাস্কর মৃণাল হকের তৈরি অন্তত ৪০ জন দেশ-বিদেশের কিংবদন্তি ব্যক্তিদের ভাস্কর্য নিয়ে নির্মিত হয়েছে এটি। এ সেলিব্রিটি গ্যালারিতে রয়েছে— প্রধানমন্ত্রী শেখ হাসিনা, জাতীয় চার নেতা, ভারতের প্রধানমন্ত্রী, রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, মহাত্মা গান্ধী, মাদার তেরেসা, বিপ্লবী চে গুয়েভারা, ডোনাল্ড ট্রাম্প, প্রিন্সেস ডায়ানা, মাইকেল জ্যাকসন, পপ তারকা শাকিরা, বিখ্যাত কমেডি সিরিজ থ্রি স্টুজেস-এর তিন মূল চরিত্র, বব মার্লে, এ্যাভাটারসহ অনেকেরই ভাস্কর্য।

মোড়কের রঙে চেনা যাবে অ্যান্টিবায়োটিক

১৮ মে ২০২২ বাংলাদেশে অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স এবং এর ব্যবহারবিষয়ক তথ্য প্রকাশ অনুষ্ঠানে এ বিষয় তুলে ধরে ঔষধ প্রশাসন অধিদপ্তর। মোড়কে লেখা থাকবে চিকিৎসকের পরামর্শ ছাড়া ব্যবহার করবেন না। ওষুধ কোম্পানিগুলোকে এ নির্দেশনা কার্যকর করতে বলেছে অধিদপ্তর। এছাড়া ওষুধ আইনে প্রেসক্রিপশন ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রি শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত করা হয়েছে। যার জন্য বিধান রাখা হচ্ছে সর্বোচ্চ ২০ হাজার টাকা জরিমানারও।

অপ্রয়োজনীয় ও যথেচ্ছ ব্যবহারের ফলে জীবন রক্ষাকারী অ্যান্টিবায়োটিক ওষুধ অকার্যকর হয়ে পড়ছে। গবেষণায় দেখা গেছে, ৬৭ শতাংশেরও বেশি খুচরা ওষুধ বিক্রেতা অ্যান্টিবায়োটিক ওষুধ সম্পর্কে প্রয়োজনীয় ধারণা রাখেন না। এমনকি তারা সহজে এ ওষুধ শনাক্তও করতে পারেন না। তাই অ্যান্টিবায়োটিকের অযৌক্তিক ব্যবহার রোধ এবং এ ওষুধ যাতে সহজে চেনা যায় সে জন্য এর মোড়কে পরিবর্তন আনতে যাচ্ছে সরকার। এ ওষুধের মোড়কের বড় অংশজুড়ে লাল রঙে বাংলা ও ইংরেজিতে লেখা থাকবে অ্যান্টিবায়োটিক।

শোল মাছের কৃত্রিম প্রজনন

দেশীয় প্রজাতির মাছের প্রজনন ও চাষাবাদের কৌশল উদ্ভাবনে একের পর এক সাফল্য অর্জনের পর ২০২২ সালের এপ্রিলে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের (BFRI) বিজ্ঞানীরা এবার হ্যাচারিতে প্রথমবারের মতো শোলমাছের কৃত্রিম প্রজননের মাধ্যমে পোনা উৎপাদনে সাফল্য অর্জন করেন। বাংলাদেশে মিঠা পানির দেশীয় প্রজাতির মাছের মধ্যে অন্যতম জনপ্রিয় মাছ শোল। এর বৈজ্ঞানিক নাম Channa striata। বাংলাদেশ ছাড়াও চীন, শ্রীলংকা, ভারত, পাকিস্তান, নেপালসহ দক্ষিণ-পূর্ব এশিয়ায় এ মাছ পাওয়া যায়। প্রতি ১০০ গ্রাম মাছে রয়েছে প্রোটিন ১৬.২ গ্রাম, আয়রন ০.৫৪ মিলিগ্রাম, ক্যালসিয়াম ৯৫ মিলিগ্রাম, ফসফরাস ০.১৯ মিলিগ্রাম, জিংক ১,০৮০ মাইক্রোগ্রাম। একটি শোল মাছের দৈর্ঘ্য সর্বোচ্চ ১ মিটার এবং ওজনে ৫ কেজি পর্যন্ত হয়ে থাকে। শোল মাছ মাংসাশী শ্রেণির। এরা জুপ্লাংকটন, পোকামাকড়, ছোট মাছ, ব্যাঙ, মশার শূককীট এবং জলজ কীটপতঙ্গ শিকার করে খাদ্য হিসেবে গ্রহণ করে থাকে।

ঋণ পরিশোধে শ্রীলংকাকে এক বছর সময়

৮ মে ২০২২ বোর্ড সভায় বাংলাদেশ থেকে নেওয়া ঋণ পরিশোধে শ্রীলংকার জন্য আরও এক বছর বৃদ্ধি করেছে বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে শ্রীলংকাকে ২০ কোটি ডলার (বাংলাদেশি মুদ্রায় ১,৭২৪ কোটি টাকা) ঋণ দেয়। বাংলাদেশ ব্যাংক ও সেন্ট্রাল ব্যাংক অব শ্রীলংকার মধ্যে দ্বিপক্ষীয় কারেন্সি সোয়াপ চুক্তির আওতায় দেশটির অনুকূলে তিন দফায় ২০ কোটি ডলার দেওয়া হয়। তিন মাস মেয়াদি কারেন্সি সোয়াপ হলেও চুক্তিতে এক বছর পর্যন্ত সময় বাড়ানোর সুযোগ রয়েছে। ফলে তিন মাস পর পর এক বছর পর্যন্ত এ ঋণের মেয়াদ এমনিতেই বাড়বে। এ ক্ষেত্রে লন্ডন আন্তঃব্যাংক অফার রেট বা লাইবরের সঙ্গে ১.৫০% সুদ পাবে বাংলাদেশ। বাংলাদেশ ব্যাংক প্রথম দফায় ১৯ আগস্ট ২০২১ পাঁচ কোটি, ৩০ অক্টোবর ২০২১ দ্বিতীয় দফায় ১০ কোটি ও তৃতীয় দফায় নভেম্বর ২০২১ বাকি পাঁচ কোটি ডলার ছাড় করে। অর্থাৎ বিদ্যমান চুক্তির আওতায় ২০২২ সালের আগস্ট, অক্টোবর ও নভেম্বরের মধ্যে সুদসহ অর্থ ফেরত দেওয়ার কথা থাকলেও নতুন সিদ্ধান্ত অনুযায়ী, আগের সময়ের সঙ্গে আরো এক বছর যুক্ত হবে।

গোল্ডেন জুবিলি বাংলাদেশ কনসার্ট

মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের পক্ষে জনমত গড়তে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে আয়োজন করা হয় *'কনসার্ট ফর বাংলাদেশ'*। সেই একই আদলে স্বাধীনতার ৫০তম বর্ষপূর্তি উদযাপনে 'লেট দ্য মিউজিক স্পিক' প্রতিপাদ্যে ৬ মে ২০২২ নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয় 'গোল্ডেন জুবিলি বাংলাদেশ কনসার্ট'। সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় এ কনসার্ট অনুষ্ঠিত হয়। কনসার্ট থেকে অর্জিত অর্থ সাইবার নিরাপত্তায় UNDP'র তহবিলে দেওয়া হয়। এতে সঙ্গীত পরিবেশন করে বিশ্ববিখ্যাত জার্মান ব্যান্ড দল 'স্করপিয়নস' এবং বাংলাদেশের 'চিরকুট'।

১ আগস্ট ১৯৭১ নিউ ইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে বাংলাদেশের মহান স্বাধীনতা সংগ্রামের প্রতি বিশ্ববাসীর সমর্থন অর্জন ও পাকিস্তানি হানাদার বাহিনীর নির্বিচার গণহত্যার চিত্র বিশ্ববাসীর সামনে তুলে ধরতে অনুষ্ঠিত হয় 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ'। পশ্চিমবঙ্গের বিখ্যাত সেতারশিল্পী পণ্ডিত রবিশঙ্কর এবং তার বন্ধু জর্জ হ্যারিসনের উদ্যোগে আয়োজিত কনসার্টে উপস্থিত ছিলেন ৪০ হাজার দর্শক-শ্রোতা। সেই কনসার্ট হতে প্রাপ্ত অর্থ ইউনিসেফের মাধ্যমে বাংলাদেশের শরণার্থীদের কল্যাণে ব্যয় করা হয়।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

সাহস আর সাফল্যের অন্য নাম পদ্মা সেতু

প্রমত্ত পদ্মার ওপর নির্মিত হবে একটি সেতু, এতে ঢাকার সঙ্গে দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমের যোগাযোগে উন্মোচিত হবে নতুন সম্ভাবনা— এ স্বপ্ন বহুদিনের। যা এখন বাস্তবে পরিণত। ২৫ জুন ২০২২ দেশের দীর্ঘতম সেতুটি চলাচলের জন্য উন্মুক্ত করা হবে।

কালপঞ্জিতে পদ্মা সেতু

১৯৯৯ ➤ নিজস্ব অর্থায়নে সরকার পদ্মা সেতু তৈরির প্রাক-সম্ভাব্যতা যাচাই করে।

২০০১ ➤ ৪ জুলাই : তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক মাওয়া ঘাটে পদ্মা সেতু নির্মাণের আনুষ্ঠানিক ভিত্তিপ্রস্তর স্থাপন • ৪ ডিসেম্বর : বিস্তারিত সমীক্ষা পরিচালনার জন্য সরকারের সাথে JICA'র চুক্তি স্বাক্ষর।

২০০৩ ➤ পদ্মা সেতু নির্মাণের লক্ষ্যে বিস্তারিত সমীক্ষার কাজ শুরু।

২০০৭ ➤ আগস্ট : একনেকে ১০,১৬১ কোটি টাকা ব্যয়ে পদ্মা সেতু প্রকল্পের অনুমোদন।

২০০৯ ➤ ২ ফেব্রুয়ারি : পদ্মা সেতুর নকশা প্রণয়নের কাজ শুরু করে AECOM।

২০১১ ➤ ২৮ এপ্রিল : বিশ্বব্যাংকের সাথে বাংলাদেশ সরকারের ১২০ কোটি মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষর।

২০১২ ➤ ২৯ জুন : শর্ত না মানায় ঋণচুক্তি বাতিলের ঘোষণা দেয় বিশ্বব্যাংক • ৪ জুলাই : প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংসদে বলেন, পদ্মা সেতু নিজস্ব অর্থায়নে হবে • ৯ জুলাই : মন্ত্রিসভার বৈঠকে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের সিদ্ধান্ত।

২০১৩ ➤ ৩১ জানুয়ারি : বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে বিশ্বব্যাংককে চিঠি দিয়ে পদ্মা সেতুতে অর্থায়নের অনুরোধ ফিরিয়ে নেয়।

২০১৪ ➤ ২ জুন : প্রধানমন্ত্রী শেখ হাসিনার দরপ্রস্তাব অনুমোদনের মধ্য দিয়ে ১২,১৩৩ কোটি ৪০ লাখ টাকায় পদ্মা সেতুর মূল কাঠামো নির্মাণের সিদ্ধান্ত গৃহীত • ১৭ জুন : বাংলাদেশের সাথে চূড়ান্ত চুক্তি স্বাক্ষর করে চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড • ৭ ডিসেম্বর : পদ্মা সেতুর নির্মাণ প্রকল্প শুরু।

২০১৫ ➤ ১ মার্চ : সেতুর পাইলিং কাজ শুরু করে চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড • ১২ ডিসেম্বর : মূল সেতুর নির্মাণকাজের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

২০১৭ ➤ ৩০ সেপ্টেম্বর : পদ্মা সেতুর জাজিরা প্রান্তে ৩৭ ও ৩৮ নম্বর খুঁটির ওপর প্রথম স্প্যান বসানো হয়।

২০১৮ ➤ ২৫ সেপ্টেম্বর : জাজিরা প্রান্তের ৩৭ ও ৩৮ নম্বর খুঁটির মাঝের স্প্যানে রেলওয়ে স্ল্যাব বসানো শুরু।

২০১৯ ➤ ১৯ মার্চ : সড়ক স্ল্যাব স্থাপন শুরু।

২০২০ ➤ ১০ ডিসেম্বর : মাওয়া প্রান্তের ১২ ও ১৩ নম্বর খুঁটির ওপর ৪১তম স্প্যানটি বসানোর মধ্য দিয়ে বাস্তবে রূপ নেয় পদ্মা সেতুর পুরো অবকাঠামো।

২০২১ ➤ ১০ আগস্ট : 'পদ্মা সেতু উত্তর' থানার গেজেট প্রকাশ • ২৩ আগস্ট : পদ্মা সেতুর ওপর সর্বশেষ রোড স্ল্যাব বসানো হয় • ২৪ আগস্ট : 'পদ্মা সেতু দক্ষিণ' থানার গেজেট প্রকাশ • ১০ নভেম্বর : পদ্মা সেতুর ৪০ নম্বর খুঁটির কাছে কার্পেটিং বা পিচ ঢালাইয়ের কাজ শুরু • ২৫ নভেম্বর : ল্যাম্প পোস্ট স্থাপন শুরু।

২০২২ ➤ ২৯ মার্চ : সেতুর নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে শরীয়তপুরের জাজিরায় শেখ রাসেল সেনানিবাস উদ্বোধন • ১৮ এপ্রিল : পদ্মা সেতুর ৩৬তম স্প্যানে শেষ ল্যাম্পপোস্ট বসানো হয় • ২৯ এপ্রিল : মূল সেতুর কার্পেটিংয়ের কাজ সম্পন্ন।

পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প

১৪ অক্টোবর ২০১৬ চীনের প্রেসিডেন্ট সি চিন পিংয়ের বাংলাদেশ সফরেই পদ্মা সেতুতে রেল সংযোগ প্রকল্পে অর্থায়নে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এরপর ২৭ এপ্রিল ২০১৮ চীনের রাজধানী বেইজিংয়ে চীনা এক্সিম ব্যাংকের সঙ্গে 'পদ্মা সেতু রেল সংযোগ' প্রকল্পের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। ২২ মে ২০১৮ প্রকল্পটি একনেকে অনুমোদিত হয়। ১৪ অক্টোবর ২০১৮ 'পদ্মা সেতু রেল সংযোগ' প্রকল্পের উদ্বোধন করা হয়। এই রেলপথের মোট দৈর্ঘ্য ১৭২ কিলোমিটার। এর মধ্যে ২৩ কিলোমিটার হবে পুরোপুরি এলিভেটেড (উড়াল)। 'পদ্মা সেতু রেল সংযোগ' প্রকল্পের আওতায় মোট ২০টি রেলস্টেশন নির্মিত হবে। এর মধ্যে পুনর্নির্মিত হবে ৬টি ও নতুন হবে ১৪টি। পদ্মা সেতু রেল সংযোগ পদ্মা, বুড়িগঙ্গা, ধলেশ্বরী, আড়িয়াল খাঁ, মধুমতি, নবগঙ্গা, ভৈরব ও চিত্রা নদী পেরিয়ে যাবে।

প্রকল্প এলাকা

মতিঝিল, সূত্রাপুর; ডেমরা, কেরানীগঞ্জ (ঢাকা); ফতুল্লা (নারায়ণগঞ্জ); সিরাজদিখান, শ্রীনগর, লৌহজং (মুন্সীগঞ্জ); জাজিরা (শরীয়তপুর); শিবচর (মাদারীপুর); ভাঙ্গা, নগরকান্দা (ফরিদপুর); মুকসুদপুর, কাশিয়ানী (গোপালগঞ্জ); লোহাগড়া, নড়াইল সদর (নড়াইল); বাঘারপারা, যশোর সদর (যশোর)।

যুক্ত করবে ২১ জেলা

পদ্মা সেতু রাজধানী ঢাকার সাথে দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১টি জেলাকে যুক্ত করবে। এগুলো হলো— খুলনা বিভাগের ১০টি জেলা— খুলনা, বাগেরহাট, যশোর, সাতক্ষীরা, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ ও মাগুরা; বরিশাল বিভাগের ৬টি জেলা— বরিশাল, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী, বরগুনা ও ঝালকাঠি; ঢাকা বিভাগের ৫টি জেলা— ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

পদ্মা সেতু

সুবিধাসমূহ

পদ্মা সেতু চালু হলে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১টি জেলা রাজধানী ঢাকাসহ অন্যান্য অঞ্চলের সাথে যুক্ত হবে। একই সাথে শিল্পায়নসহ মোংলা ও পায়রা বন্দরের কার্যক্রমে গতি বাড়বে। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষ গ্যাস, বিদ্যুৎ ও অপটিক্যাল ফাইবার লাইন পরিবহন সুবিধা পাবে। যাতায়াতের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, আয় বৃদ্ধিসহ অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। পদ্মা সেতু এশিয়ান হাইওয়ে এ এইচ-১ এবং ট্রান্স এশিয়ান রেলওয়ের সাথে সংযুক্ত হওয়ায় এ সেতু চালু হলে বাংলাদেশের অভ্যন্তরীণ যাতায়াত ব্যবস্থাসহ দক্ষিণ এশীয় অঞ্চলের দেশগুলোর মধ্যে যাতায়াত ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তনের সুযোগ সৃষ্টি হবে।

প্রতিবছরে সার্বিক প্রভাব

- দেশের GDP'র হার বাড়বে ১.২৩%।
- দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমের GDP বাড়বে ২.৩%।
- দারিদ্র্য বিমোচনের হার বাড়বে ০.৮৪%।

ব্যয়

২০ আগস্ট ২০০৭ অনুষ্ঠিত একনেকের বৈঠকে ১০,১৬১ কোটি ৭৫ লাখ ১০ হাজার টাকা ব্যয় ধরে পদ্মা সেতু নির্মাণ প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছিল। ১১ জানুয়ারি ২০১১ পদ্মা সেতুর নির্মাণ ব্যয় সংশোধন করে ধরা হয় ২০,৫০৭ কোটি ২০,১৬,০০০ টাকা। ২০১৬ সালে বৃদ্ধি পেয়ে হয় ২৮,৭৯৩ কোটি ৩৮ লাখ টাকা। ২০১৮ সালে সেতুর মোট ব্যয় দাঁড়ায় ৩০,১৯৩ কোটি ৩৯ লাখ টাকা।

রেকর্ডময় পদ্মা সেতু

- বিশ্বের গভীরতম পাইলের সেতু পদ্মা সেতু। পদ্মা সেতুর খুঁটির নিচে সর্বোচ্চ ১২২ মিটার গভীরে স্টিলের পাইল বসানো হয়। এসব পাইল তিন মিটার ব্যাসার্ধের। বিশ্বে এখন পর্যন্ত কোনো সেতুর জন্য এত গভীরে পাইলিং প্রয়োজন হয়নি এবং এমন মোটা পাইলও বসানো হয়নি।
- পদ্মা সেতুতে 'ফ্রিকশন পেন্ডুলাম বিয়ারিংয়ের' সক্ষমতা হলো ১০,০০০ টন। এখন পর্যন্ত কোনো সেতুতে এমন সক্ষমতার বিয়ারিং লাগানো হয়নি।



- নদীশাসনে চীনের ঠিকাদার সিনোহাইড্রো কর্পোরেশনের সাথে ১১০ কোটি মার্কিন ডলারের চুক্তি হয়। এর আগে নদীশাসনে এককভাবে এত বড় দরপত্র আর হয়নি।
- কোনো নির্মাণ কাজে বিশ্বে প্রথমবারের মতো ব্যবহার করা হয় ভার্টিক্যাল আরসিসি বোর্ড পাইলে গ্রাউটিং ইনজেক্ট স্কিন ফিকশন, যা সেতুর দৃঢ়তা বৃদ্ধি করে এবং নদীর তলদেশে বহিঃভাবে শক্তি বৃদ্ধি করে। অপরটি স্টিল টিউবুলার ড্রিভেন পাইলে গ্রাউটিং ইনজেক্ট করে পাইলের তলদেশের স্কিন ফিকশন সক্ষমতা বৃদ্ধি করে।
- পদ্মা সেতু বিশ্বের দীর্ঘতম ট্রাস সেতু। এতদিন ট্রাস-প্রযুক্তিতে নির্মিত দীর্ঘতম সেতু ছিল ভারতের অন্ধ্র প্রদেশের গোদাবরী সেতু। এ সেতুর স্প্যান সংখ্যা ২৭। ট্রাস সেতু মূলত ভার বহন করবে বেশি, কিন্তু নির্মাণ উপকরণের ব্যবহার হবে কম। নির্মাণে নেই খুব একটা জটিলতা, নকশাও হবে দৃষ্টিনন্দন। এসব কারণে বিশ্বজুড়েই জনপ্রিয় ট্রাস সেতু।

হারিয়ে যাচ্ছে মাওয়া নৌরুট

সড়কপথে দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সঙ্গে ঢাকার যোগাযোগের অন্যতম মাধ্যম মাওয়া-কাওড়াকান্দি নৌরুটটি ১৯৮৬ সালে চালু হয়। সফল ফেরিঘাট হিসেবেও স্থান পায় মাওয়া। তাই মাওয়াকে নদী বন্দর ঘোষণা করা হয়। প্রথমে কাওড়াকান্দির নাম ছিল চরজানাজাত ফেরিঘাট। পরবর্তীতে কাওড়াকান্দি নামকরণ হয়। পদ্মা সেতুর নির্মাণকাজ শুরুর পর ২৭ নভেম্বর ২০১৪ মুন্সীগঞ্জের লৌহজংয়ের মাওয়া থেকে সড়ক পথের আড়াই কিলোমিটার দূরে শিমুলিয়ায় নৌঘাট স্থাপন করা হয়। একসময় অপরপ্রান্তের ঘাট স্থাপন করা হয় মাদারীপুরের কাঁঠালবাড়ি। বর্তমানে নৌরুটটি শিমুলিয়া-কাঁঠালবাড়ি নামেই পরিচিত। পদ্মাসেতু চালু হলে হারিয়ে যাবে এ নৌরুট।

Fact Box

সেতুর নাম : পদ্মা বহুমুখী সেতু | ধরন : দ্বিতল (ওপরে সড়ক এবং নিচে রেলপথ) | প্রত্যক্ষভাবে জড়িত জেলা : ৩টি— মাওয়া, মুন্সীগঞ্জ; শিবচর, মাদারীপুর ও জাজিরা, শরীয়তপুর | সংযোগস্থল : মাওয়া, মুন্সীগঞ্জ ও জাজিরা, শরীয়তপুর | ভিত্তিপ্রস্তর স্থাপন : ৪ জুলাই ২০০১ | নির্মাণকাজ উদ্বোধন : ১২ ডিসেম্বর ২০১৫ | দৈর্ঘ্য : ৬.১৫ কিমি (২০,১৭৭.১৭ ফুট) | প্রস্থ : ১৮.১০ মি (৫৯.৩৮ ফুট) | সংযোগ সেতু (ভায়াডাক্ট) : ৩.১৪৮ কিমি | সংযোগ সড়কসহ সেতুর মোট দৈর্ঘ্য : ৯.৩০ কিমি | অ্যাপ্রোচ রোড : ১২.১১৭ কিমি | নদী শাসন : ১৪ কিমি | নদীর পানি থেকে পদ্মা সেতুর উচ্চতা : ১৮ মিটার (প্রায়) | লেন : ৪টি | সেতুর আয়ুষ্কাল : ১০০ বছর | ভূমিকম্পের সহনীয় মাত্রা : রিখটার স্কেলে ৯ | স্প্যান : ৪১টি | পিলার বা পিয়ার : ৪২টি | পাইল : ২৯৪টি | নির্মাণের উপাদান : কংক্রিট ও স্টিল | প্রথম স্প্যান বসানো হয় : ৩০ সেপ্টেম্বর ২০১৭ (৩৭ ও ৩৮ নম্বর পিলারে) | ৪১তম বা শেষ স্প্যান বসানো হয় : ১০ ডিসেম্বর ২০২০ (১২ ও ১৩ নম্বর পিলারে) | রোডওয়ে স্ল্যাব বসানো হয় : ২,৯১৭টি | ল্যাম্পপোস্ট : ৪১৫টি | নির্মাণকারী : চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড, চীন | নদী শাসক : সিনোহাইড্রো কর্পোরেশন, চীন | নির্মাণ পরামর্শক : কোরিয়া এক্সপ্রেসওয়ে কর্পোরেশন (KEC), দক্ষিণ কোরিয়া | টোল আদায়কারী ও সেতুর রক্ষণাবেক্ষণে : কোরিয়া এক্সপ্রেসওয়ে কর্পোরেশন ও চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড।

পদ্মা সেতুর টোল হার

যানবাহন	টোল
মোটরসাইকেল	১০০
কার/জিপ	৭৫০
পিকআপ	১,২০০
মাইক্রোবাস	১,৩০০
ছোট বাস	১,৪০০
মাঝারি বাস	২,০০০
বড় বাস	২,৪০০
ছোট ট্রাক (৫ টন পর্যন্ত)	১,৬০০
মাঝারি ট্রাক (৫-৮ টন)	২,১০০
মাঝারি ট্রাক (৮-১১ টন)	২,৮০০
ট্রাক (৩ এক্সেল পর্যন্ত)	৫,৫০০

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

পরাক্রমশালী সামরিক জোট ন্যাটো

বর্তমান বিশ্বের সবচেয়ে আলোচিত সামরিক জোট North Atlantic Treaty Organization (NATO)। এটি বর্তমান বিশ্বের সবচেয়ে বড় সামরিক জোট। সাম্প্রতিক সময়ে ইউরোপের কিছু দেশ NATO'তে যোগ দেওয়ার সিদ্ধান্ত গ্রহণের কারণে পুরো ইউরোপজুড়ে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি হয়েছে, যা বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে। এ প্রেক্ষাপটে জেনে নিন ন্যাটোর সংক্ষিপ্ত পরিচিতি।

গঠন ও উদ্দেশ্য

৪ এপ্রিল ১৯৪৯ ইউরোপের ১০টি দেশ (বেলজিয়াম, ডেনমার্ক, ফ্রান্স, আইসল্যান্ড, ইতালি, লুক্সেমবার্গ, নেদারল্যান্ডস, নরওয়ে, পর্তুগাল ও যুক্তরাজ্য) এবং উত্তর আমেরিকার ২টি দেশ (যুক্তরাষ্ট্র ও কানাডা) মিলে গঠিত হয় ন্যাটো। মূলত সোভিয়েত ইউনিয়নের আগ্রাসন ও পশ্চিম ইউরোপের দেশসমূহের স্বাধীনতার অখণ্ডতা বজায় রাখাই ছিল এ জোট গঠনের মূল উদ্দেশ্য। অন্যদিকে স্নায়ুযুদ্ধ চলাকালীন ইউরোপের আটটি সমাজতান্ত্রিক রাষ্ট্র নিয়ে ১৪ মে ১৯৫৫ গঠিত হয় আরেকটি সামরিক জোট Warshaw Treaty Organization। ১৯৯০-এর দশকের শুরুতে সোভিয়েত ইউনিয়ন ভেঙে যাওয়ার পর সোভিয়েত বলয়ভুক্ত সামরিক জোটটি ১ জুলাই ১৯৯১ ভেঙে যায়। কিন্তু এর বিপরীত ন্যাটো জোট অক্ষুণ্ণই শুধু থাকেনি, আরও সম্প্রসারিত এবং শক্তিশালী হয়েছে। পোল্যান্ডের ওয়ারশ-এ বসে বর্তমান রাশিয়ার নেতৃত্বে যে সামরিক জোট ওয়ারশ প্যাক্ট করা হয় সেই পোল্যান্ডই এখন ন্যাটোর সদস্য। রাশিয়া ন্যাটোতে অন্তর্ভুক্ত হতে চাইলে, নেওয়া হয়নি। অথচ পূর্বের সোভিয়েত বলয়ের এবং ওয়ারশ'তে ছিল এমন অনেক দেশকে ন্যাটোর সদস্য করা হয়। মূলত এখান থেকেই ন্যাটোর সাথে রাশিয়ার বিরোধিতা শুরু। ১২টি সদস্য দেশ নিয়ে যাত্রা শুরু করলেও ন্যাটোর বর্তমান সদস্য দেশ ৩০টি। ২৭ মার্চ ২০২০ উত্তর মেসিডোনিয়া NATO'র ৩০তম সদস্যপদ লাভ করে।

ন্যাটোর কার্যক্রম

ন্যাটো প্রধানত ৪টি কাজ করে থাকে, এগুলো হলো—

সিদ্ধান্ত এবং পরামর্শ : প্রতিদিনই সংস্থাটি সদস্য দেশগুলোর সকল স্তরে এবং বিভিন্ন নিরাপত্তা বিষয়ে পরামর্শ করে এবং সিদ্ধান্ত নেয়। এভাবে গৃহীত সিদ্ধান্তকে বলা হয় ন্যাটো সিদ্ধান্ত। সদর দপ্তরের কর্মীদের সঙ্গে দেশগুলোর জাতীয় প্রতিনিধিদল এবং কর্মীদের সহযোগিতায়, শত শত কর্মকর্তা, বেসামরিক ও সামরিক বিশেষজ্ঞরা প্রতিদিন তথ্য বিনিময় করেন যা, প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে সাহায্য করে।

অপারেশন এবং মিশন : বেসামরিক জরুরি অপারেশনসহ সংকট ব্যবস্থাপনা এবং মিশনে বিস্তৃত পরিসরে সক্রিয় ভূমিকা নেয় ন্যাটো। এর উদাহরণ আফগানিস্তান, কসোভো, ভূমধ্যসাগরীয় এলাকা এবং আফ্রিকান ইউনিয়নে সহযোগিতার ক্ষেত্রে।

হুমকি মোকাবিলার সক্ষমতা (শক্তি) বৃদ্ধিকরণ : সদস্যদের সম্মিলিত প্রতিরক্ষাসহ নীতি, ক্ষমতা এবং কাঠামো, বর্তমান এবং ভবিষ্যতের হুমকি মোকাবিলা নিশ্চিত করার জন্য ন্যাটো বিভিন্ন পদ্ধতি ও কৌশল উদ্ভাবন করে এবং এগুলোকে প্রয়োগ সংক্রান্ত কর্মযজ্ঞের সাথে প্রতিষ্ঠাকাল থেকেই নিয়োজিত।

অংশীদারত্ব : সদস্য নয় এমন দেশের সাথে ন্যাটোর অংশীদারত্বের সম্পর্ক রয়েছে। এর মাধ্যমে বিস্তৃত পরিসরে রাজনৈতিক ও নিরাপত্তা ইস্যুতে এটি কাজ করে। এ দেশগুলো ন্যাটোর সাথে বিভিন্ন সংলাপে অংশ নেয়, এছাড়া জোটের সদস্যদের সাথে মাঠপর্যায়েও কাজ করে। তবে কোনো সিদ্ধান্ত গ্রহণে অংশী দেশগুলোর কার্যত কোনো ভূমিকা নেই। ন্যাটো অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সাথেও বিস্তৃত পরিসরে সহযোগিতামূলক কাজ করে। বর্তমানে ১৯টি দেশের সাথে শান্তির জন্য অংশীদারত্ব (Partnership for Peace -PfP) কর্মসূচি রয়েছে ন্যাটোর। দেশগুলো— আর্মেনিয়া, অস্ট্রিয়া, আজারবাইজান, বেলারুশ, বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনা, ফিনল্যান্ড, জর্জিয়া, আয়ারল্যান্ড, কাজাখস্তান, কিরগিজস্তান, মাল্টা, মলদোভা, সার্বিয়া, সুইডেন, সুইজারল্যান্ড, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান, ইউক্রেন ও উজবেকিস্তান।

ন্যাটোর সদস্যপদ পাওয়ার প্রক্রিয়া

ন্যাটোর সদস্যপদ পাওয়ার প্রক্রিয়া পূর্বনির্ধারিত নয়, পরিস্থিতির ওপর অনেক কিছু নির্ভর করে। বর্তমানে যেকোনো ইউরোপীয় দেশের জন্য সদস্যপদ গ্রহণ উন্মুক্ত রয়েছে যদি সে দেশগুলো নিরাপত্তা ও সহযোগিতার ক্ষেত্রে ন্যাটো নীতিমালার সাথে সম্মত থাকে। তবে প্রথম ধাপ হচ্ছে একটি রাষ্ট্রকে অবশ্যই ন্যাটোতে যোগ দেওয়ার ইচ্ছা প্রকাশ করতে হবে। তারপর ন্যাটো এ বিষয়ে আলোচনা শুরু করবে। এরপর জোটের ১৯৯৫ সালের 'স্টাডি অন এনলার্জমেন্টের' নির্ধারিত মানদণ্ড পূরণ করতে হবে। এ প্রক্রিয়াটির মধ্যে রয়েছে গণতান্ত্রিক রাজনৈতিক ব্যবস্থা, বাজার অর্থনীতি, সংখ্যালঘুদের সমান সুযোগ-সুবিধা, শান্তিপূর্ণভাবে সংঘাত মোকাবিলা এবং ন্যাটোর সামরিক কার্যক্রমে অবদান রাখার সক্ষমতা ও ইচ্ছা। ন্যাটোতে যোগ দেওয়ার ক্ষেত্রে একটি দেশ প্রয়োজনীয় বিষয়গুলো পূরণ করেছে কি না তা আলোচনার শুরুতে মূল্যায়ন করা হয়। কিছু কিছু ক্ষেত্রে দেশগুলোকে প্রাথমিকভাবে মেম্বারশিপ অ্যাকশন প্ল্যানে অংশ নেওয়ার আমন্ত্রণ জানানো হয়। এটি একটি প্রস্তুতিমূলক প্রোগ্রাম যেখানে একটি রাষ্ট্রকে দিক নির্দেশনা দেওয়া হয়। যাতে সদস্যপদ পাওয়ার প্রয়োজনীয় বিষয়গুলার চাহিদা পূরণ করতে পারে। তবে ন্যাটোতে নতুন কোনো দেশ যোগদানের জন্য এর সদস্যভুক্ত সকল দেশের সমর্থন এবং তাদের পার্লামেন্টের অনুমোদনের প্রয়োজন হয়।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

ন্যাটো

সেনাবাহিনী

ন্যাটোর কোনো নিজস্ব সেনাবাহিনী নেই। জোটটি সদস্য দেশগুলো থেকে পাঠানো বাহিনীর ওপর নির্ভর করে থাকে। প্রতিটি সদস্য রাষ্ট্রের নিজস্ব সেনাবাহিনীর শক্তিমত্তাই ন্যাটোর শক্তি। জোটের স্বার্থে প্রতিটি সদস্য তাদের প্রতিরক্ষা বিভাগ থেকে শক্তিশালী দল ন্যাটোতে পাঠায়। ন্যাটো প্রতিষ্ঠার পর থেকে ন্যাটোতে সবচেয়ে বেশি ব্যয় করে আসছে যুক্তরাষ্ট্র। ন্যাটোর গাইডলাইন অনুযায়ী, প্রতিটি দেশের GDP'র ২% প্রতিরক্ষা খাতে ব্যয় করা উচিত। কিন্তু বেশিরভাগ সদস্য দেশ এ লক্ষ্য পূরণ করেনি। ন্যাটোর সাম্প্রতিক এক হিসাবে, ২০২১ সালে দশটি সদস্য রাষ্ট্র ন্যাটোর নির্দেশনা অনুযায়ী, প্রতিরক্ষা খাতের বাজেটে GDP'র ২% বরাদ্দ দেয়। দেশগুলো হলো— গ্রিস, যুক্তরাষ্ট্র, ক্রোয়েশিয়া, যুক্তরাজ্য, এস্তোনিয়া, লাটভিয়া, পোল্যান্ড, লিথুয়ানিয়া, রোমানিয়া এবং ফ্রান্স।

সামরিক অভিযান

ন্যাটো জোট গঠনের শর্ত ছিল, সদস্য দেশ আক্রান্ত হলে বাকি সদস্যরা মিলিতভাবে সেই দেশকে রক্ষা করবে। ন্যাটো পরিচালিত অভিযানসমূহ—

কসোভো ➤ Operation Allied Force (২৪ মার্চ-১০ জুন ১৯৯৯) • Kosovo Force (KFOR) (১২ জুন ১৯৯৯-বর্তমান)।

বসনিয়া এন্ড হার্জেগোভিনা ➤ Operation Maritime Monitor (১৬ জুলাই-২২ নভেম্বর ১৯৯২) • Operation Sky Monitor (১৬ অক্টোবর ১৯৯২-১২ এপ্রিল ১৯৯৩) • Operation Maritime Guard (২২ নভেম্বর ১৯৯২-১৯৯৩) • Operation Deny Flight (১৩ এপ্রিল ১৯৯৩-২০ ডিসেম্বর ১৯৯৫) • Operation Sharp Guard (১৫ জুন ১৯৯৩-২ অক্টোবর ১৯৯৬) • Operation Deliberate Force (৩০ আগস্ট-২০ সেপ্টেম্বর ১৯৯৫) • Operation Joint Endeavour (২০ ডিসেম্বর ১৯৯৫-২০ ডিসেম্বর ১৯৯৬) • Operation Joint Guard (২১ ডিসেম্বর ১৯৯৬-১৯ জুন ১৯৯৮) • Operation Joint Forge (২০ জুন ১৯৯৮-২ ডিসেম্বর ২০০৪)।

আফগানিস্তান ➤ International Security Assistance Force-ISAF (২০ ডিসেম্বর ২০০১-২৮ ডিসেম্বর ২০১৪) • Resolute Support Mission (১ জানুয়ারি ২০১৫-১২ জুলাই ২০২১)।

লিবিয়া ➤ Operation Unified Protector (২৭ মার্চ-৩১ অক্টোবর ২০১১)।

সম্প্রসারণের পথে ন্যাটো

১৫ মে ২০২২ ফিনল্যান্ড ও ১৬ মে ২০২২ সুইডেন আনুষ্ঠানিকভাবে ন্যাটোতে যোগদানের আগ্রহ প্রকাশ করে। ২৪ ফেব্রুয়ারি ২০২২ ইউক্রেনে রাশিয়ার আক্রমণের কারণেই মূলত দেশ দুটি ন্যাটোর ব্যাপারে আরও আগ্রহী হয়ে ওঠে। ফিনল্যান্ড ও সুইডেন দুই শতকের বেশি সময় ধরে সামরিকভাবে নিরপেক্ষ থাকার নীতি মেনে চলেছে। স্ক্যান্ডিনেভীয় দেশ সুইডেন এবং ফিনল্যান্ড ৯ মে ১৯৯৪ শান্তির জন্য অংশীদারত্ব কর্মসূচির অংশ হিসেবে ন্যাটোর অংশীদারত্বে যোগদান করে। ১ জানুয়ারি ১৯৯৫ তারা ইউরোপীয় ইউনিয়নে যোগদান করে। সর্বশেষ ১৮ মে ২০২২ দেশ দুটি ন্যাটোতে যোগদানের আনুষ্ঠানিক আবেদন করে। জর্জিয়া, মলদোভা এবং ইউক্রেনও চাচ্ছে ন্যাটোতে যোগ দিতে।

ন্যাটো-রাশিয়া সম্পর্ক

২২ জুন ১৯৯৪ ন্যাটোর সাথে শান্তির জন্য অংশীদারত্ব কর্মসূচিতে যোগ দিয়েছিল রাশিয়া। ১৯৯৭ সালে ন্যাটো এবং রাশিয়া অভিন্ন স্বার্থের ভিত্তিতে একটি স্থিতিশীল, নিরাপদ এবং অবিভক্ত মহাদেশ তৈরির পারস্পরিক প্রতিশ্রুতি দেয়। কিন্তু ২০১৪ সালে রাশিয়া ইউক্রেনে সামরিক অভিযান চালালে রাশিয়ার সাথে সহযোগিতামূলক কার্যক্রম স্থগিত করে ন্যাটো। ২০১৪ সালে রশিয়া ইউক্রেনের ক্রিমিয়া দখল করে নেওয়ার পর ইউক্রেন ন্যাটোর ব্যাপারে আগ্রহী হয়ে উঠে। কিন্তু রাশিয়া এর বিরোধিতা করে। রাশিয়া বিশ্বাস করে ন্যাটো তাদের বিরোধী গ্রুপ এবং তারা পূর্ব ইউরোপের দিকে তাদের সদস্য বাড়িয়ে রাশিয়ার উঠানে তাদের প্রতিরক্ষা বেষ্টনী সাজাতে চায়।

তথ্য-উপাত্তে ন্যাটো

পূর্ণরূপ : North Atlantic Treaty Organization | প্রতিষ্ঠা : ৪ এপ্রিল ১৯৪৯ | দাপ্তরিক ভাষা : দুইটি— ইংরেজি ও ফরাসি | সংস্থার প্রধান : মহাসচিব | মেয়াদকাল : ৪ বছর | ন্যাটোভুক্ত মুসলিম দেশ : ২টি (আলবেনিয়া ও তুরস্ক) | মহাদেশভিত্তিক ন্যাটোর বর্তমান সদস্য : এশিয়ার ১টি (তুরস্ক), উত্তর আমেরিকার ২টি (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের ২৭টি | ইউরোপীয় ইউনিয়নের (EU) ২৭টি দেশের ২২টি দেশ ন্যাটোর সদস্য। সদস্য নয় ৫টি দেশ— অস্ট্রিয়া, সাইপ্রাস, ফিনল্যান্ড

সদর দপ্তর ➤ প্রতিষ্ঠাকালীন সদর দপ্তর যুক্তরাজ্যের লন্ডনে স্থাপন করা হলেও ১৯৫২ সালে ফ্রান্সের প্যারিসে স্থানান্তর করা হয়। ১৬ অক্টোবর ১৯৬৭ সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে নিয়ে যাওয়া হয়।

মহাসচিব ➤ প্রথম মহাসচিব : জেনারেল হাসটিং লিওনেল ইসমে (যুক্তরাজ্য); ২৪ মার্চ ১৯৫২-১৬ মে ১৯৫৭ • বর্তমান মহাসচিব : জেনস স্টলেনবার্গ (নরওয়ে); ১ অক্টোবর ২০১৪-বর্তমান। তিনি ন্যাটোর ১৫তম মহাসচিব।

প্রতিষ্ঠাতা সদস্য ➤ বেলজিয়াম, কানাডা, ডেনমার্ক, ফ্রান্স, আইসল্যান্ড, ইতালি, লুক্সেমবার্গ, নেদারল্যান্ডস, নরওয়ে, পর্তুগাল

অন্তর্ভুক্ত অন্যান্য দেশসমূহ ➤ ১৮ ফেব্রুয়ারি ১৯৫২ : গ্রিস ও তুরস্ক | ৮ মে ১৯৫৫ : জার্মানি | ৩০ মে ১৯৮২ : স্পেন | ১২ মার্চ ১৯৯৯ : চেক প্রজাতন্ত্র, হাঙ্গেরি ও পোল্যান্ড | ২৯ মার্চ ২০০৪ : বুলগেরিয়া, এস্তোনিয়া ও লাটভিয়া, লিথুয়ানিয়া, রোমানিয়া, স্লোভাকিয়া ও স্লোভেনিয়া | ১ এপ্রিল ২০০৯ : আলবেনিয়া ও ক্রোয়েশিয়া | ৫ জুন ২০১৭ : মন্টিনিগ্রো

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

কর্তৃত্ববাদী মুদ্রা ডলার

বর্তমান বিশ্বমুদ্রা ব্যবস্থার প্রধান চালিকাশক্তি ডলার। বিশ্ব বাণিজ্যের অধিকাংশ নিয়ন্ত্রিত হয় মার্কিন ডলারের মাধ্যমে। যুক্তরাষ্ট্রের অর্থনীতির বৃহৎ আকারের জন্য এটিকে বিশ্বের সবচেয়ে স্থায়ী মুদ্রাও মনে করা হয়। বাংলাদেশ ব্যাংক আমদানি ব্যয় মেটাতে বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে প্রতিনিয়ত ডলার বিক্রি করছে। ফলে বাংলাদেশে ক্রমাগতভাবে ডলারের দাম বেড়েছে, বিপরীতে কমেছে টাকার মান।

ডলার

'ডলার' (Dollar) শব্দটির উৎপত্তি মধ্যযুগীয় ইউরোপে। ইউরোপের দেশগুলো দ্রুত অর্থ প্রদানের একটি আন্তর্জাতিক উপায় হিসেবে এর উৎপত্তি ঘটায় এবং প্রতিটি ইউরোপীয় জাতি তাদের নিজস্ব ভাষা-বান্ধব নাম দেয়। ইংল্যান্ড প্রথম এটাকে 'ডালার' বলতো এবং পরবর্তীতে এটি 'ডলার' শব্দে রূপান্তরিত হয়।

প্রতীক $

ষোড়শ শতাব্দীতে স্পেন অধিক মাত্রায় রৌপ্যমুদ্রার প্রচলন করে, যাকে তাদের ভাষায় Peso de Ocho বা সংক্ষেপে Peso বলা হতো, যার অর্থ আট খণ্ড। Peso চালু করার সময় ইউরোপে রুপার সরবরাহ কমতে শুরু করে। ফলে এ স্পেনীয় মুদ্রা পেসো আন্তর্জাতিক বাণিজ্যের প্রাথমিক মুদ্রায় পরিণত হয়। স্পেনীয় পেসোর আগে আরেকটি মুদ্রার বেশ সুখ্যাতি ছিল, যার নাম Joachimsthaler। সংক্ষেপে একে ডাকা হয় 'থেলার' নামে। আর এখান থেকেই আসে 'ডলার' শব্দটি। ব্যবসায়ীরা লেনদেনের হিসাব সহজভাবে লেখার জন্য পেসো শব্দটির সংক্ষিপ্ত রূপ ব্যবহার করতে শুরু করে। এ জন্য P বর্ণের ওপরের দিকে S বর্ণ বসিয়ে একটি প্রতীক তৈরি করা হয়। একসময় প্রতীকটি বেশি ব্যবহারের ফলে P ও S মিলেমিশে একাকার হয়ে যায়। ফলে S বর্ণের সঙ্গে P বর্ণের শুধু উল্লম্ব রেখাটি টিকে থাকে। যা দেখতে বর্তমান ডলার প্রতীকের মতোই। ১৭৭০ সালে ডলারের প্রতীকটি প্রথমবারের মতো কোনো নথিতে লিপিবদ্ধ হয়। তখনো কিন্তু দেশটির নাম যুক্তরাষ্ট্র হয়নি।

ডলারের আধিপত্য বিস্তার

বহু বছর ধরে পৃথিবীতে স্বর্ণের মানের ওপর নির্ধারিত হতো অর্থনীতি ও লেনদেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যুক্তরাষ্ট্র তাদের মিত্র দেশগুলোর কাছে সামরিক এবং অন্যান্য সরঞ্জাম স্বর্ণের মাধ্যমে বিক্রি করায় বিশ্বের মোট রিজার্ভের ৭০% স্বর্ণ চলে যায় যুক্তরাষ্ট্রের হাতে। ইউরোপ তখন যুদ্ধবিধ্বস্ত। যেহেতু তখন পৃথিবীর সবচেয়ে বেশি স্বর্ণ যুক্তরাষ্ট্রের কাছে ছিল এবং স্বর্ণের ওপর ভিত্তি করে মার্কিন ডলার স্থিতিশীল ছিল সেহেতু আর্থিক ব্যবস্থার রূপরেখা কেমন হবে, এ নিয়ে ১-২২ জুলাই ১৯৪৪ যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের শহর ব্রেটন উডসে বৈঠক অনুষ্ঠিত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জয়ী মিত্রশক্তির ৪৪টি দেশের প্রতিনিধিরা বৈঠকে অংশ নেয়। তীব্র মতানৈক্যের পর যে রূপরেখাটি চূড়ান্ত হয়, তার নাম ছিল ব্রেটন উড্স ফাইনাল অ্যাক্ট। মূলত ৩১ ডিসেম্বর ১৯৪৬ মার্কিন ডলারের বিনিময় হারকেই সকল সদস্যদেশ তাদের প্রাথমিক পার ভ্যালু হিসেবে বেছে নেয়।

ব্রেটন উড্স অ্যাগ্রিমেন্টের মাধ্যমে ডলারকে ৪৪টি দেশ বৈদেশিক মুদ্রার রিজার্ভ কারেন্সি হিসেবে রাখতে একমত হয়। সেই থেকে ডলারের আধিপত্য শুরু। ৩৭তম মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন ডলারকে আরও শক্তিশালী করার উদ্যোগ নেন। ১৫ আগস্ট ১৯৭১ মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন ব্রেটন উড্স ব্যবস্থা বাতিল করে দিলে নতুন সংকট তৈরি হয়। যে যার মতো করে বিনিময় ব্যবস্থা অনুসরণ করা শুরু করে, বিশ্ব যাত্রা শুরু করে ফ্লোটিং (Floating) বা ভাসমান বিনিময় হারের দিকে। মার্কিন ডলার স্বর্ণে রূপান্তরের ক্ষমতা বাতিল করার এ পদক্ষেপকে বলা হয় Gold Window বন্ধ করা, যাকে অনেকে Nixon Shock বলে থাকেন। বিশ্বজুড়ে মার্কিন ডলারের কর্তৃত্ব ধরে রাখতে এবং চাহিদা বাড়ানোর জন্য যুক্তরাষ্ট্র ১৯৭৪ সালে সৌদি আরবের সাথে একটি চুক্তি করে। এ চুক্তি অনুযায়ী, সৌদি আরবকে বাধ্য করা হয় ডলারকে সার্বভৌম বিশ্বমুদ্রা হিসেবে মেনে নিতে। এর বিনিময়ে যুক্তরাষ্ট্র সৌদি বাদশাহকে গ্যারান্টি দেয় যে, যতদিন তারা পেট্রো ডলার চুক্তি মেনে চলবে ততদিন সৌদি রাজ পরিবার ক্ষমতায় থাকবে। সৌদি বাদশাহদের ক্ষমতায় থাকতে আরও একটি শর্ত দেয়, তা হলো, OPEC ভুক্ত সকল দেশকে রাজি করানো যাতে ডলার ছাড়া অন্য কোনো মুদ্রা বা স্বর্ণের বিনিময়ে তেল বিক্রি না করে।

গ্রিনব্যাক (Greenback)

আমেরিকার গৃহযুদ্ধের সময় দেশটিতে জরুরি কাগজের মুদ্রা প্রচলন করা হয়। মুদ্রার পিছনে সবুজ রঙ মুদ্রিত হয় বলে তা গ্রিনব্যাক (Greenback) বা গ্রিন মানি (Green Money) নামে পরিচিতি লাভ করে। ১০ মার্চ ১৮৬২ প্রথম জরুরি কাগজের মুদ্রা ইস্যু করা হয়।

বিবিধ তথ্য

- ব্রিটিশ পাউন্ড তার আধিপত্য হারায় ১৯২০ সালে।
- মার্কিন ডলার ও পাউন্ডকে দুর্লভ মুদ্রা বলে।
- মুদ্রার মূল্যমান সবচেয়ে বেশি কুয়েতি দিনার।
- বাংলাদেশ নিয়ন্ত্রিত ভাসমান বা ফ্লোটিং বিনিময় মুদ্রা নীতির প্রচলন করে ১৯৭৬ সালে।
- বাংলাদেশ মধ্যবর্তী মুদ্রা হিসেবে পাউন্ডের পরিবর্তে মার্কিন ডলারকে বেছে নেয় ১৯৮৩ সালে।
- বাংলাদেশি মুদ্রাকে চলতি হিসাবে রূপান্তরযোগ্য করা হয় ১৭ জুলাই ১৯৯৩।
- বাংলাদেশের মুদ্রা টাকাকে ফ্লোটিং (Floating) বা ভাসমান ঘোষণা করা হয় ২০০৩ সালে।
- বাংলাদেশে ইতিহাসে প্রথমবারের মতো টাকার অবমূল্যায়ন হয় ১৭ মে ১৯৭৫।
- ১৯৭১ সালে প্রতি ১ ডলারের মান ছিল ৭.৩০ টাকা।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

সুইডেন ও ফিনল্যান্ডের নিরাপত্তা চুক্তি

১১ মে ২০২২ সুইডেন ও ফিনল্যান্ডের সঙ্গে পারস্পরিক নিরাপত্তা চুক্তিতে সম্মত হয় যুক্তরাজ্য। এ চুক্তির ফলে কোনো দেশ আক্রান্ত হলে অপর পক্ষ তাদের সহায়তা করবে। সুইডেন ও ফিনল্যান্ডের ন্যাটো জোটে যোগ দেওয়া নিয়ে বিতর্কের মধ্যে চুক্তি স্বাক্ষর করতে দেশ দুটি সফর করেন ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন। চুক্তিতে আরও বলা হয়, যুক্তরাজ্য সংকটে পড়লে সহায়তায় এগিয়ে আসবে সুইডেন ও ফিনল্যান্ড।

সিন ফেইনের ঐতিহাসিক জয়

৫ মে ২০২২ যুক্তরাজ্যের অন্তর্ভুক্ত উত্তর আয়ারল্যান্ডে আইনসভা নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে প্রথমবারের মতো সংখ্যাগরিষ্ঠতা পায় সাবেক সশস্ত্র সংগঠন আইরিশ রিপাবলিকান আর্মির রাজনৈতিক শাখা হিসেবে কাজ করা জাতীয়তাবাদী দল সিন ফেইন। এত দিনের প্রাধান্য বিস্তারকারী দল ডেমোক্র্যাটিক ইউনিয়নিস্ট পার্টিকে (DUP) আইরিশ জাতীয়তাবাদী দলটি দ্বিতীয় স্থানে ঠেলে দিয়েছে। ১৯২১ সালে উত্তর আয়ারল্যান্ড প্রদেশ গঠিত হওয়ার পর থেকে প্রাদেশিক আইনসভায় ইউনিয়নবাদী (যুক্তরাজ্যের অনুগত) রাজনৈতিক দল সবচেয়ে বেশি আসন পেয়ে আসছে। এবারের নির্বাচনে আইনসভার ৯০ আসনের মধ্যে সিন ফেইন ২৭টি ও DUP ২৫টি আসন লাভ করে। সিন ফেইন উত্তর আয়ারল্যান্ডকে যুক্তরাজ্য থেকে বের করে নিয়ে আবার রিপাবলিক অব আয়ারল্যান্ডের সাথে যুক্ত করতে চায়। আয়ারল্যান্ড দ্বীপের উত্তরের ঐ অংশ দীর্ঘদিন ধরে যুক্তরাজ্যের অংশ, যা সেখানকার জাতীয়তাবাদীরা মানতে চায় না।

অধিবেশনে অনুপস্থিত ব্রিটিশ রানি

ব্রিটিশ রানি দ্বিতীয় এলিজাবেথের এপিসোডিক মোবিলিটি সমস্যার কারণে চলাফেরা করতে অসুবিধা হয়। তাই ব্রিটিশ পার্লামেন্টে ২০২২ সালের *স্টেট ওপেনিং* অনুষ্ঠানে যেতে পারেননি তিনি। তার পরিবর্তে ১০ মে ২০২২ রানি দ্বিতীয় এলিজাবেথের ছেলে এবং উত্তরাধিকারী প্রিন্স চার্লস পার্লামেন্টে সভাপতিত্ব করেন। সরকারের পক্ষে একটি সংক্ষিপ্ত বক্তৃতা পড়েন ও ৩৮টি বিল পেশ করেন। প্রিন্স চার্লসের সঙ্গে ছিলেন তার স্ত্রী ক্যামিলা ও ছেলে প্রিন্স উইলিয়াম। রানি দ্বিতীয় এলিজাবেথ তার ৭০ বছরের শাসনে এর আগে মাত্র দু'বার পার্লামেন্টের এ অনুষ্ঠানে অনুপস্থিত ছিলেন। ১৯৫৯ ও ১৯৬৩ সালে, যখন তিনি অন্তঃসত্ত্বা ছিলেন। প্রথা অনুযায়ী, রাজা বা রানি বাকিংহাম প্যালেস থেকে ঘোড়ার গাড়িতে শোভাযাত্রা নিয়ে পার্লামেন্টে প্রবেশ করেন। এ বছর প্রিন্স চার্লস গাড়িতে করে পার্লামেন্টে যান। তার মাথায় রাজমুকুটও ছিল না। রাজমুকুট চেয়ারে রাখা ছিল। অবশ্য রাজমুকুটের ওজন বেশি বলে রানিও কয়েক বছর তা পরেননি।

প্রথম মুসলিম লর্ড মেয়র

লন্ডনের ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিলের মেয়র নির্বাচিত হন ২২ বছর বয়সী হামজা তাওয়াজ্জাল। তিনি ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিলের সর্বকনিষ্ঠ প্রথম মুসলিম লর্ড মেয়র। ৫ মে ২০২২ অনুষ্ঠিত স্থানীয় নির্বাচনে তাওয়াজ্জাল লেবার পার্টির প্রার্থী ছিলেন। হামজা তাওয়াজ্জাল মরক্কান বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক। তিনি ২০১৮ সালে ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিলর নির্বাচিত হন।

দ্বিতীয় মেয়াদে ম্যাক্রোঁ

৭ মে ২০২২ দ্বিতীয় মেয়াদে ফ্রান্সের প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন ইমানুয়েল ম্যাক্রোঁ। দেশটির প্যারিসের এলিসি প্রাসাদে বর্তমান ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ দ্বিতীয় পাঁচ বছরের মেয়াদে শপথ নেন। ২৪ এপ্রিল ২০২২ দ্বিতীয় দফা নির্বাচনে ইমানুয়েল ম্যাক্রোঁ ৫৮.৬% এবং কট্টর ডানপন্থী মেরি লি পেন ৪১.৪% ভোট পান। এর আগে ১০ এপ্রিল ২০২২ অনুষ্ঠিত প্রথম দফার নির্বাচনে কোনো প্রার্থী ৫০ শতাংশ ভোট না পাওয়ায় দ্বিতীয় দফার নির্বাচনের প্রয়োজন হয়। ফ্রান্সে গত ২০ বছরের মধ্যে এ প্রথম কোনো ক্ষমতাসীন প্রেসিডেন্ট দ্বিতীয় মেয়াদের জন্য পুনর্নির্বাচিত হলেন। ইমানুয়েল ম্যাক্রোঁ ১৪ মে ২০১৭ থেকে ফ্রান্সের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন। ফরাসি প্রেসিডেন্টের পুরো নাম ইমানুয়েল জিন মিশেল ফ্রেডেরিক ম্যাক্রোঁ।

নারী প্রধানমন্ত্রী

১৬ মে ২০২২ ফ্রান্সের দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন শ্রম ও কর্মসংস্থানবিষয়ক মন্ত্রী এলিজাবেথ বর্নি। ৬১ বছর বয়সি এলিজাবেথ বর্নি বর্তমান প্রধানমন্ত্রী জ্যঁ ক্যাসটেক্সের স্থলাভিষিক্ত হন। এর আগে নারী প্রধানমন্ত্রী হিসেবে ফ্রান্সে দায়িত্ব পালন করেন এডিথ ক্রেসন। তিনি ১৫ মে ১৯৯১-২ এপ্রিল ১৯৯২ পর্যন্ত দেশটির

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

যুক্তরাষ্ট্র

বোয়িং সদর দপ্তর ওয়াশিংটনে

৫ মে ২০২২ বোয়িং কর্তৃপক্ষ তাদের সদর দপ্তর শিকাগো থেকে ওয়াশিংটন ডিসিতে সরিয়ে নেওয়ার ঘোষণা দেয়। নতুন প্রধান কার্যালয়টির অবস্থান হবে ভার্জিনিয়ার আর্লিংটনে। সেখানে একটি গবেষণা ও প্রযুক্তি-বিষয়ক হাব গড়ে তোলারও পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষাবিষয়ক ঠিকাদার প্রতিষ্ঠানগুলোর মধ্যে অন্যতম বোয়িং। এখন সদর দপ্তর সরিয়ে নেওয়ার মাধ্যমে পেন্টাগনের আরও কাছে গেল বোয়িং। আন্তর্জাতিক বিমান নির্মাণকারী প্রতিষ্ঠানের মধ্যে অন্যতম বোয়িং। বিমান ছাড়াও এ প্রতিষ্ঠান তৈরি করে রকেট, স্যাটেলাইট, টেলিযোগাযোগ যন্ত্রপাতি ও মিসাইল। ১৯১৬ সালে মার্কিন মাল্টিন্যাশনাল বিমান প্রস্তুতকারক কোম্পানি বোয়িং যাত্রা শুরু করে।

অস্ত্র পাঠাতে বিশ্বযুদ্ধের আইন চালু

জার্মানির নাৎসিদের বিরুদ্ধে লড়াইয়ে মিত্রদের অস্ত্র দিতে ১১ মার্চ ১৯৪১ যুক্তরাষ্ট্র Lend-Lease আইন কার্যকর করে। এখন ইউক্রেনকে অস্ত্র দিতে সেই আইনটি পুনরায় ফিরিয়ে আনে দেশটি। ৯ মে ২০২২ এ সংক্রান্ত আইনে স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। এ আইনে স্বাক্ষর করার জন্য বাইডেন যে দিনটি বেছে নেন, সেটিও প্রতীকী অর্থে গুরুত্বপূর্ণ। কারণ, ৮ মে পশ্চিম ইউরোপ ও যুক্তরাষ্ট্র নাৎসিদের বিরুদ্ধে বিজয়ের দিন হিসেবে উদ্‌যাপন করে থাকে। ঠিক এর পরদিন ৯ মে ইউরোপ ডে হিসেবে পালন করা হয়। ইউক্রেন ইস্যুতে যুক্তরাষ্ট্র ও রাশিয়া মুখোমুখি অবস্থানে থাকলেও ১৯৪০-এর দশকে জার্মানির নাৎসিদের বিরুদ্ধে লড়াইয়ে মিত্র ছিল তারা। সেই সময় নাৎসিদের বিরুদ্ধে লড়াইয়ে যুক্তরাষ্ট্রের আমলাতন্ত্রকে পাশ কাটাতে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন রুজভেল্ট Lend-Lease আইন পাস করেন। ইউরোপের মিত্রদের কাছে শত শত কোটি ডলারের অস্ত্র সরবরাহ করতে স্মরণীয় ঐ উদ্যোগ নেন রুজভেল্ট। এখন ইউক্রেনে ট্যাংক-বিধ্বংসী, উড়োজাহাজ-বিধ্বংসীসহ শক্তিশালী ও আধুনিক সব অস্ত্র পাঠাতে বাইডেন এ পদক্ষেপ নেন।

জো বাইডেনের এশিয়া সফর

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ২০-২৪ মে ২০২২ দক্ষিণ কোরিয়া ও জাপান সফর করেন। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে ক্ষমতা গ্রহণের পর এটি তার প্রথম এশিয়া সফর। ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল এবং দক্ষিণ কোরিয়া ও জাপানের সঙ্গে যুক্তরাষ্ট্রের চুক্তি জোরদার করার লক্ষ্যে এ সফর করেন।

প্রথম কৃষ্ণাঙ্গ নারী

▌প্রেস সেক্রেটারি

হোয়াইট হাউসের ৩৫তম তথা সপ্তম নারী প্রেস সেক্রেটারি কারিন জ্যঁ-পিয়েরে। ৫ মে ২০২২ মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন হোয়াইট হাউসের পরবর্তী প্রেস সেক্রেটারি হিসেবে কারিনের নাম ঘোষণা করেন। ১৩ মে ২০২২ তিনি বিদায়ী প্রেস সেক্রেটারি জেন সাকির স্থলাভিষিক্ত হন। তিনি প্রথম কৃষ্ণাঙ্গ, যিনি হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি হিসেবে দায়িত্ব নেন। হোয়াইট হাউসের প্রথম নারী প্রেস সেক্রেটারি ডি ডি মায়ার্স; মেয়াদকাল ২০ জানুয়ারি ১৯৯৩-২২ ডিসেম্বর ১৯৯৪।

▌মহাশূন্যে

মহাশূন্যে নাসার প্রথম কৃষ্ণাঙ্গ নারী অভিযাত্রী হিসেবে ইতিহাস গড়েন জেসিকা ওয়াটকিন্স। তিনিই প্রথম কৃষ্ণাঙ্গ নারী যিনি আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের ক্রু হিসেবে দায়িত্ব পালন করেন। ২৭ এপ্রিল ২০২২ SpaceX Crew-4 মিশনের আওতায় জেসিকা ওয়াটকিন্স মহাশূন্যযাত্রা শুরু করেন।

নতুন আতঙ্ক মাঙ্কিপক্স

আফ্রিকার পশ্চিম ও মধ্য অঞ্চলে সাম্প্রতিক বছরগুলোতে মাঙ্কিপক্সে আক্রান্ত কয়েক হাজার রোগী শনাক্ত হয়। এরপর ৭ মে ২০২২ প্রথম মাঙ্কিপক্সের আক্রান্ত রোগী পাওয়া যায় যুক্তরাজ্যে। বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে মাঙ্কিপক্স ভাইরাসটি ছড়িয়ে পড়েছে।

মাঙ্কিপক্স কী? : মাঙ্কিপক্স ভাইরাসের মাধ্যমেই রোগটির উৎপত্তি। স্মলপক্সের মতো ভাইরাসের একই পরিবারের সদস্য। এটি অধিকাংশ মধ্য এবং পশ্চিম আফ্রিকার দেশগুলোর প্রত্যন্ত অঞ্চলে এবং গ্রীষ্মমণ্ডলীয় রেইনফরেস্টের কাছাকাছি দেখা যায়। এ ভাইরাসের দুটি প্রধান স্ট্রেইন পশ্চিম আফ্রিকান এবং মধ্য আফ্রিকান। ১৯৫৮ সালে বিজ্ঞানীরা এ রোগটি প্রথম শনাক্ত করেন। তারা তখন গবেষণায় বানরদের মধ্যে 'পক্স-সদৃশ' রোগের অস্তিত্ব পান এবং পরে নামকরণ মাঙ্কিপক্স করা হয়। ১৯৭০ সালে গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রে প্রথম এ ভাইরাসের সংক্রমণ ঘটে।

রোগের উপসর্গ : রোগটির প্রাথমিক লক্ষণগুলো— জ্বর, মাথাব্যথা, শরীর ফোলাভাব, পিঠে ব্যথা, পেশিতে ব্যথা। একবার জ্বর কমে গেলে ফুসকুড়ি তৈরি হতে পারে। মুখ থেকে শুরু করে এ ফুসকুড়ি পুরো শরীরে ছড়িয়ে পড়ে। অধিকাংশ ক্ষেত্রেই হাতের তালু এবং পায়ের তলায় এ ফুসকুড়ি বেশি দৃশ্যমান হয়। ফুসকুড়িতে চুলকানি হতে পারে। ভাইরাসটি রোগীর শরীরে ১৪ থেকে ২১ দিন স্থায়ী হতে পারে।

সংক্রমণের মাধ্যম : যখন কেউ সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে আসে, তখন মাঙ্কিপক্স ছড়াতে পারে। ভাইরাসটি শরীরের কোষত্বক, শ্বাসতন্ত্র বা চোখ, নাক বা মুখ দিয়ে শরীরে প্রবেশ করতে পারে। এটি সংক্রমিত প্রাণী যেমন বানর, ইঁদুর এবং কাঠবিড়ালির সংস্পর্শে বা ভাইরাস-দূষিত বস্তু যেমন বিছানা ও পোশাকের মাধ্যমেও ছড়াতে পারে।

চিকিৎসা : মাঙ্কিপক্সের কোনো চিকিৎসা নেই, তবে সংক্রমণ প্রতিরোধের মাধ্যমে প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ করা যায়। মাঙ্কিপক্স

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com



দেশদ্রোহ আইন স্থগিত

১১ মে ২০২২ কেন্দ্রীয় সরকারের আপত্তি উপেক্ষা করে ভারতের সুপ্রিম কোর্ট ব্রিটিশ আমলে তৈরি দেশদ্রোহ আইন স্থগিত রাখার নির্দেশ দেন। প্রধান বিচারপতি এন ভি রমণ, বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি হিমা কোহলির বেঞ্চ এ নির্দেশ জারি করেন। এ আইন পুনর্বিবেচনার কাজ করবে কেন্দ্রীয় সরকার। তত দিন পর্যন্ত দেশদ্রোহ আইন স্থগিত থাকবে। অর্থাৎ তত দিন পর্যন্ত ভারতীয় দণ্ডবিধির ১২৪(ক) ধারায় কাউকে গ্রেপ্তার করা যাবে না। কারও বিরুদ্ধে ঐ ধারায় পুলিশের কাছে অভিযোগ দাখিল করা যাবে না। এ ধারায় যেসব মামলা চলছে, তা স্থগিত থাকবে। ১ জানুয়ারি ১৮৬২ ব্রিটিশ ভারতে দণ্ডবিধি (Penal Code) চালু হয়। তখন সেখানে রাষ্ট্রদ্রোহ নিয়ে কোনো সেকশন চালু ছিল না। ১৮৭০ সালে ধারাটি যুক্ত হয়। বালগঙ্গাধর তিলককে প্রথম এ ধারা অনুসারে গ্রেপ্তার করা হয়। পরে মহাত্মা গান্ধীকেও ইয়ং ইন্ডিয়া পত্রিকায় লেখার জন্য রাষ্ট্রদ্রোহের অভিযোগে গ্রেপ্তার করা হয়। এ আইনের আওতায় বিনা ওয়ারেন্টে কাউকে গ্রেপ্তার ও জেলে পাঠানো যায়।

ঘূর্ণিঝড় অশনি

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় 'অশনি' ১১ মে ২০২২ মধ্যরাতে ভারতের অন্ধ্র প্রদেশের মছিলিপত্তনম ও নারসাপুরমের মধ্যবর্তী স্থানে উপকূলে আঘাত হানে। শ্রীলংকার দেওয়া ঘূর্ণিঝড়ের নাম 'অশনি' অর্থ 'ক্ষুব্ধ'।

নরেন্দ্র মোদির কাশ্মীর সফর

বিশেষ মর্যাদা ৩৭০ ধারা বিলোপের পর ২৪ এপ্রিল ২০২২ প্রথম কাশ্মীর সফর করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ৩১ অক্টোবর ২০১৯ জম্মু ও কাশ্মীরের বিশেষ মর্যাদা বাতিল করার পর এবং এটিকে দুটি কেন্দ্রশাসিত অঞ্চলে বিভক্ত করার প্রায় দুই বছরেরও বেশি সময় পর মোদি এ রাজ্যে সফরে এলেন। সফরকালে নরেন্দ্র মোদি দুটি জলবিদ্যুৎ প্রকল্পের ভিত্তি স্থাপন করেন। যার একটি— কিশতওয়ারের চেনাব নদীর ওপর ৮৫০ মেগাওয়াট সুবিধাযুক্ত জলবিদ্যুৎ কেন্দ্র, অন্যটি ৫৪০ মেগাওয়াটের কোয়ার জলবিদ্যুৎ প্রকল্প।

বাবরি মসজিদের পথে জ্ঞানবাপি

ভারতীয় হিন্দুদের প্রধান তিনটি উপাসনাস্থল বিতর্কিত। অযোধ্যায় রামের জন্মভূমি, কাশীর বিশ্বনাথ মন্দির ও মথুরার শ্রীকৃষ্ণের জন্মভূমি। বিতর্কের মূল কারণ, তিন উপাসনাস্থলে তিনটি মসজিদের অবস্থান। ১৯৯২ সালে বাবরি মসজিদ ধ্বংসের আগে তাই স্লোগান উঠে, 'আভি সির্ফ অযোধ্যা হ্যায়, কাশী-মথুরা বাকি হ্যায়।' অর্থাৎ এখন অযোধ্যা মুক্ত হচ্ছে। পরে মুক্ত হবে কাশী ও মথুরা। ১৭ মে ২০২২ বারানসির কাশীর বিশ্বনাথ মন্দির লাগোয়া জ্ঞানবাপি মসজিদ চত্বরে অজু করার পুকুরে শিবলিঙ্গ পাওয়ার কথা উঠলে দেওয়ানি আদালত পুকুরটি ঘিরে রাখার নির্দেশ দেয় প্রশাসনকে। ১৮ মে ২০২২ মসজিদের অভ্যন্তরের দুটি গম্বুজ, ভূগর্ভস্থ অংশ, অজু করার পুকুর, পশ্চিমের দেয়াল সর্বত্র জরিপের রিপোর্ট সুপ্রিম কোর্টে পেশ করেন। পরে আদালত একজন জেষ্ঠ্য বিচারককে বিষয়টি গভীর মনোযোগের সাথে শোনার আদেশ দেন।

মাদ্রাসায় জাতীয় সংগীত

ভারতের উত্তর প্রদেশ রাজ্যের সব মাদ্রাসায় জাতীয় সংগীত গাওয়া বাধ্যতামূলক করা হয়। ৯ মে ২০২২ উত্তর প্রদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের জারি করা একটি চিঠিতে বলা হয় সরকার স্বীকৃত, সহায়তা প্রাপ্ত, সরকারি সহায়তা প্রাপ্ত নয় অর্থাৎ সব ধরনের মাদ্রাসার জন্যই এ নির্দেশিকা পালন বাধ্যতামূলক। ১২ মে ২০২২ থেকে এ আদেশ কার্যকর হয়। বর্তমানে উত্তর প্রদেশজুড়ে ১৬,৪৬১টি মাদ্রাসা রয়েছে, এর মধ্যে ৫৬০টি সরকারি স্বীকৃত।

বিশ্বের দীর্ঘতম সেতু

ঝুলন্ত সেতু

চেক প্রজাতন্ত্রের জেসেনকি পর্বতমালায় পর্বতের এক চূড়ার সঙ্গে আরেক চূড়াকে যুক্ত করে একটি ঝুলন্ত সেতু। ১৩ মে ২০২২ সেটি দর্শনার্থীদের জন্য খুলে দেওয়া হয়। এটি বিশ্বের দীর্ঘতম ঝুলন্ত সেতু। সেতুটির নামকরণ করা হয়—Sky Bridge 721। এটি নির্মাণে চেক সরকারের খরচ হয় ৮৪ লাখ মার্কিন ডলার। ঝুলন্ত সেতুটির উচ্চতা মাটি থেকে ৯৫ মিটার ওপরে। আর সমুদ্রপৃষ্ঠ থেকে উচ্চতা ১,১১০ থেকে ১,১১৬ মিটার। সেতুর এক প্রান্ত থেকে অপর প্রান্তের দূরত্ব ৭২১ মিটার, প্রস্থ ১.২ মিটার। Sky Bridge 721-এর আগে এত দিন বিশ্বের সবচেয়ে দীর্ঘ ঝুলন্ত সেতুর তকমা ছিল নেপালের 'বাগলুং পর্বত ফুটব্রিজ'-এর। সেটির এক প্রান্ত থেকে আরেক প্রান্তের দূরত্ব Sky Bridge 721-এর চেয়ে ১৫৪ মিটার কম।

স্বচ্ছ কাচের তৈরি

বিশ্বের দীর্ঘতম কাচের সেতু ভিয়েতনামের বাক লং পেডেস্ট্রিয়ান ব্রিজ। নামটির অর্থ সাদা ড্রাগন। ভিয়েতনামের উত্তর-পশ্চিমের সন লা প্রদেশের দুটি পাহাড়ের চূড়ায় এমনভাবে এ সেতু তৈরি করা হয়, যা সাদা ড্রাগনের মতোই মনে হয়। ২৯ এপ্রিল ২০২২ সেতুটি উদ্বোধন করা হয়। একটি পাহাড় থেকে আরেকটি পাহাড়ে ঘন জঙ্গল ও গভীর খাঁড়ির ওপর দিয়ে ১৫০ মিটার দৈর্ঘ্যের সেতুটি তৈরি করা হয়েছে।

সেতুর প্যাঁচানো অংশসহ এর মোট দৈর্ঘ্য ৬৩২ মিটার। এতে পাটাতন হিসেবে ব্যবহার করা হয় ঝকঝকে স্বচ্ছ কাচ। ফলে এর ওপর দিতে হাঁটতে গেলে মনে হবে পায়ের নিচে কিছু নেই। গভীরে খাঁড়িতে পড়ে যাওয়ার ভয় কাজ করবে। দেশটির কর্তৃপক্ষ পর্যটকদের রোমাঞ্চকর অভিজ্ঞতা দিতে কাচযুক্ত এ সেতু চালু করে।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

দুর্নীতি মামলায় সু চি'র জেল

২৭ এপ্রিল ২০২২ মিয়ানমারের নেত্রী অং সান সু চিকে দুর্নীতির দায়ে দোষী সাব্যস্ত করে পাঁচ বছরের সাজা প্রদান করে দেশটির আদালত। ইয়াংগুনের সাবেক মুখ্যমন্ত্রী ফিও মিন থেইনের কাছ থেকে ৬ লাখ ডলার এবং ১১. ৪ কেজি সোনা ঘুষ নেওয়ার মামলায় এ সাজা দেওয়া হয়। সু চি'র বিরুদ্ধে সামরিক জান্তা যে ১১টি অভিযোগ আনে, তার মধ্যে প্রথম দুর্নীতি মামলায় তার সাজার রায় হলো। ইতোপূর্বে ১০ জানুয়ারি ২০২২ লাইসেন্সবিহীন ওয়াকিটকি রেখে আমদানি-রপ্তানি আইন লঙ্ঘন এবং সিগন্যাল জ্যামার বসানোর দায়ে সু চিকে ৪ বছরের কারাদণ্ড দেওয়া হয়। এছাড়া করোনাসংক্রান্ত বিধিনিষেধ ভঙ্গ এবং সামরিক সরকারের বিরুদ্ধে উসকানি দেওয়ার অভিযোগে ৬ ডিসেম্বর ২০২১ তাকে ৪ বছরের কারাদণ্ড দেওয়া হয়। পরে তা কমিয়ে ২ বছর করা হয়। ১ ফেব্রুয়ারি ২০২১ অভ্যুত্থানের দিন থেকেই সু চিকে বন্দি করে রাখা হয়।

হংকংয়ের নতুন প্রধান নির্বাহী

৮ মে ২০২২ হংকংয়ের নতুন নেতা নির্বাচিত হন চীনপন্থি জন লি কা-চিউ। নির্বাচনে জন লি ছিলেন একমাত্র প্রার্থী। নির্বাচন কমিটির ১,৫০০ ভোটের মধ্যে তিনি ১,৪১৬ ভোট পান। আটজন ভোটার তার বিরুদ্ধে 'না ভোট' দেন। প্রথমবারের মতো হংকংয়ের শীর্ষ পদে একজন নিরাপত্তা কর্মকর্তা নির্বাচিত হলেন। নতুন প্রধান নির্বাহী ১ জুলাই ২০২২ ক্যারি ল্যামের স্থলাভিষিক্ত হবেন। জন লি চীনের অত্যন্ত অনুগত দেশপ্রেমিক হিসেবে চিহ্নিত। তিনি ২০১৯ সালে হংকংয়ে গণতন্ত্রপন্থিদের বিক্ষোভ দমনের কারিগর হিসেবে ব্যাপক পরিচিত। তার দায়িত্বে এ সময় অসংখ্য গণতন্ত্রপন্থিকে গ্রেপ্তারও করা হয়। হংকংয়ে বেইজিংয়ের আরোপিত জাতীয় নিরাপত্তা আইন বাস্তবায়নে ভূমিকা রাখায় ৬৪ বছর বয়সি জন লি'র ওপর ২০২০ সালে নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। ১ জুলাই ২০১৭ থেকে চতুর্থ প্রধান নির্বাহী পদে দায়িত্ব পালন করেন ক্যারি ল্যাম। ৫ মে ২০২২ তিনি দায়িত্ব থেকে অব্যাহতি নেন। হংকংয়ের প্রথম নারী প্রধান নির্বাহী ক্যারি ল্যাম। উল্লেখ্য, চীনের বিশেষ প্রশাসনিক অঞ্চল হংকং একসময় যুক্তরাজ্যের কলোনি ছিল। ১ জুলাই ১৯৯৭ প্রশাসনিক কারণে এ অঞ্চল চীনের অধীনে আসে। প্রতি পাঁচ বছর পর পর অঞ্চলটিতে নির্বাচন অনুষ্ঠিত হয়ে আসছে। জনগণের ভোটে নয় বরং ১,৫০০ সদস্যের একটি ক্লোজ কমিটি হংকংয়ের নির্বাহী নির্বাচন করে।

আমিরাতের প্রেসিডেন্টের মহাপ্রয়াণ

১৩ মে ২০২২ সংযুক্ত আরব আমিরাতের দ্বিতীয় প্রেসিডেন্ট শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ান মৃত্যুবরণ করেন। তার জন্ম ৭ সেপ্টেম্বর ১৯৪৮। ২০১৪ সালে তিনি মস্তিষ্কে রক্তক্ষরণে গুরুতর অসুস্থ হন। তার অসুস্থতার পর থেকে কার্যত তাঁর সৎভাই যুবরাজ শেখ মোহাম্মদ বিন জায়েদ আল-নাহিয়ান নেতৃত্ব দেন। ৩ নভেম্বর ২০০৪ থেকে প্রেসিডেন্টের পাশাপাশি আবুধাবির শাসকের দায়িত্ব পালন করছেন তিনি। তার বাবা শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ছিলেন সংযুক্ত আরব আমিরাতের প্রথম প্রেসিডেন্ট। ১৯৭১ সালে সকল আমিরাত নিয়ে সংযুক্ত আরব আমিরাত গঠিত হয়। তখন থেকেই দেশটির প্রেসিডেন্টের দায়িত্ব পালন করে আসা জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ২ নভেম্বর ২০০৪ মারা যান। পরদিন দেশটির সবচেয়ে সমৃদ্ধ আমিরাত আবুধাবির শাসক ও দেশটির রাষ্ট্রপ্রধানের দায়িত্ব নেন খলিফা বিন জায়েদ আল নাহিয়ান। তিনি ছিলেন আবুধাবির ষোড়শ শাসক।

নতুন প্রেসিডেন্ট

১৪ মে ২০২২ সংযুক্ত আরব আমিরাতের নতুন প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান। দেশটির ফেডারেল সুপ্রিম কাউন্সিল তাকে এ পদের জন্য নির্বাচিত করেন। এর আগে ১৩ মে ২০২২ তিনি আবুধাবির শাসক হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। সংযুক্ত আরব আমিরাতের সাতটি আমিরাতের মধ্য থেকে একজন প্রেসিডেন্ট নির্বাচিত হন।

রহস্যময় শহরের নাম 'হুয়ানা পিচু'

পৃথিবীর সাত আশ্চর্যের একটি 'মাচু পিচু'। পেরুর আন্দিজ পর্বতের মাথায় সুনিপুণভাবে তৈরি ইনকাদের এ শহর দেখতে প্রতি বছর হাজার হাজার পর্যটক পাড়ি দেন। যদিও মাচু পিচু আবিষ্কারের একশ' বছর পর জানা যাচ্ছে, নামটাই ভুল। ইনকারা এ শহরকে ডাকতো 'হুয়ানা পিচু' নামে। ১৪২০ সাল নাগাদ ইনকাদের বাস ছিল। ইনকা সাম্রাজ্যের রাজধানী ছিল কুজকো। সেখানেই বাস করত রাজপরিবার। পরবর্তী সময়ে ইনকা সাম্রাজ্যের দখল নেয় স্প্যানিয়ার্ডরা। পরাজিত ইনকারা ক্রমশ হারিয়ে যায়। একা পড়ে থাকে তাদের হুয়ানা পিচু। ক্রমশ অজানার ভিড়ে হারিয়ে যায় এ শহরও। ১৯১১ সালে এ শহর আবিষ্কার করেন হিরাম বিংহাম। তিনিই নাম দেন 'মাচু পিচু'। বিংহামের গাইড ছিলেন মেলচোর আর্তেগা। পেশায় স্থানীয় চাষি। আর্তেগার কথার ভিত্তিতেই ঐ নাম রেখেছিলেন বিংহাম। যুক্তরাষ্ট্রের ইলিনয় বিশ্ববিদ্যালয়ের নৃতত্ত্ববিদ্যার অধ্যাপক ব্রায়ান বাওয়ারের ধারণা, এখানেই ভুল হয়ে যায় বিংহামের। নতুন গবেষণায় কিছু তথ্যপ্রমাণ পাওয়া গেছে, তাতে ধরা পড়েছে শহরের আসল নাম আলাদা। এ গবেষণার সঙ্গে যুক্ত রয়েছেন পেরুর সংস্কৃতি মন্ত্রণালয়ের ইতিহাসবিদ ডোনাটো আমাডো গঞ্জালেস। তিনিও স্বাধীন ভাবে 'মাচু পিচু' নিয়ে গবেষণা করেন। দু'জনের তথ্য মিলিয়ে দেখেন ঠিকই, এ শহরের নাম 'হুয়ানা পিচু'। পেরুর আদি ভাষা 'কেচুয়া'-তে হুয়ানা শব্দের অর্থ নতুন বা তরুণ। পিচু'র অর্থ পর্বতশৃঙ্গ। মাচু শব্দের অর্থ প্রাচীন। অর্থাৎ এ শহরকে এতদিন বলা হতো 'প্রাচীন পর্বতশৃঙ্গ'। কিন্তু এটি আসলে নতুন পর্বতশৃঙ্গ।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

ফিলিপাইন

ক্ষমতায় স্বৈরশাসকের সন্তান

৯ মে ২০২২ অনুষ্ঠিত প্রেসিডেন্ট নির্বাচনে জয়লাভ করেন ফার্দিনান্দ মার্কোস জুনিয়র ওরফে বংবং। নির্বাচনে তিনি ৫৬% ভোট পান। ৩০ জুন ২০২২ তিনি প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন। পিতা ক্ষমতায় থাকা অবস্থায় ১৯৮০ সালে ২৩ বছর বয়সে দেশটির উত্তরের প্রদেশ ইলোকোস নর্তের ডেপুটি গভর্নর হওয়ার মধ্য দিয়ে রাজনীতিতে প্রবেশ করেন ফার্দিনান্দ মার্কোস জুনিয়র। তিনি বংবং নামেই বেশি পরিচিত। ১৯৯১ সালে জুনিয়র মার্কোস ও তার পরিবার দেশে ফিরে আবার ফিলিপাইনের রাজনীতিতে পুনর্বাসিত হন। ১৯৯২ সালে আইনসভার নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের সদস্য নির্বাচিত হন। ১৯৯৫ সালে বংবং মার্কোস সরকারি কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে কর ফাঁকির অভিযোগে দোষী সাব্যস্ত হন। ২০১০ সালে সিনেটর নির্বাচিত হন। ২০১৬ সালে ভাইস প্রেসিডেন্ট নির্বাচনে তিনি পরাজিত হন।

বংবংয়ের বাবা ফার্দিনান্দ মার্কোস ছিলেন ফিলিপাইনের নিষ্ঠুর স্বৈরশাসক। তার মা ইমেলদা মার্কোস কুখ্যাতি কুড়িয়েছিলেন ৩,০০০ জোড়া জুতার বিশাল সংগ্রহের জন্য। ৩০ ডিসেম্বর ১৯৬৫ ফার্দিনান্দ মার্কোস দেশটির দশম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। ২৩ সেপ্টেম্বর ১৯৭২ প্রেসিডেন্ট মার্কোস মার্শাল ল জারি করে দেশের আদালত, ব্যবসা ও গণমাধ্যমের নিয়ন্ত্রণ নিজ হাতে নিয়ে নেন। সেনাবাহিনী ও পুলিশ তৎকালীন ভিন্নমতাদর্শের হাজার হাজার মানুষকে গ্রেপ্তার করে। তার স্ত্রী ইমেলদা ও ঘনিষ্ঠজনেরা সরকারি তহবিল থেকে ১,০০০ কোটি মার্কিন ডলার লুট করেন। ২২-২৫ ফেব্রুয়ারি ১৯৮৬ ফার্দিনান্দ মার্কোস গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হন। এরপর সপরিবারে যুক্তরাষ্ট্রের হাওয়াই চলে যান। নির্বাসিত অবস্থায় ২৮ সেপ্টেম্বর ১৯৮৯ মৃত্যু হয় মার্কোস সিনিয়রের। দুই দশকের স্বৈরশাসনে ১০ বিলিয়ন ডলারের বেশি অবৈধ আয়ের অভিযোগে অভিযুক্ত হন ফার্দিনান্দ মার্কোস।

নেপাল

সাপ্তাহিক ছুটি দুইদিন

২৮ এপ্রিল ২০২২ নেপালের মন্ত্রিসভার বৈঠকে রবিবারকেও সাপ্তাহিক সরকারি ছুটির দিন করার সিদ্ধান্ত নেওয়া হয়। পরীক্ষামূলকভাবে নতুন এ সিদ্ধান্ত মে মাসের মাঝামাঝি থেকে কার্যকর হয়। এ সময়ে অফিস টাইম সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত নির্ধারণ করা হয়। এর আগে দেশটিতে সাপ্তাহিক ছুটির দিন ছিল শনিবার। নতুন ছুটির দিন ঘোষণা করায় দেশটিতে সাপ্তাহিক সরকারি ছুটি এখন দুই দিন।

ভারতের সাথে সমঝোতা স্মারক

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেপাল সফরকালে ১৬ মে ২০২২ দুই দেশের মধ্যে ছয়টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য হলো পূর্ব নেপালের সাঙ্খুওয়াসভায় নির্মিতব্য অরুণ-৪ জলবিদ্যুৎ প্রকল্প। সমঝোতা স্মারক অনুসারে, যৌথ বিনিয়োগের এ প্রকল্প থেকে ২১.৯% বা ১৫২ মেগাওয়াট বিনামূল্যে পাবে নেপাল। বাকি ৭৮.১% বিদ্যুৎ ভারতীয় কর্তৃপক্ষের কাছ থেকে কিনে নিতে হবে তাদের।

এভারেস্ট জয়

■ **২৬ বার** ➤ ৭ মে ২০২২ নেপালি পর্বতারোহী কামি রিতা শেরপা ২৬ বারের মতো পৃথিবীর সর্বোচ্চ শৃঙ্গ মাউন্ট এভারেস্ট জয় করে রেকর্ড করেন। ১৩ মে ১৯৯৪ প্রথমবার মাউন্ট এভারেস্টের শৃঙ্গে পা রাখেন কামি রিতা শেরপা।

■ **নারী হিসেবে দশমবার** ➤ নারী পর্বতারোহীদের মধ্যে লাকপা শেরপা ১২ মে ২০২২ নিজের নবম বারের রেকর্ড ভেঙে দশমবারের মতো এভারেস্ট জয় করেন। ১৮ সেপ্টেম্বর ২০০০ লাকপা প্রথমবার মাউন্ট এভারেস্টের শৃঙ্গে পা রাখেন।

■ **১৬ বার** ➤ ১৪ মে ২০২২ নেপালের পাদদেশে বসবাসকারী শেরপা ব্যতীত প্রথম কোনো ব্যক্তি হিসেবে যুক্তরাজ্যের কেন্টন কুল ১৬ বারের মতো এভারেস্ট জয় করেন।

হন্ডুরাসের প্রেসিডেন্টকে হস্তান্তর

২১ এপ্রিল ২০২২ হন্ডুরাসের সাবেক প্রেসিডেন্ট হুয়ান অরল্যান্ডো হার্নান্দেজকে মাদক মামলায় বিচারের মুখোমুখি করার জন্য যুক্তরাষ্ট্রের কাছে হস্তান্তর করা হয়। তিনি ২০০৪ সাল থেকে প্রায় ৫০০ টন কোকেন প্রধানত কলম্বিয়া এবং ভেনিজুয়েলা থেকে হন্ডুরাস হয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে পাচার করতে সহায়তা করেন। ৫৩ বছর বয়সি হার্নান্দেজ ২৭ জানুয়ারি ২০১৪-২৭ জানুয়ারি ২০২২ মেয়াদে প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন। দেশটির রাজধানী তেগুসিগাল্পা থেকে হার্নান্দেজকে নিয়ে একটি বিমান যুক্তরাষ্ট্রের উদ্দেশে রওনা দেয়।

পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী

২৭ এপ্রিল ২০২২ পাকিস্তানের ৩৭তম পররাষ্ট্রমন্ত্রী হিসেবে শপথ নেন পাকিস্তান পিপলস পার্টির (PPP) চেয়ারম্যান বিলাওয়াল ভুট্টো জারদারি। বিলাওয়াল প্রয়াত প্রধানমন্ত্রী বেনজীর ভুট্টো ও সাবেক প্রেসিডেন্ট আসিফ আলী জারদারির ছেলে এবং প্রয়াত আরেক প্রধানমন্ত্রী ও পিপিপির প্রতিষ্ঠাতা জুলফিকার আলী ভুট্টোর নাতি। জুলফিকার আলী ভুট্টোর পর ৩৩ বছর বয়সি বিলাওয়াল হলেন পরিবারের দ্বিতীয় সদস্য যিনি পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব নিলেন। তিনি দেশটির সর্বকনিষ্ঠ পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নানা জুলফিকার আলী ভুট্টোর রেকর্ড ভেঙে দেন। শপথ নেওয়ার দিন তার বয়স ছিল ৩৩ বছর ৭ মাস ৬ দিন। জুলফিকার আলী ভুট্টো ৩৫ বছর ৫ মাস ১০ দিন বয়সে পররাষ্ট্রমন্ত্রী হিসেবে শপথ নেন। ২৭ ডিসেম্বর ২০০৭ সন্ত্রাসী হামলায় তার মা বেনজির ভুট্টো নিহত হওয়ার পর ৩০ ডিসেম্বর ২০০৭ মাত্র ১৯ বছর বয়সে PPP'র চেয়ারম্যান হন তিনি।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

সংকটের ঘূর্ণিপাকে শ্রীলংকা

৪ ফেব্রুয়ারি ১৯৪৮ স্বাধীনতা অর্জনের পর শ্রীলংকা অর্থনীতিতে দ্রুতগতিতে এগিয়ে যায়। প্রবৃদ্ধির হারও ছিল বেশ সন্তোষজনক। শ্রীলংকা দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে প্রথম উন্নয়নশীল রাষ্ট্র হিসেবে স্বীকৃতি পায়। দলমত নির্বিশেষে দেশটির সরকার মানবসম্পদ উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছে। দেশটি আজ অর্থনৈতিক আর রাজনৈতিক সংকটের ঘূর্ণিপাকে।

নায়ক থেকে খলনায়ক

রাজাপাকসে পরিবারের দুই ভাই মাহিন্দা ও গোতাবায়ার নেতৃত্বে শ্রীলংকা সরকার তামিল টাইগারদের বিরুদ্ধে সাহসী ভূমিকা নিয়ে ২০০৯ সালে ২৬ বছরের গৃহযুদ্ধের অবসান ঘটায়। কালের পরিক্রমায় ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে তারা কুক্ষিগত করেন রাষ্ট্রীয় ক্ষমতা, পরিবারতন্ত্রের বেড়াজালে আটকে শিকেয় তোলেন দেশের অর্থনীতি। দুর্নীতি আর অব্যবস্থাপনার কবলে পড়ে প্রাণ ওষ্ঠাগত হয় দেশের প্রায় ২ কোটি ২০ লাখ মানুষের। দেশের এ পরিণতির জন্য দায়ী— রাজাপাকসে পরিবারের দুই ভাই মাহিন্দা আর গোতাবায়া। যুদ্ধজয়ী সেই 'মানিকজোড়' আর তাদের জ্ঞাতিগোষ্ঠীরা এখন দেশের খলনায়ক। ১৯৩৬ সালে মাহিন্দা রাজাপাকসের দাদা ডন ম্যাথিউ রাজাপাকসের হাত ধরে 'রাজাপাকসে রাজ' পরিবারটি রাজনীতিতে আসে। ৯ মে ২০২২ অপমানজনকভাবে বিদায় নেন মাহিন্দা রাজাপাকসে। তিনি ১৮ নভেম্বর ১৯৪৫ দক্ষিণাঞ্চলীয় হাম্বানটোটার এক সম্পদশালী পরিবারে জন্মগ্রহণ করেন। ১৯৭০ সালে মাত্র ২৪ বছর বয়সে পার্লামেন্টের সর্বকনিষ্ঠ সদস্য নির্বাচিত হন। ৬ এপ্রিল ২০০৪ প্রধানমন্ত্রী হন মাহিন্দা রাজাপাকসে। এরপর এলটিটিই'র সঙ্গে দীর্ঘদিন ধরে চলা রক্তক্ষয়ী গৃহযুদ্ধের অবসান ঘটিয়ে শ্রীলংকার মানুষের কাছে নায়ক হয়ে ওঠেন। যা তাকে ২০১০ সালে বড় জয়ের মাধ্যমে ক্ষমতায় ফিরে আসতে সাহায্য করে। ২০১৯ সালে জাতীয় নিরাপত্তা ইস্যুকে ভর করে প্রেসিডেন্ট নির্বাচিত হন গোতাবায়া রাজাপাকসে। ২১ নভেম্বর ২০১৯ ভাই মাহিন্দা রাজাপাকসেকে প্রধানমন্ত্রী করেন গোতাবায়া রাজাপাকসে।

মাহিন্দা

গোতাবায়া

নতুন প্রধানমন্ত্রী

১২ মে ২০২২ নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন রনিল বিক্রমাসিংহে। এর মধ্য দিয়ে তিনি পঞ্চমবারের মতো প্রধানমন্ত্রী হলেন। সংসদে মাত্র একটি আসন নিয়ে প্রধানমন্ত্রীর চেয়ারে বসা বিক্রমাসিংহে ৫,০০০ কোটি ডলার বৈদেশিক ঋণের দায়ে ঋণখেলাপি একটি দেশের দায়িত্ব নেন। ১৯৭৭ সালে তিনি প্রথম সংসদ সদস্য নির্বাচিত হন। ১ মে ১৯৯৩ তামিল গেরিলাদের হাতে সাবেক প্রেসিডেন্ট রানাসিংহে প্রেমাদাসা নিহত হওয়ার পর ৭ মে ১৯৯৩ প্রথমবার শ্রীলংকার প্রধানমন্ত্রী হন বিক্রমাসিংহে।

বিবিধ তথ্য

- Temple Trees কলম্বোয় অবস্থিত প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন।
- শ্রীলংকার সংসদে মোট আসন ২২৫টি।
- দেশটির অর্থনীতির তিনটি প্রধান খাত হলো পর্যটন, কৃষি ও চা।
- শ্রীলংকা তিনটি জাতিগোষ্ঠীর দেশ— সিংহলি বৌদ্ধ, মুসলিম এবং তামিল।
- দেশটির সবচেয়ে বড় দ্বিপক্ষীয় ঋণদাতা চীন।
- শ্রীলংকা দ্বিতীয় বৃহত্তম সমুদ্র বন্দর হাম্বানটোটা ২০১৭ সালে চীনের কাছে ৯৯ বছরের জন্য ইজারা দেয়।

সাম্প্রতিক সংকট

৩১ মার্চ : শত শত বিক্ষোভকারী প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপাকসের পদত্যাগের দাবিতে তার বাসভবনে হামলার চেষ্টা করে।

১ এপ্রিল : বিক্ষোভ ছড়িয়ে পড়ায় গোতাবায়া দেশজুড়ে জরুরি অবস্থা জারি করেন। আইন প্রয়োগকারী সংস্থাকে সন্দেহভাজনদের গ্রেপ্তার ও আটক রাখার ক্ষমতা দেন।

২ এপ্রিল : দেশজুড়ে ৩৬ ঘণ্টার কারফিউ জারি এবং সেনা মোতায়েন।

৩ এপ্রিল : গভীর রাতে শ্রীলংকার মন্ত্রিসভার প্রায় সব সদস্য ইস্তফা দেন।

৪ এপ্রিল : রাজাপাকসের সরকার বিরোধী দলের সঙ্গে ক্ষমতা ভাগাভাগির প্রস্তাব দেয়। কিন্তু বিরোধীরা রাজি হয়নি।

৫ এপ্রিল : শপথ নেওয়ার পরপরই অর্থমন্ত্রী আলী সাবরি পদত্যাগ করেন।

১০ এপ্রিল : চিকিৎসকেরা বিবৃতি দেন, জীবন রক্ষাকারী ওষুধের মজুত প্রায় শেষ। তারা সতর্ক করেন, ওষুধের সংকটে করোনাভাইরাসের চেয়ে বেশি মানুষের মৃত্যু হতে পারে।

১২ এপ্রিল : সরকার ৫১ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক ঋণ খেলাপির ঘোষণা দেয়। অতি প্রয়োজনীয় পণ্য কিনতে বৈদেশিক মুদ্রার রিজার্ভও শেষের দিকে বলে জানায়।

১৮ এপ্রিল : মন্ত্রিসভার নতুন সদস্য নিয়োগ। তবে নতুন সরকারে নিজের বড় ভাই মাহিন্দাকে প্রধানমন্ত্রী হিসেবে রাখেন গোতাবায়া।

১৯ এপ্রিল : টানা কয়েক সপ্তাহের সরকারবিরোধী বিক্ষোভে পুলিশের গুলিতে প্রথম মৃত্যু।

২৮ এপ্রিল : দেশব্যাপী ডাকা সাধারণ ধর্মঘটে শ্রীলংকা থমকে যায়।

৭ মে : দ্বিতীয়বারের মতো জরুরি অবস্থা জারি।

৯ মে : ক্ষমতাসীন দল ও সরকারবিরোধী বিক্ষোভকারীদের সংঘর্ষের পর প্রধানমন্ত্রীর পদ থেকে মাহিন্দা রাজাপাকসের পদত্যাগ।

১২ মে : রনিল বিক্রমাসিংহেকে প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ।

১৪ মে : শ্রীলংকার প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপাকসে নিজ দলের চার সদস্যকে মন্ত্রী হিসেবে নিয়োগ দেন।

২১ মে : জরুরি অবস্থা প্রত্যাহার।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

জাতীয় ক্রীড়া পুরস্কার

১১ মে ২০২২ ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে ২০১৩-২০২০ সাল পর্যন্ত জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য মনোনীত বিশিষ্ট খেলোয়াড় ও ক্রীড়া সংগঠকদের এ পুরস্কার দেওয়া হয়। মনোনীত ৮৫ জনের মধ্যে ৮ জনকে দেওয়া হয় মরণোত্তর পুরস্কার।

২০১৩ ➤ ১১ জন : মুজাফফর হোসেন পল্টু (সংগঠক) • মো. ইলিয়াস হোসেন (ফুটবল) • খালেদ মাহমুদ সুজন (ক্রিকেট) • মো. শাহজাহান মিজি (সাঁতার) • রোকেয়া বেগম খুকী (অ্যাথলেটিক্স) • বেগম জ্যোৎস্না আক্তার (অ্যাথলেটিক্স) • মুনিরা মোর্শেদ খান (টেবিল টেনিস) • ভোলা লাল চৌহান (স্কোয়াশ) • কাজী মাহতাব উদ্দিন আহমেদ (মরণোত্তর-সংগঠক) • উইং কমান্ডার (অব.) মহিউদ্দিন আহমেদ (সংগঠক) ও সামশুল হক চৌধুরী (সংগঠক)।

২০১৪ ➤ ১০ জন : ইমতিয়াজ সুলতান জনি (ফুটবল) • মো. এহসান নাম্মি (হকি) • মো. সামছুল ইসলাম (সাঁতার) • মিউরেল গোমেজ (অ্যাথলেটিক্স) • বেগম কামরুন নেছা (অ্যাথলেটিক্স) • মো. জোবায়েদুর রহমান রানা (ব্যাডমিন্টন) • শামসুল বারী (মরণোত্তর-সংগঠক) • মো. ফজলুর রহমান বাবুল (সংগঠক) • সৈয়দ শাহেদ রেজা (সংগঠক) ও মো. এনায়েত হোসেন সিরাজ (সংগঠক)।

২০১৫ ➤ ১১ জন : জুয়েল রানা (ফুটবল) • বরুন বিকাশ দেওয়ান (ফুটবল) • ফারহাদ জেসমীন লিটি (অ্যাথলেটিক্স) • বেগম রেহানা জামান (সাঁতার) • শিউলী আক্তার সাথী (ব্যাডমিন্টন) • আহমেদ সাজ্জাদুল আলম (সংগঠক) • খাজা রহমতউল্লাহ (মরণোত্তর-সংগঠক) • মো. আহমেদুর রহমান বাবলু (সংগঠক) • জেসমিন আক্তার (খেলোয়াড়) • ড. শেখ আবদুস সালাম (সংগঠক) ও মাহতাবুর রহমান বুলবুল (সংগঠক)।

২০১৬ ➤ ১৩ জন : খন্দকার রকিবুল ইসলাম (ফুটবল) • আরিফ খান জয় (ফুটবল) • সুলতানা পারভীন লাভলী (অ্যাথলেটিক্স) • কাজী হাবিবুল বাশার সুমন (ক্রিকেট) • মোহাম্মদ মনিরুজ্জামান (সাঁতার) • কাজল দত্ত (ভারোত্তোলন) • শামীম-আল-মামুন (ভলিবল) • জালাল ইউনুস (সংগঠক) • মো. তোফাজ্জল হোসেন (সংগঠক) • আব্দুর রাজ্জাক (মরণোত্তর-সংগঠক) • তাবিউর রহমান পালোয়ান (সংগঠক) • লে. কর্ণেল (অব.) এ কে সরকার (সংগঠক) ও জেড. আলম (মরণোত্তর-রেফারি)।

২০১৭ ➤ ১১ জন : আবু ইউসুফ (ফুটবল) • মাহাবুব হারুন (হকি) • রহিমা খানম যুথী (অ্যাথলেটিক্স) • মো. সেলিম মিয়া (সাঁতার) • শাহরিয়া সুলতানা সুচি (ভারোত্তোলন) • ওয়াসিফ আলী (বাস্কেটবল) • আওলাদ হোসেন (সংগঠক) • শেখ বশির আহমেদ মামুন (সংগঠক) • আসাদুজ্জামান কোহিনুর (সংগঠক) • হাজী মো. খোরশেদ আলম (সংগঠক) ও এটিএম শামসুল আলম আনু (মরণোত্তর-সংগঠক)।

২০১৮ ➤ ১০ জন : কাজী আনোয়ার হোসেন (ফুটবল) • জ্যোৎস্না আফরোজ (অ্যাথলেটিক্স) • মীর রবীউজ্জামান (জিমন্যাস্টিক্স) • মো. আলমগীর আলম (হকি) • মাহমুদুল হাসান রানা (সংগঠক) • নিবেদিতা দাস (সাঁতার) • শওকত আলী খান জাহাঙ্গীর (সংগঠক) • রফিক উল্যা আখতার (সংগঠক) • মো. মোয়াজ্জেম হোসেন (সংগঠক) ও তৈয়েব হাসান সামছুজ্জামান (সংগঠক)।

২০১৯ ➤ ১১ জন : টুটুল কুমার নাগ (হকি) • দিপু রায় চৌধুরী (ক্রিকেট) • মাহফুজা রহমান তানিয়া (সাঁতার) • ফারহানা সুলতানা শীলা (সাইক্লিং) • মাহবুবুর রব (ব্যাডমিন্টন) • তানভীর মাজহার তান্না (সংগঠক) • কাজী নাবিল আহমেদ (সংগঠক) • ইন্তেখাবুল হামিদ (সংগঠক) • অরুণ চন্দ্র চাকমা (সংগঠক) • লে. জে. মইনুল ইসলাম (অব.) (সংগঠক) ও সাদিয়া আক্তার ঊর্মি (টেবিল টেনিস)।

২০২০ ➤ ৮ জন : শহীদ লে. শেখ জামাল (মরণোত্তর-সংগঠক) • মো. মহসিন (ফুটবল) • মাহবুবুল এহসান রানা (হকি) • আবদুল্লাহ আল রাকিব (দাবা) • বেগম নিলুফা ইয়াসমিন (অ্যাথলেটিক্স) • আবদুল কাদের স্মরণ (ব্যাডমিন্টন-বুদ্ধি প্রতিবন্ধী) • আফজালুর রহমান সিনহা (মরণোত্তর-ক্রিকেট) ও নাজমুল আবেদীন ফাহিম (সংগঠক) ক্রিকেট কোচ।

জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়াক্ষেত্রে অবদান রাখার জন্য ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের জাতীয় ক্রীড়া পুরস্কার দেওয়া হয়। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এটি দিয়ে থাকে। বাংলাদেশের ক্রীড়াঙ্গনে অনন্য অবদান রাখার জন্য ১৯৭৬ সালে এই পুরস্কার প্রবর্তন করা হয়। ঐ বছর আটজন পুরস্কৃত হন। পুরস্কার প্রাপ্তরা একটি স্বর্ণপদক ও এক লাখ টাকার অর্থ পুরস্কার পেয়ে থাকেন। ছয় বছর নিয়মিত দেওয়ার পর ১৯৮২ সালে বন্ধ হয়ে যায় জাতীয় ক্রীড়া পুরস্কার। ১৯৯৬ সালে আবার চালু করা হয়। ২০২২ সাল পর্যন্ত ৩১৪ জন ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠক পেয়েছেন এ পুরস্কার।



আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

নতুন মালিকানায় চেলসি

৭ মে ২০২২ ইংলিশ ক্লাব চেলসির ওয়েবসাইটে আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হয় চেলসির নতুন মালিক যুক্তরাষ্ট্রের ব্যবসায়ী টড বোয়েলি ও তার নেতৃত্বাধীন ক্রিয়ারলেক ক্যাপিটাল, মার্ক ওয়াল্টার এবং সুইস বিলিয়নিয়ার হ্যান্সজর্গ ওয়েসের ব্যবসায়িক গ্রুপ। চেলসির মালিকানা পেতে টড বোয়েলির খরচ হয় মোট ৫২০ কোটি ডলার (প্রায় ৪৫,০০০ কোটি টাকা)। এর মধ্যে তিনি ৩১০ কোটি ডলার ব্যয় করেন চেলসির শেয়ার কিনতে। বাকি অর্থ বিনিয়োগ করবেন ক্লাবের বিভিন্ন প্রকল্পে। আবাসন, প্রযুক্তি, শেয়ার, খাদ্য ও মিডিয়া ব্যবসার সঙ্গে জড়িত বোয়েলির যুক্তরাষ্ট্রের বেসবল দল লস অ্যাঞ্জেলেস ডজার্স ও এনবিএ দল লস অ্যাঞ্জেলেস লেকার্সেও মালিকানা রয়েছে। এর মাধ্যমেই শেষ হলো চেলসিতে রোমান আব্রামোভিচ অধ্যায়। ২০০৩ সালে চেলসি কেনার পর ক্লাবটিকে ইংলিশ ও ইউরোপিয়ান ফুটবলের পরাশক্তি হিসেবে প্রতিষ্ঠিত করেন রাশিয়ান এই ধনকুবের।

উইজডেনের বর্ষসেরা

২১ এপ্রিল ২০২২ ক্রিকেটের বাইবেল খ্যাত উইজডেন ক্রিকেটার্স অ্যালমানাক ২০২১ সালের বর্ষসেরা ক্রিকেটারদের তালিকা প্রকাশ করে। বর্ষসেরা ক্রিকেটার পুরস্কারটি ১৮৮৯ সাল থেকে অদ্যাবধি প্রদান করা হচ্ছে। পরবর্তীতে ১৯০২ সাল থেকে উইজডেন কর্তৃপক্ষ বৈশ্বিক পর্যায়ে প্রতি বছর পাঁচজন ক্রিকেটারকে পুরস্কার প্রদান করছে। এছাড়াও, ২০০৪ সালে উইজডেন বিশ্বের শীর্ষস্থানীয় ক্রিকেটার পুরস্কারটি প্রবর্তন করে।

উইজডেনের ১৫৯তম সংস্করণে প্রকাশিত তালিকা— লিডিং ক্রিকেটার (পুরুষ) ‖ জো রুট (ইংল্যান্ড) ‖ লিডিং ক্রিকেটার (নারী) ‖ লিজেল লি (দক্ষিণ আফ্রিকা) ‖ টি-২০'র লিডিং ক্রিকেটার ‖ মোহাম্মদ রিজওয়ান (পাকিস্তান) ‖ বর্ষসেরা ক্রিকেটার ‖ যশপ্রীত বুমরা (ভারত) ♦ রোহিত শর্মা (ভারত) ♦ ডেভন কনওয়ে (নিউজিল্যান্ড) ♦ ওলি রবিনসন (ইংল্যান্ড) ♦ ড্যান ফন নিকার্ক (দক্ষিণ আফ্রিকা)।

টেবিল টেনিসে স্বর্ণজয়

আন্তর্জাতিক টুর্নামেন্টে সোনার পদক সোনার হরিণ হয়েই ছিল বাংলাদেশের টেবিল টেনিসে। অবশেষে ১০ মে ২০২২ মালদ্বীপে দক্ষিণ এশিয়ান জুনিয়র অ্যান্ড ক্যাডেট টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপে বালক অনূর্ধ্ব-১৯ দলগত ইভেন্টে সোনা জিতে বাংলাদেশ। শ্রীলংকাকে ৩-২ গেমে হারিয়ে প্রথমবারের মতো কোনো আন্তর্জাতিক ইভেন্টে সোনা জিতে বাংলাদেশ দল। আর তাতেই এশিয়ান চ্যাম্পিয়নশিপে সরাসরি খেলার সুযোগ পেল বাংলাদেশ। এবার বার্মিংহাম কমনওয়েলথ গেমসে কোয়ালিফাই করার পাশাপাশি দক্ষিণ এশিয়ান জুনিয়র টিটিতে জিতলো স্বর্ণ।

ঢাকা প্রিমিয়ার লিগ (DPL) ২০২১-২২

সময় : ১৫ মার্চ-২৮ এপ্রিল ২০২২ ‖ আয়োজন : ৩৫তম ‖ ক্রিকেট ফরম্যাট : লিস্ট এ ‖ আয়োজক : বাংলাদেশ ক্রিকেট বোর্ড ‖ অংশগ্রহণকারী দল : ১১টি ‖ মোট ম্যাচ : ৭৩টি ‖ চ্যাম্পিয়ন : শেখ জামাল ধানমন্ডি ক্লাব (প্রথমবার) ‖ রানার্স-আপ : লিজেন্ডস অব রূপগঞ্জ ‖ সর্বোচ্চ রান : এনামুল হক বিজয় (১,১৩৮) ‖ সর্বোচ্চ উইকেট পায় : রাকিবুল হাসান (২৯)।

রোল অব অনার

চ্যাম্পিয়ন	সাল
শেখ জামাল	২০২১-২২
আবাহনী	২০১৯-২০
আবাহনী	২০১৮-১৯
আবাহনী	২০১৭-১৮
গাজী গ্রুপ	২০১৬-১৭
আবাহনী	২০১৫-১৬
প্রাইম ব্যাংক	২০১৪-১৫
গাজী ট্যাংক	২০১৩-১৪

এক মৌসুমে সর্বোচ্চ রান

ঢাকা প্রিমিয়ার ক্রিকেট লিগ লিস্ট 'এ' মর্যাদা পাওয়ার পর প্রথম ব্যাটসম্যান হিসেবে এক মৌসুমে ১,০০০ রান করেন প্রাইম ব্যাংকের এনামুল হক।

রান	ব্যাটসম্যান	দল	মৌসুম
১,১৩৮	এনামুল হক	প্রাইম ব্যাংক	২০২১-২২
৮৩৬	নাঈম ইসলাম	লিজেন্ডস অব রূপগঞ্জ	২০২১-২২
৮১৪	সাইফ হাসান	প্রাইম দোলেশ্বর	২০১৮-১৯
৮০৭	মোহাম্মদ নাঈম	লিজেন্ডস অব রূপগঞ্জ	২০১৮-১৯
৭৮১	রকিবুল হাসান	মোহামেডান	২০১৮-১৯

– লিস্ট 'এ' মর্যাদা পাওয়ার আগে ঢাকা প্রিমিয়ার লিগে ২০০০-০১ মৌসুমে মোহামেডানের হয়ে সর্বোচ্চ ১,২২৭ রান করেন স্টিভ টিকোলো।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

ফরাসি কাপে নারী রেফারি

পুরুষদের ফরাসি কাপ ফুটবলের ফাইনাল পরিচালনার মাধ্যমে ইতিহাস রচনা করেন নারী রেফারি স্তেফানি ফ্রাপার্ত। ২১ এপ্রিল ২০২২ ম্যাচ পরিচালনার দায়িত্ব তার হাতে অর্পণ করে ফ্রেঞ্চ ফুটবল ফেডারেশন (FFF)। ৭ মে ২০২২ প্যারিসের স্তাদে ডি ফ্রান্সে নিস বনাম নঁতের মধ্যকার ম্যাচটি পরিচালনা করেন ৩৮ বছর বয়সি ফ্রাপার্ত। ২০১৯ সালে প্রথম মহিলা রেফারি হিসেবে লিগ ওয়ানের ম্যাচ পরিচালনা করেন তিনি। একই বছর ইউরোপীয় সুপার কাপ এবং ২০২০ সালের শেষ দিকে পুরুষদের চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচও পরিচালনা করেন। জুলাইয়ে মহিলাদের ইউরো টুর্নামেন্টের রেফারি প্যানেলেও স্থান পান ফ্রাপার্ত।

MCC'র সভাপতি

পেশাদার ক্রিকেট কিংবা প্রশাসক বা সংগঠক হিসেবেও কখনো ক্রিকেটে না জড়ানো ব্রিটিশ অভিনেতা স্টিফেন ফ্রাই MCC'র পরবর্তী সভাপতি নির্বাচিত হন। ২০১১ সালে মেরিলিবোন ক্রিকেট ক্লাবের (MCC) সদস্য হওয়া ফ্রাই স্থলাভিষিক্ত হবেন বর্তমান সভাপতি ইংল্যান্ড মেয়েদের ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ক্লেয়ার কনরের। ১ অক্টোবর ২০২২ ক্রিকেটের আইনপ্রণেতা সংস্থাটির সভাপতি হিসেবে দায়িত্ব নেবেন ৬৪ বছর বয়সি এ কৌতুক অভিনেতা।

নতুন নিয়মে চ্যাম্পিয়নস লিগ

২০২৪ সাল থেকে বদলে যাচ্ছে চ্যাম্পিয়নস লিগের নিয়ম। নতুন রূপে ঢেলে সাজানো হবে ইউরোপীয় শ্রেষ্ঠত্বের সর্বোচ্চ এ প্রতিযোগিতাকে। ১০ মে ২০২২ অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় সভা শেষে আনুষ্ঠানিক ঘোষণা দেয় উয়েফার কার্যনির্বাহী কমিটি। নতুন আঙ্গিকে হতে যাওয়া চ্যাম্পিয়নস লিগের পরিবর্তিত নিয়মে থাকছে— চার দল বাড়িয়ে ৩৬ দলের টুর্নামেন্ট ‖ ম্যাচের সংখ্যা বাড়ছে ১০০টি ‖ দুটি দল পাচ্ছে ওয়াইল্ডকার্ড এন্ট্রি ‖ থাকছে না গ্রুপ পর্ব ‖ লিগ পর্বেই থাকছে প্লে-অফ ‖ শীর্ষ আট দল সরাসরি নকআউট পর্বে (শেষ ১৬) খেলবে ‖ ৯ম-২৪তম দল দুই লেগের বাছাইপর্ব খেলে শেষ ১৬-তে আসবে ‖ সপ্তাহে দুই দিনের জায়গায় তিন দিন হবে ম্যাচ।

Laureus World Sports Awards 2021

ক্রিকেটের অস্কারখ্যাত মর্যাদাসম্পন্ন পুরস্কার Laureus World Sports Awards। ২৪ এপ্রিল ২০২২ আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে ২০২১ সালের শ্রেষ্ঠ খেলোয়াড়দের নামের তালিকা ভার্চুয়ালি প্রকাশ করা হয়। উল্লেখ্য, ২০০০ সাল থেকে এ পুরস্কার প্রদান করা হয়।

পুরস্কারের ক্ষেত্র	জয়ী	দেশ	ক্রীড়াক্ষেত্র
ক্রীড়াবিদ	ম্যাক্স ভার্স্টাপেন	বেলজিয়াম	কার রেস
নারী ক্রীড়াবিদ	এলাইন থমসন হেরাহ	জ্যামাইকা	অ্যাথলেটিক্স
প্রত্যাবর্তন	স্কাই ব্রাউন	যুক্তরাজ্য	স্নোবোর্ড
প্রতিবন্ধী ক্রীড়াবিদ	মার্সেল হাগ	সুইজারল্যান্ড	অ্যাথলেটিক্স
ব্রেক থ্রু অব দ্য ইয়ার	এমা রাদুকানু	যুক্তরাজ্য	টেনিস
আক্সন স্পোর্টস পার্সন অব দ্য ইয়ার	বেথানি শ্রিভার	যুক্তরাজ্য	সাইক্লিং
বর্ষসেরা দল	জাতীয় পুরুষ ফুটবল দল	ইতালি	ফুটবল
লাইফটাইম অ্যাচিভমেন্ট	টম ব্রাডি	যুক্তরাষ্ট্র	ফুটবল
ব্যতিক্রমী অ্যাচিভমেন্ট	রবার্ট লেভান্ডভোস্কি	পোল্যান্ড	ফুটবল
ক্রীড়া উপদেষ্টা	গোরাল্ড আশামোহ	জার্মানি	ফুটবল

ICC'র র‍্যাংকিংয়ে বাংলাদেশ

৪ মে ২০২২ আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) তাদের বার্ষিক হালনাগাদের পর সদস্যগুলোর র‍্যাংকিং প্রকাশ করে। ক্রিকেটের তিন ফরম্যাট— টেস্ট, ওয়ানডে এবং টি-২০'র র‍্যাংকিং প্রকাশ করা হয়। তালিকায় শীর্ষ দেশ এবং বাংলাদেশের অবস্থান দেওয়া হলো—

ফরম্যাট	শীর্ষ দেশ	বাংলাদেশ
টেস্ট	অস্ট্রেলিয়া	নবম
ওয়ানডে	নিউজিল্যান্ড	সপ্তম
টি-২০	ভারত	অষ্টম

বাংলাদেশের উইন্ডিজ সফর সূচি-২০২২

তারিখ	ম্যাচ	ভেন্যু
১৬-২০ জুন	প্রথম টেস্ট	অ্যান্টিগুয়া
২৪-২৮ জুন	দ্বিতীয় টেস্ট	সেন্ট লুসিয়া
২ জুলাই	প্রথম টি-২০	ডমিনিকা
৩ জুলাই	দ্বিতীয় টি-২০	ডমিনিকা
৭ জুলাই	তৃতীয় টি-২০	গায়ানা
১০ জুলাই	প্রথম ওয়ানডে	গায়ানা
১৩ জুলাই	দ্বিতীয় ওয়ানডে	গায়ানা
১৬ জুলাই	তৃতীয় ওয়ানডে	গায়ানা

বিবিধ

- ৯ মে ২০২২ সৌদি আরবের পর্যটন দূত হিসেবে নিয়োগ পান ফুটবলের জাদুকর আর্জেন্টাইন কিংবদন্তি লিওনেল মেসি।
- ১০ মে ২০২২ প্রথম বাংলাদেশি খেলোয়াড় হিসেবে সংযুক্ত আরব আমিরাতের গোল্ডেন ভিসা পান মোহাম্মদ আশরাফুল। দুবাই ইমিগ্রেশন বাংলাদেশি এই তারকা ক্রিকেটারকে ১০ বছর মেয়াদি এ ভিসা প্রদান করে।
- উইজডেনের ক্রিকেটীয় পেশাদার কিংবা শৌখিন আলোকচিত্র প্রতিযোগিতায় বাংলাদেশের দুজনের ছবি জায়গা পেয়েছে ২০২১ সালের নির্বাচিত তালিকায়। বাংলাদেশের দুই আলোকচিত্রীর নাম সৈয়দ মাহাবুবুল কাদের ও আবদুল মমিন।
- ১৪ মে ২০২২ মরক্কোর থ্রোন কাপ ফাইনালে এএস ফারের মুখোমুখি হয় মোঘরেব তেতুয়ান। ছেলেদের এ ম্যাচে আরব বিশ্বের প্রথম নারী হিসেবে রেফারির দায়িত্ব পালন করেন বুশরা কারবৌবি।
- ২৮ এপ্রিল ২০২২ ইংল্যান্ডের ৮১তম টেস্ট অধিনায়ক হিসেবে বেন স্টোকসের নাম ঘোষণা করে ইংল্যান্ড ও ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

বাজেট ইতিবৃত্ত

সরকারের যে কর্মকাণ্ডের ওপর সব মহলের মোটামুটি তীক্ষ্ণ দৃষ্টি থাকে তা হলো জাতীয় বাজেট। নতুন কী থাকছে, কোন পণ্যের দাম বাড়ছে বা কমছে সেদিকে থাকে সাধারণ মানুষের মূল আগ্রহ। ৯ জুন ২০২২ জাতীয় সংসদে ২০২২-২৩ অর্থবছরের বাজেট পেশ করা হবে। বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। এটি হবে তার চতুর্থ বাজেট এবং আওয়ামী লীগ সরকারের টানা তিন মেয়াদের ১৪তম বাজেট। এ প্রেক্ষাপটে জেনে নিন বাজেটের ইতিবৃত্ত।

উৎস

'বাজেট' (Budget) ইংরেজি শব্দ। ফরাসি শব্দ bougette থেকে Budget শব্দটি এসেছে। যার বাংলা অর্থ চামড়ার থলে বা ব্যাগ। অতীতে থলেতে ভরে দেশের আয়-ব্যয়ের হিসাব আইনসভা বা সংসদে আনা হতো বলে একে 'বাজেট' নামে অভিহিত করা হয়। ১৪ মার্চ ১৭৩৩ যুক্তরাজ্যের তথা বিশ্বের প্রথম প্রধানমন্ত্রী স্যার রবার্ট ওয়ার্লপোল ব্রিটিশ পার্লামেন্টের নিম্নকক্ষ বা হাউস অব কমন্সে প্রথম জাতীয় বাজেট ও রাজস্বনীতি 'পুস্তিকা' বা প্যাম্ফলেট আকারে উত্থাপন করেন। এ পুস্তিকা ছিল অনেকটা চিঠির মতো লেখা। ওয়ার্লপোল সরকারের করের বোঝা কমাতে তার রাজস্ব পরিকল্পনায় বিভিন্ন ধরনের পণ্যের (ওয়াইন, তামাক) ওপর আবগারি শুল্ক ধার্য করার প্রস্তাব করেন। তখনকার বিরোধী দলের সবচেয়ে চতুর নেতা উইলিয়াম পুলটেনি বাথ চিঠির জবাব দেন। 'সংসদ সদস্য হিসেবে জনগণের কাছে লেখা' শীর্ষক চিঠির জবাবে বলা হয় The Budget Opened: Or, an Answer to a Pamphlet Intitled। পুলটেনসি এই প্রস্তাবকে 'ওয়ার্লপোলিয়ান কৌশল' বলে অভিহিত করেন। তিনি এ কৌশলকে বলেন, হাতুড়ে চিকিৎসকের প্রতারণামূলক প্রতিকার। পরে লন্ডনসহ সব প্রাদেশিক শহরগুলোর সাধারণ জনগণ ক্ষুব্ধ হয়ে আন্দোলন শুরু করেন। হাউস অব কমন্সে ওয়ার্লপোলের সংখ্যাগরিষ্ঠতা প্রায় ভেঙে যায়। অবশেষে জনগণের বিরোধিতায় এ প্রস্তাব প্রত্যাহার করে নেন। সেবারই সরকারের রাজস্বনীতিতে 'বাজেট' শব্দটি প্রথমবারের মতো ব্যবহার করা হয়। তবে ১৭৬০ সালে বাজেটের আনুষ্ঠানিক রূপ পায়। ১৭৬৪ সালে গ্রেট ব্রিটেনের হাউস অব কমন্সে বাজেট অধিবেশনে জর্জ গ্রিনভিল স্ট্যাম্প আইনের কথা বলেন। যুক্তরাজ্যে শুরুতে বসন্তকালে বাজেট দিবস অনুষ্ঠিত হতো। কারণ জনগণের কাছ থেকে ভূমি রাজস্ব আদায় করা হতো এপ্রিল মাসে এবং এর বেশিরভাগ অর্থ আসতো কৃষিখাত থেকে। আধুনিক শিল্প অর্থনীতিতে সরকারের অর্থনৈতিক প্রক্রিয়া পরিচালনায় মুখ্য ভূমিকা পালন করে এ বাজেট।

উপমহাদেশে বাজেট

মুঘল সম্রাট আকবর ভারতবর্ষে পহেলা বৈশাখ থেকে অর্থবর্ষ গণনার প্রথা প্রবর্তন করেন। মূলত, রাজস্ব আহরণ তথা অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকেই আকবরের প্রবর্তিত ফসলি সনের আদলে তখন এপ্রিল-মার্চকে অর্থবছর নির্ধারণ করা হয়। ১৮৫৭ সালে সারা ভারতবর্ষে সিপাহী বিদ্রোহ ছড়িয়ে পড়ে আর তখনই ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন ব্যবস্থা রদ করা হয়। ভারতের ভাগ্যের চাবিকাঠি চলে যায় ইংল্যান্ডের রানি ভিক্টোরিয়ার কাছে। ২ আগস্ট ১৮৫৮ ব্রিটিশ পার্লামেন্টে পাস হয় 'ভারত শাসন আইন, ১৮৫৮'। রানির হয়ে ভারতের শাসনভার দেখাশোনার দায়িত্ব দেওয়া হয় ভাইসরয়কে। ভাইসরয়কে পরামর্শ দেওয়ার জন্য তৈরি হয় ইন্ডিয়ান কাউন্সিল। তারই অর্থসংক্রান্ত বিষয় দেখাশোনা করতেন ইকোনমিস্ট পত্রিকার প্রতিষ্ঠাতা ও পেপার কারেন্সির প্রবক্তা জেমস উইলসন। ২৯ নভেম্বর ১৮৫৯ ব্রিটিশ প্রধানমন্ত্রী লর্ড পামারস্টন কর্তৃক নিযুক্ত হয়ে তিনি ভারতে ভাইসরয়ের কাউন্সিলে অর্থ সদস্য (মন্ত্রী সমতুল্য) হিসেবে নিয়োগ পান। ৭ এপ্রিল ১৮৬০ জেমস উইলসন ভারতে ব্রিটিশ সরকারের প্রথম বাজেট আনুষ্ঠানিকভাবে আইনসভায় পেশ করেন। তিনিই প্রথম বাজেটে আধুনিক আয়কর ব্যবস্থা প্রবর্তন করেন। উপমহাদেশে উইলসনই প্রথম গণতান্ত্রিক ওয়েস্ট মিনস্টার টাইপের সরকার পদ্ধতির আওতায় সরকারের আয়-ব্যয় ব্যবস্থাপনার বাজেট পেশ করেন, যা আজও বাংলাদেশে বিদ্যমান। এর আগে এ দেশে বিভিন্ন প্রকার কর বা খাজনা প্রকৃতির রাজস্ব আয়ের ব্যবস্থা ছিল। অর্থবছরের ধারণাটা তখনো বাংলা সনের অনুগামী রাখার পক্ষপাতী ছিলেন ভারতবর্ষের প্রথম অর্থমন্ত্রী জেমস উইলসন। পরিতাপের বিষয়, ভারতে ব্রিটিশ সরকারের প্রথম অর্থমন্ত্রী, ভারতে আধুনিক আয়কর প্রবর্তনের মাত্র তিন মাসের মাথায় ডিসেন্ট্রিতে ভুগে ১১ আগস্ট ১৮৬০ কলকাতায় মারা যান। পরবর্তী সময়ে চার বছর বাজেট এপ্রিল-মে, এমনকি জুন মাসে উপস্থাপিত হলেও ১৮৬৫ সাল থেকে স্থায়ীভাবে ১ এপ্রিল থেকে অর্থবছর শুরুর বিধানটি কার্যকর হয়।

পাকিস্তান পর্ব

পাকিস্তান প্রতিষ্ঠার পর এ দেশের প্রথম বাজেট মুসলিম লীগ সরকার উপস্থাপন করে। দেশভাগের পর ১৬ মার্চ ১৯৪৮ পূর্ববাংলা প্রাদেশিক পরিষদের অধিবেশন বসে জগন্নাথ হলে, যেটি ১৫ অক্টোবর ১৯৮৫ ধসে পড়ে। হামিদুল হক চৌধুরী এ অধিবেশনেই ১৯৪৮-৪৯ সালের বাজেট পেশ করেন। সে সময় অর্থবছর এপ্রিল থেকে শুরু হতো। যদিও পরে পাকিস্তানের কেন্দ্রীয় সরকার জুলাই-জুন অর্থবছর ঘোষণা করে। তবে ভারত এখনো এপ্রিল-মার্চ ধরে অর্থবছর বিবেচনা করে। আর বাংলাদেশে পাকিস্তান আমলে প্রবর্তিত জুলাই-জুন অর্থবছর এখনো কার্যকর।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

বাজেট ইতিবৃত্ত

বাংলাদেশে প্রথম বাজেট

৩০ জুন ১৯৭২ স্বাধীন বাংলাদেশের প্রথম অর্থমন্ত্রী তাজউদ্দীন আহমদ

দেশের ইতিহাসে প্রথম বাজেট উপস্থাপন করেন। একই সঙ্গে তিনি ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ অর্থবছরের বাজেট ঘোষণা করেন। বাংলাদেশের প্রথম বাজেটের পরিমান ছিল মাত্র ৭৮৬ কোটি টাকা। বাংলাদেশের বাজেট উপস্থাপনে একটি ক্ষেত্রে এখনও অনন্য তাজউদ্দীন আহমদ। কারণ তিনি ছিলেন দেশের একমাত্র পূর্ণাঙ্গ রাজনীতিবিদ বাকিরা হয় অবসরপ্রাপ্ত আমলা অথবা অর্থনীতিবিদ বা ব্যবসায়ী। স্বাধীনতা পরবর্তী মোট ১৩ জন অর্থমন্ত্রী বা অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা বা রাষ্ট্রপতি জাতীয় সংসদে বাজেট উপস্থাপন করেন আর ১৩তম ব্যক্তি হিসেবে আ হ ম মুস্তফা কামাল বাজেট পেশ করেন।

অর্থবছর সাধারণ বছর আর অর্থবছর (Fiscal Year) এক নয়। দেশের হিসাব-নিকাশ, রাষ্ট্রীয় আয়-ব্যয় পরিকল্পনা অর্থবছর ধরেই হয়। বছরের শুরু ও শেষ পূর্বনির্ধারিত, কারও পরিবর্তন করার ক্ষমতা নেই, কিন্তু অর্থবছর পরিবর্তন করা যায়। গত কয়েক দশকে বহু দেশ প্রয়োজন অনুযায়ী এর পরিবর্তন করেছে। বাংলাদেশে ব্রিটিশ ও পাকিস্তান আমল থেকে পাওয়া অর্থবছরই অনুসরণ করা হচ্ছে। জুলাই মাসে অর্থবছর শুরু হয়, শেষ হয় জুন মাসে। সে জন্য প্রতিবছর জুন মাসে সেই অর্থবছরের হিসাব শেষ করে পরবর্তী অর্থবছরের জন্য বাজেট ঘোষণা করা হয়। কিন্তু ব্রিটেনেও এখন পরিবর্তন করা হয়েছে অর্থবছর। সেখানে এখন অর্থবছর শুরু হয় এপ্রিল মাসে। ১ জুলাই-৩০ জুন ➤ অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ভুটান, পাকিস্তান ও মিসর ‖ ১ এপ্রিল-৩১ মার্চ ➤ জাপান, ভারত, হংকং, কানাডা, কুয়েত ও দক্ষিণ কোরিয়া ‖ ১ জানুয়ারি-৩১ ডিসেম্বর ➤ তুরস্ক, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, রাশিয়া, কাতার, ইন্দোনেশিয়া, জার্মানি, ফ্রান্স, ব্রাজিল, সৌদি আরব, মালদ্বীপ, মালয়েশিয়া, শ্রীলংকা ও ফ্রান্স ‖ ১ অক্টোবর-৩০ সেপ্টেম্বর ➤ যুক্তরাষ্ট্র ও মিয়ানমার।

ব্রিফকেস রীতি অনুযায়ী, অর্থমন্ত্রী এ বাজেট ব্রিফকেসে বহন করে নিয়ে আসেন। এর ভেতরে থাকে বাজেট সম্পর্কিত বিভিন্ন ফাইল ও কাগজপত্র। 'বাজেট ব্রিফকেস'র এ রীতি শুরু হয় ১৮ দশক থেকে। ব্রিটেনের বাজেট প্রধানকে এ ব্রিফকেস খুলে বাজেট উপস্থাপন করতে বলা হতো। ১৮৬০ সালে ব্রিটেনের অর্থমন্ত্রী উইলিয়াম ই. গ্লাডস্টোন লাল স্যুটকেসে করে বাজেট সংক্রান্ত নথি নিয়ে আসেন। সেই স্যুটকেসের ওপর সোনা দিয়ে রানির ছাপ দেওয়া ছিল। তিনি পরে দেশের প্রধানমন্ত্রী হন। ঐ একই ব্যাগ এরপর বহু সরকারের আমলেই ব্যবহার করা হয়। প্রথা অনুযায়ী, 'লাল ব্রিফকেস' হাতে নিয়ে বাজেট পেশকারী সংসদে প্রবেশের আগে চিত্রসাংবাদিকদের সামনে এসে ছবি তোলেন। দেখা গেছে, এ রহস্যময় ব্রিফকেসের রঙ সবসময় লাল ছিল না, তা বছর বছর বদলেছে। কখনো কালো আবার কখনো মেরুন রঙেরও হয়েছে।

বাংলাদেশের জাতীয় বাজেট উপস্থাপনের খতিয়ান

স্বাধীনতার পর ১৯৭২-২০২১ সাল পর্যন্ত দেশে ৫১টি (১টি অন্তর্বর্তীকালীন সহ) বাজেট পেশ হয়। কখনো অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত অর্থমন্ত্রী, কখনো অর্থ উপদেষ্টা, কখনো কখনো রাষ্ট্রপতি নিজেই এ বাজেট ঘোষণা করেন।

- প্রথম বাজেট পেশ করেন তাজউদ্দীন আহমদ।
- টানা ১০ বার বাজেট পেশ করেন আবুল মাল আবদুল মুহিত।
- তত্ত্বাবধায়ক সরকারের সময়ে দুটি বাজেট ঘোষণা করেন এ বি মির্জ্জা আজিজুল ইসলাম।
- ১৯৯৬-৯৭ অর্থ বছরে দুবার বাজেট উপস্থাপন হয়। সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা অর্থনীতিবিদ ওয়াহিদউদ্দিন মাহমুদ প্রথমে বাজেট উপস্থাপন করেন। এর পরে নির্বাচনের মাধ্যমে দায়িত্ব নিয়ে মূল আর্থিক কাঠামো ঠিক রেখে নতুন করে বাজেট উপস্থাপন করেন তৎকালীন অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া।
- দেশের প্রথম টেকনোক্র্যাট অর্থমন্ত্রী হিসেবে বাজেট পেশ করেন আজিজুর রহমান মল্লিক।
- বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে বাজেট পেশ করেন জিয়াউর রহমান।
- এ পর্যন্ত জাতীয় সংসদে দেশের ইতিহাসে সবচেয়ে বড় বাজেট উপস্থাপন করেন আ হ ম মুস্তফা কামাল। ২০২১-২২ অর্থবছরে বাজেটের আকার ৬,০৩,৬৮১ কোটি টাকা।
- প্রতি অর্থবছরের শেষ মাস জুনে বাজেট প্রস্তাব পেশ এবং ৩০ জুনের মধ্যে তা পাস করা হয়।

দলওয়ারি বাজেট পেশ

দল	মোট	যতজনে পেশ
আওয়ামী লীগ	২৩টি	৫*
বিএনপি	১৬টি	৩
জাতীয় পার্টি	৯টি	৪*
তত্ত্বাবধায়ক সরকার	৩টি	২

** আবুল মাল আবদুল মুহিত আওয়ামী লীগ ও জাতীয় পার্টি উভয় দলের আমলে*

৫১টি বাজেট উত্থাপন করেন ১৩ জন ব্যক্তি (কে কতটি বাজেট পেশ করেছেন)

১
আজিজুর রহমান মল্লিক, ড. মীর্জা নুরুল হুদা, ড. ওয়াহিদুল হক ও ড. ওয়াহিদুদ্দিন মাহমুদ।

২
এমএ মুনিম ও ড. এ বি মির্জ্জা আজিজুল ইসলাম।

৩
তাজউদ্দীন আহমদ, জিয়াউর রহমান ও আ হ ম মুস্তফা কামাল।

৪
মোহাম্মদ সাইদুজ্জামান।

৬
শাহ এ. এম. এস. কিবরিয়া।

১২
এম. সাইফুর রহমান ও আবুল

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

প্রশ্নোত্তরে রুশ-ইউক্রেন যুদ্ধ



প্রশ্ন : রাশিয়া কবে ইউক্রেনে হামলা শুরু করে?
উত্তর : ২৪ ফেব্রুয়ারি ২০২২।
প্রশ্ন : রাশিয়া কী নামে ইউক্রেনে সামরিক অভিযান শুরু করে?
উত্তর : বিশেষ সামরিক অভিযান (Special Military Operation)।
প্রশ্ন : ইউক্রেনের তৈরি বিশ্বের সর্ববৃহৎ বিমান Antonov An-225 Mriya রাশিয়ার হামলায় কবে ধ্বংস হয়?
উত্তর : ২৮ ফেব্রুয়ারি ২০২২।
প্রশ্ন : রাশিয়ার সামরিক হামলা বন্ধে রুশ-ইউক্রেন প্রথম বৈঠক কবে অনুষ্ঠিত হয়?
উত্তর : ২৮ ফেব্রুয়ারি ২০২২।
প্রশ্ন : প্রথম দফায় রাশিয়া ও ইউক্রেনের মধ্যে কোথায় আলোচনা হয়?
উত্তর : গোমেল, বেলারুশ।
প্রশ্ন : রাশিয়ার আক্রমণ মোকাবিলায় ইউক্রেনের ব্যবহার করা Bayraktar TB2 ড্রোন কোন দেশের তৈরি?
উত্তর : তুরস্ক।
প্রশ্ন : ১৮ মার্চ ২০২২ রাশিয়া কোথায় প্রথমবারের মতো হাইপারসনিক ক্ষেপণাস্ত্র হামলা চালায়?
উত্তর : ইউক্রেন (ক্ষেপণাস্ত্রের নাম Kinzhal)।
প্রশ্ন : রাশিয়া ইউক্রেনে কোন নিষিদ্ধ ঘোষিত বোমার ব্যবহার করে?
উত্তর : ভ্যাকুয়াম বা থার্মোব্যারিক বোমা।
প্রশ্ন : ১৬ মার্চ ২০২২ কোন দেশ 'কাউন্সিল অব ইউরোপ' ত্যাগ করে?
উত্তর : রাশিয়া।
প্রশ্ন : ২৭ ফেব্রুয়ারি ২০২২ আন্তর্জাতিক জুডো ফেডারেশন (IJF) কোন ব্যক্তির সম্মানসূচক সভাপতির পদ স্থগিত করে?
উত্তর : ভ্লাদিমির পুতিন।
প্রশ্ন : জাতিসংঘের সাধারণ পরিষদ ইউক্রেনে গণহত্যা ইস্যুতে UNHRC'র থেকে রাশিয়ার সদস্যপদ কবে স্থগিত করে?
প্রশ্ন : ২ মার্চ ২০২২ ইউক্রেনে অলিভিয়া বন্দরে বাংলাদেশের কোন জাহাজ রকেট হামলার শিকার হয়?
উত্তর : এমভি বাংলার সমৃদ্ধি।
প্রশ্ন : মার্চ ২০২২ রাশিয়া ইউক্রেনের কোথায় গণহত্যা চালায়?
উত্তর : বুচা শহরে।
প্রশ্ন : সম্প্রতি রাশিয়া ইউরোপের অবন্ধু দেশগুলোকে তাদের প্রাকৃতিক গ্যাসের মূল্য কিসে পরিশোধ করতে বাধ্য করে?
উত্তর : রুবলে।
প্রশ্ন : রাশিয়া ইউক্রেনের দক্ষিণের খেরসন অঞ্চল দখল করে রুবলকে মুদ্রা হিসেবে চালু করে কবে?
উত্তর : ১ মে ২০২২।
প্রশ্ন : ১৪ এপ্রিল ২০২২ কৃষ্ণ সাগরে রাশিয়ার কোন রণতরীতে বিস্ফোরণ ঘটে?
উত্তর : মস্কভা।
প্রশ্ন : ইউক্রেনের বর্তমান প্রেসিডেন্টের নাম কী?
উত্তর : ভলোদিমির জেলেনস্কি।
প্রশ্ন : রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর নাম কী?
উত্তর : সের্গেই ল্যাভরভ।
প্রশ্ন : রাশিয়ার প্রতিরক্ষামন্ত্রীর নাম কী?
উত্তর : সের্গেই শোইগু।
প্রশ্ন : রাশিয়ার বর্তমান সেনাপ্রধান কে?
উত্তর : ভালেরি জেরাসিমোভ।
প্রশ্ন : ইউক্রেনের প্রধানমন্ত্রীর নাম কী?
উত্তর : ডেনিশ শিমহাল।
প্রশ্ন : বর্তমানে ইউক্রেনের প্রতিরক্ষা মন্ত্রীর নাম কী?
উত্তর : অলেক্সি রেজনিকভ।
প্রশ্ন : দোনেৎস্ক এবং লুহানস্ক কোন দেশের বিচ্ছিন্নতাকামী অঞ্চল?
উত্তর : ইউক্রেন।
প্রশ্ন : দোনেৎস্ক এবং লুহানস্ক কোথায় অবস্থিত?
উত্তর : পূর্ব ইউক্রেনের ডনবাস অঞ্চলে।
প্রশ্ন : দোনেৎস্ক এবং লুহানস্কের বিচ্ছিন্নতাবাদীরা রাশিয়ার সহযোগিতায় কবে স্বাধীনতা ঘোষণা করে?
উত্তর : ১১ মে ২০১৪।
প্রশ্ন : রাশিয়া কবে দোনেৎস্ক এবং লুহানস্ক অঞ্চলকে স্বীকৃতি দেয়?
উত্তর : ২১ ফেব্রুয়ারি ২০২২।
প্রশ্ন : দোনেৎস্কের পূর্ব নাম কী ছিল?
উত্তর : স্তালিনো।
প্রশ্ন : লুহানস্কের পূর্ব নাম কী ছিল?
উত্তর : ভরোশিলোভগ্রাদ।
প্রশ্ন : ডনবাস (Donbas) অঞ্চলে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে চলা যুদ্ধ বন্ধে কোন চুক্তি স্বাক্ষরিত হয়?
উত্তর : মিনস্ক চুক্তি (Minsk Protocol)।
প্রশ্ন : মিনস্ক চুক্তিতে কোন কোন দেশ মধ্যস্থতা করে?
উত্তর : ফ্রান্স ও জার্মানি।
প্রশ্ন : ইউক্রেন ও রাশিয়ার মধ্যে কয়বার মিনস্ক চুক্তি (Minsk Protocol) স্বাক্ষরিত হয়?
উত্তর : ২ বার।
প্রশ্ন : মিনস্ক চুক্তির শর্ত কী ছিল?
উত্তর : ডনবাস থেকে সামরিক স্থাপনা, সামরিক সরঞ্জাম ও রুশপন্থী বিদ্রোহীদের সরিয়ে নিতে হবে। ডনবাস অঞ্চল থেকে রুশপন্থী বিদ্রোহীরা সরে গেলে ইউক্রেনের ঐ অঞ্চলে গণভোটের ব্যবস্থা করা হবে।
প্রশ্ন : প্রথম মিনস্ক চুক্তি কবে স্বাক্ষরিত হয়?
উত্তর : ৫ সেপ্টেম্বর ২০১৪ (মিনস্ক, বেলারুশ)।
প্রশ্ন : দ্বিতীয় মিনস্ক চুক্তি কবে স্বাক্ষরিত হয়?
উত্তর : ১২ ফেব্রুয়ারি ২০১৫।
প্রশ্ন: রাশিয়া কবে মিনস্ক চুক্তি ভেঙে দেয়?
উত্তর : ২১ ফেব্রুয়ারি ২০২২।

সীমান্তবর্তী দেশ	রাশিয়া	আজারবাইজান, বেলারুশ, চীন, এস্তোনিয়া, ফিনল্যান্ড, জর্জিয়া, কাজাখস্তান, উত্তর কোরিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, মঙ্গোলিয়া, নরওয়ে, পোল্যান্ড ও ইউক্রেন। এছাড়া আবখাজিয়া ও দক্ষিণ ওশেটিয়া অঞ্চল দুটিও রয়েছে।
	ইউক্রেন	বেলারুশ, হাঙ্গেরি, মলদোভা, পোল্যান্ড, রোমানিয়া, রাশিয়া ও স্লোভাকিয়া।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

প্রশ্ন : রাশিয়ার নিরাপত্তা সুরক্ষা গ্যারান্টির প্রতিশ্রুতিতে পারমাণবিক অস্ত্রের মজুত ত্যাগকারী একমাত্র দেশ কোনটি?
উত্তর : ইউক্রেন।
প্রশ্ন : ইউক্রেন কোন চুক্তি অনুসারে পারমাণবিক অস্ত্রের মজুত ত্যাগ করে?
উত্তর : Budapest Memorandum on Security Assurances।
প্রশ্ন : কবে, কোথায় চুক্তি স্বাক্ষরিত হয়?
উত্তর : ৫ ডিসেম্বর ১৯৯৪; বুদাপেস্ট, হাঙ্গেরি।
প্রশ্ন : কোন কোন দেশ চুক্তি স্বাক্ষর করে?
উত্তর : কাজাখস্তান, ইউক্রেন, বেলারুশ, রাশিয়া, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র।
প্রশ্ন : চুক্তি অনুযায়ী, ইউক্রেন তার হাতে থাকা পারমাণবিক বোমাগুলো কোন দেশের হাতে তুলে দেয়?
উত্তর : রাশিয়া।
প্রশ্ন : ইউক্রেনের চেরনোবিল পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে কবে দুর্ঘটনা ঘটে?
উত্তর : ২৬ এপ্রিল ১৯৮৬।
প্রশ্ন : রাশিয়া কবে ক্রিমিয়া দখল করে?
উত্তর : মার্চ ২০১৪।
প্রশ্ন : কে কবে ক্রিমিয়াকে ইউক্রেনের কাছে হস্তান্তর করেন?
উত্তর : নিকিতা ক্রুশ্চেভ; ১৯ ফেব্রুয়ারি ১৯৫৪।
প্রশ্ন : Port of Sevastopol কোথায় অবস্থিত?
উত্তর : ক্রিমিয়া।
প্রশ্ন : SWIFT কী?
উত্তর : আর্থিক লেনদেনের ব্যাপারে বার্তা আদান-প্রদানকারী আন্তর্জাতিক নেটওয়ার্ক।
প্রশ্ন : SWIFT'র পূর্ণরূপ কী?
উত্তর : Society for Worldwide Interbank Financial Telecommunication।
প্রশ্ন : SWIFT গঠিত হয় কবে?
উত্তর : ৩ মে ১৯৭৩ (সদর দপ্তর বেলজিয়ামের লা হুল্লে)।
প্রশ্ন : ইউক্রেন আগ্রাসনের জন্য রাশিয়াকে SWIFT থেকে প্রথম বাদ দেওয়ার সিদ্ধান্ত কার্যকর হয় কবে?
উত্তর : ১২ মার্চ ২০২২।
প্রশ্ন : ন্যাটোর ৫নং অনুচ্ছেদে রয়েছে—
উত্তর : ন্যাটোর এক সদস্য রাষ্ট্রের ওপর হামলা মানে ন্যাটোর সব সদস্য রাষ্ট্রের ওপর হামলা এবং সকল সদস্য দেশ মিলে সেই দেশকে রক্ষা করতে ব্যবস্থা নিবে।
প্রশ্ন : নর্ড স্ট্রিম (Nord Stream) কী?
উত্তর : বাল্টিক সাগরের তলদেশ দিয়ে রাশিয়া থেকে জার্মানিতে সরাসরি গ্যাস সরবরাহে ব্যবহৃত পাইপলাইন।
প্রশ্ন : নর্ড স্ট্রিম-১-এর নির্মাণ কাজ শেষ হয় কবে?
উত্তর : ২০১১ সালে।
প্রশ্ন : নর্ড স্ট্রিম ২-এর নির্মাণ কাজ কবে শেষ হয়?
উত্তর : ২০২১ সালে।
প্রশ্ন : ইউক্রেনে রুশ আক্রমণের প্রতিবাদে জার্মানি কোন সংযোগ লাইনটি বন্ধ করে দেয়?
উত্তর : নর্ড স্ট্রিম-২।
প্রশ্ন : 'ইউরোপের রুটির ঝুড়ি' বলা হয় কোন দেশকে?
উত্তর : ইউক্রেন।
প্রশ্ন : আয়তনে ইউরোপের দ্বিতীয় বৃহত্তম দেশ কোনটি?
উত্তর : ইউক্রেন।
প্রশ্ন : ইউক্রেনের রাজধানী কিয়েভ কোন নদীর তীরে অবস্থিত?
উত্তর : নিপার নদী (Dnieper River.)।
প্রশ্ন : ইউরোপের সবচেয়ে বড় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নাম কী?
উত্তর : জাপোরিঝিয়া (ইউক্রেনের এনারহোদার শহরে অবস্থিত)।
প্রশ্ন : কৃষ্ণ সাগর তীরবর্তী দেশ কোনগুলো?
উত্তর : তুরস্ক, ইউক্রেন, রাশিয়া, বুলগেরিয়া, জর্জিয়া ও রোমানিয়া।
প্রশ্ন : ইউক্রেনকে অস্ত্র সরবরাহ করতে যুক্তরাষ্ট্র দ্বিতীয় বিশ্বযুদ্ধের কোন আইন ফিরিয়ে আনে?
উত্তর : লেন্ড-লিজ অ্যাক্ট।
প্রশ্ন : যুক্তরাষ্ট্রের কোন প্রেসিডেন্ট 'লেন্ড-লিজ অ্যাক্ট' আইন পাস করেন?
উত্তর : ফ্রাঙ্কলিন রুজভেল্ট (১১ মার্চ ১৯৪১)।
প্রশ্ন : কবে ইউক্রেনের আদালতে রাশিয়ার এক সেনার বিরুদ্ধে যুদ্ধাপরাধ মামলার শুনানি শুরু হয়?
উত্তর : ১৩ মে ২০২২।
প্রশ্ন : যুদ্ধাপরাধের দায়ে অভিযুক্ত রাশিয়ার সেনার নাম কী?
উত্তর : ভাদিম শিশিমারিন।
প্রশ্ন : ইউক্রেনের দ্বিতীয় বৃহত্তম শহরের নাম কী?
উত্তর : খারকিভ।
প্রশ্ন : খারকিভ শহরটি ইউক্রেনের কোন দিকে অবস্থিত?
উত্তর : ইউক্রেনের উত্তরপূর্বে।

কেন অভিযান?

রাশিয়া দাবি করছে তারা জাতিসংঘ সনদের সপ্তম অধ্যায়ের ৫১ ধারার অনুসরণ করে ইউক্রেনে অভিযান পরিচালনা করছে। কিন্তু বিশেষজ্ঞদের মতে ইউক্রেন চাচ্ছে ন্যাটো বা ইউরোপীয় ইউনিয়নে (EU) যোগ দিতে। কিন্তু রাশিয়া এ ব্যাপারে কঠোর। এরই মধ্যে ১২ জুন ২০২০ ইউক্রেন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে ন্যাটো সামরিক জোটের Enhanced Opportunity Partner পদ পেলে রাশিয়া ক্ষুব্ধ হয়। ইউক্রেন যাতে কোনোভাবেই ন্যাটো বা ইউরোপীয় ইউনিয়নে যোগ দিতে না পারে তাই এ হামলা। রাশিয়ার বর্তমান প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন মনে করেন, পশ্চিমা শক্তি আসলে ন্যাটো জোটকে ব্যবহার করে চারদিক থেকে রাশিয়াকে ঘিরে ফেলছে। পুতিন রাশিয়াকে দেখেন একটি পরাশক্তি হিসেবে।

৫১ ধারার যা রয়েছে

জাতিসংঘের কোনো সদস্যের ওপর আক্রমণ ঘটলে যতক্ষণ পর্যন্ত না আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা অক্ষুণ্ন রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি নিরাপত্তা পরিষদ গ্রহণ করছে ততক্ষণ সেই রাষ্ট্রের একক সহজাত অধিকার বা যৌথ আত্মরক্ষার অধিকার সম্বন্ধে বর্তমান সনদের কোনো অংশই অন্তরায় হবে না। আত্মরক্ষার এই অধিকার কার্যকর করার জন্য সদস্যগণ কর্তৃক অবলম্বিত ব্যবস্থাদি সঙ্গে সঙ্গেই নিরাপত্তা পরিষদের কাছে পেশ করতে হবে এবং এর ফলে আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা সংরক্ষণ বা পুনরুদ্ধারের জন্য এই সনদ অনুযায়ী প্রয়োজনীয় বিধিব্যবস্থা গ্রহণে নিরাপত্তা পরিষদের কর্তৃত্ব ও দায়িত্ব কোনো মতেই বাধাগ্রস্ত হবে না।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

Fiscal Year

A fiscal year is a 52 or 53 week period used by governments and businesses for financial planning, scheduling, and reporting purposes. Fiscal years do not necessarily need to correspond to the calendar year, and organizations are generally free to choose when their fiscal years begin and end. The most well-known fiscal year in the U.S. is the federal government's fiscal year, which begins on Oct. 1 and ends on Sep. 30. From 1 January to 31 December all Latin American countries, Francophone Africa, most European countries and many South East Asian countries adopt their fiscal years. Bangladesh adopted it fiscal years from 1 July to 30 June. Countries like Iran, Afghanistan follows religious new years to set their fiscal years. Using fiscal years that are separated from or organized differently than calendar years has several advantages.

For the U.S. government, the fiscal year timing allows Congress to process legislation for appropriations. Additionally, it helps government implement the current years' budget, find funding for the following year's budget, and plan for the budget two fiscal years ahead of time. The corporations that rely on seasons, such as agricultural companies, can also use the fiscal year for yearly accounting and financial planning.

Global Food Crisis

Food insecurity has been defined as a lack of consistent access to enough food for an active and healthy life. In other words, there are millions of people all over the world who suffer from a shortage of food and cannot tell if they will be able to feed themselves the next day or at the end of the day. This is the basis of defining food insecurity. Globally, levels of hunger remain alarmingly high. In 2021, they surpassed all previous records as reported by the Global Report on Food Crises (GRFC), with close to 193 million people acutely food insecure and in need of urgent assistance across 53 countries/territories. This represents an increase of nearly 40 million people compared to the previous high reached in 2020. This increase must be interpreted with care, given that it can be attributed to both a worsening acute food insecurity situation and a substantial (22 percent) expansion in the population analysed between 2020 and 2021. In 2021, almost 40 million people were facing Emergency or worse conditions, across 36 countries. Of critical concern were over half a million of people (570 000) facing Catastrophe starvation and death – in four countries: Ethiopia, South Sudan, southern Madagascar and Yemen. The number of people facing these dire conditions is four times that observed in 2020 and seven times higher than in 2016. During the first half of 2021, localized areas in South Sudan continued to face Famine Likely (IPC Phase 5).

Indo-Pacific Strategy

'Indo-Pacific', originally a geographic concept that spans two regions of the Indian Ocean and the Pacific Ocean, is not a new concept in itself. 10 years ago, Gurpreet Singh. Khurana, who used the word 'Indo-Pacific Strategy' for the first time, was a marine strategist and executive director of the New Delhi National Marine Foundation. The United States is the leader of the 'Indo-Pacific Strategy'. At present, the United States has put forward the 'Indo-Pacific Strategy' which reflects the attention of the United States to the Indian Ocean region. This strategy outlines President Biden's vision to more firmly anchor the United States in the Indo-Pacific and strengthen the region in the process. Its central focus is sustained and creative collaboration with allies, partners, and institutions, within the region and beyond it. Bangladesh is asked to join to Indo-Pacific by European Union but Bangladesh tries to maintain 'third-way-balancing' effort that aims to use U.S.-Bangladesh ties as leverage to set better terms with both China and India. However, as U.S.-India collaboration has increased through the 'Quad' and other strategic frameworks, Dhaka appears increasingly worried that it could be forced to make a binary decision between U.S.-India or China. Bangladesh needs technical assistance and investment in mega-infrastructure projects. China offers both to Bangladesh, whereas India is unable to compete with China on either front. However, Japan and the EU remain key player for Bangladesh's socio-economic development, and the United States is Bangladesh's largest export destination— accounting for 14.5 percent of total exports.

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

মানব পাচার: ইংরেজি Human Trafficking শব্দের বাংলা মানব পাচার। মানব পাচার আধুনিক সভ্যতার একটি নিকৃষ্টতম সামাজিক অপরাধ। 'মানব পাচার' অর্থ কোনো ব্যক্তিকে ভয় দেখিয়ে, বল প্রয়োগ বা প্রতারণার মাধ্যমে তার আর্থ-সামাজিক, পরিবেশগত বা অন্য কোনো অসহায়ত্বের সুযোগ নিয়ে এবং টাকা-পয়সার বিনিময়ে বা অন্য কোনো সুবিধা লাভের জন্য দেশের ভিতরে বা বাইরে যৌন শোষণ, শ্রম শোষণ অথবা অন্যকোনো শোষণ বা নিপীড়নের উদ্দেশ্যে ক্রয়-বিক্রয়, স্থানান্তর বা আটক করা, লুকিয়ে রাখা বা আশ্রয় দেওয়া। মানব পাচার মানুষের মুক্ত চলাচলের অধিকারকে হরণ করে। আন্তর্জাতিক শ্রম সংগঠন (ILO)-এর মতে, শুধু বলপূর্বক শ্রম দ্বারাই ২০১৪ সাল পর্যন্ত প্রতি বছরে ১৫০ বিলিয়ন মার্কিন ডলার লাভ করা হয়েছে। প্রাচীনকাল ও মধ্যযুগের দাসপ্রথা আধুনিক যুগে মানব পাচারে পরিণত হয়েছে। একবিংশ শতাব্দীতে এসে ক্ষুধা আর দারিদ্র্যের নির্মম আঘাতে নিম্নবিত্ত পরিবারের কিছু মানুষ উন্নত জীবনের আশায় অসাধু চক্রের ফাঁদে পড়ে দাসত্ব বরণ করছেন। মানব পাচার সমস্যাটি স্বল্পোন্নত দেশগুলোতে বেশি দেখা যায়। মানব পাচারের পেছনে দারিদ্র্য, কাজের অভাব, স্বল্প শিক্ষা, ভঙ্গুর পরিবার, পরিবেশ ও পারিপার্শ্বিক অবস্থা, অভিবাসন নীতিমালা ইত্যাদিকে কারণ হিসেবে চিহ্নিত করা হয়। পাচারের শিকার ব্যক্তি নির্মম হত্যাকাণ্ডের শিকার হয়, দাসত্বের বেড়াজালে আটকে পড়ে সমগ্র জীবন, নারীরা বাধ্য হয় পতিতাবৃত্তিতে, শিশুদেরকে অমানুষিক শ্রমের সাথে যুক্ত হতে বাধ্য করা হয়।

মুজিব কিল্লা: ১৯৭০ সালের ঘূর্ণিঝড়ে প্রায় ৩ লাখ মানুষ ও কয়েক লাখ প্রাণী মারা যায়। এরপর ঘূর্ণিঝড় ও বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগ থেকে জানমাল রক্ষায় স্বাধীনতা পরবর্তী সময়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে দেশের উপকূলীয় এলাকায় মাটির কিল্লা নির্মাণ করা হয়। পরবর্তীসময়ে জনগণের কাছে এগুলো 'মুজিব কিল্লা' নামে পরিচিতি পায়। দীর্ঘদিন রক্ষণাবেক্ষণের অভাবসহ নানাবিধ কারণে বেদখল হয়ে যায় এসব কিল্লা। ২০১৮ সালে বর্তমান সরকার সেগুলো সংস্কার ও সংরক্ষণের উদ্যোগ নেয়। বিদ্যমান ১৭২টি মুজিব কিল্লা সংস্কার ও উন্নয়নের পাশাপাশি নতুন করে নির্মাণ করা হবে ৩৭৮টি কিল্লা। ফলে মোট মুজিব কিল্লার সংখ্যা দাঁড়াবে ৫৫০টি। দেশের ঘূর্ণিঝড়প্রবণ ১৬টি জেলার ৬৪টি উপজেলা এবং বন্যা ও নদী ভাঙনপ্রবণ ২২টি জেলার ৮৪টি উপজেলায় এগুলো নির্মাণ ও সংস্কার করা হবে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর 'মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন' প্রকল্পের আওতায় এ উদ্যোগ নেয়। মুজিব কিল্লা মূলত, বিশালাকায় একেকটি মাটির ঢিবি। সমতল ভূমি থেকে অন্তত ১১ ফুট উঁচু হয় একেকটি কিল্লা। এর ভিত্তি গড়া হয় মাটি ও বালু ফেলে। কিল্লার চারপাশ সিমেন্টের ব্লক দিয়ে বাঁধানো হয়। একতলা বিশিষ্ট ভবনে রয়েছে আশ্রয় নেওয়া মানুষ ও গবাদিপশুর জন্য থাকার পৃথক ব্যবস্থা। স্বাভাবিক সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনার পাশাপাশি খেলার মাঠ ও হাট-বাজার, গ্রাম ও ইউনিয়ন কমিউনিটির মাধ্যমে বিভিন্ন সামাজিক অনুষ্ঠান এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের বৈঠকখানা হিসেবে ব্যবহার করা হবে এ কিল্লা। প্রশিক্ষণ কার্যক্রম ও দুর্যোগের সময় অস্থায়ী সেবাকেন্দ্র হিসেবেও এগুলো ব্যবহার করা হবে। ১৮৬টি মুজিব কিল্লা 'এ' ক্যাটাগরির। এর মধ্যে বিদ্যমান ৫৫টি কিল্লা পুনর্নির্মাণ ও সংস্কার হবে। নতুন করে নির্মাণ করা হবে ১৩১টি। 'বি' ক্যাটাগরির মুজিব কিল্লা হবে ১৭১টি। এর মধ্যে বিদ্যমান ৬৩টি পুনর্নির্মাণ ও সংস্কার করা হবে। নতুন করে নির্মাণ হবে ১০৮টি। 'সি' ক্যাটাগরিতে রয়েছে ১৯৩টি মুজিব কিল্লা। এর মধ্যে ৫৪টি বিদ্যমান মুজিব কিল্লা পুনর্নির্মাণ ও সংস্কার হবে, ১৩৯টি নির্মাণ হবে নতুন করে।

জনশুমারি: কোনো দেশের বা কোনো নির্দিষ্ট অঞ্চলের মানুষ গণনাকে জনশুমারি বলা হয়। একে একটি দেশের জনসংখ্যার সরকারি গণনা হিসেবে গণ্য করা হয়। জাতিসংঘের সংজ্ঞা অনুযায়ী, নির্দিষ্ট সময়ে একটি জনগোষ্ঠীর বা দেশের জনসংখ্যা গণনার সামগ্রিক প্রক্রিয়ায় তথ্য সংগ্রহ, তথ্য একত্রীকরণ এবং জনমিতিতে অর্থনৈতিক ও সামাজিক তথ্যাদি প্রকাশ করা বোঝায়। প্রাচ্য অথবা প্রতীচ্যের মধ্যযুগীয় সরকারসমূহ কর অথবা সামরিক বাহিনীতে জনসাধারণের অন্তর্ভুক্তির প্রয়োজনে জনশুমারির আশ্রয় নিতেন। ইংল্যান্ডের রাজা প্রথম উইলিয়াম ১০৮৬ খ্রিষ্টাব্দে ডুমস ডে বুক অথবা ডোমস ডে বুক নামে জমি অথবা জমিতে বসবাসকারী মানুষের একটি জরিপ পরিচালনা করেন। এটিই ইতিহাসের সর্বপ্রথম নথিভুক্ত জনশুমারি হিসেবে পরিচিত। যুক্তরাষ্ট্রের প্রথম জনশুমারি পরিচালিত হয় ১৭৯০ সালে এবং পরবর্তীকালে ইংল্যান্ড ও ফ্রান্সে ১৮০১ সালে জনশুমারি পরিচালিত হয়। পৃথিবীর প্রায় সব দেশেই নিজস্ব জনশুমারির ব্যবস্থা রয়েছে। বাংলাদেশে প্রতি দশ বছর অন্তর অন্তর জনশুমারি করা হয়। পূর্বে একে আদমশুমারি বলা হলেও ২৭ ফেব্রুয়ারি ২০১৩ জাতীয় সংসদে পাস হওয়া 'পরিসংখ্যান আইন-২০১৩' আইন অনুসারে, আদমশুমারিকে 'জনশুমারি' নামকরণ করা হয়। বাংলাদেশে প্রথম জনশুমারি হয় ১৯৭৪ সালে। আর সর্বশেষ, অর্থাৎ, ৫ম জনশুমারি ও গৃহগণনা হয় ২০১১ সালে। ২০২১ সালে ৬ষ্ঠ জনশুমারি হওয়ার কথা থাকলেও কোভিড-১৯ এর কারণে তা পিছিয়ে ১৫-২১ জুন ২০২২ তারিখ নির্ধারণ করা হয়। দেশে এবারই প্রথম ডিজিটাল পদ্ধতিতে জনশুমারি অনুষ্ঠিত হবে। আদমশুমারির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ– (১) প্রতিটি ব্যক্তির তথ্য গণনা, (২) একটি চিহ্নিত এলাকায় সামষ্টিক গণনা, (৩) একই সঙ্গে সারাদেশে কার্যক্রম পরিচালনা এবং (৪) নির্দিষ্ট সময়ের ব্যবধানে অনুষ্ঠান। আদমশুমারির জন্য নিম্নলিখিত বিষয়সমূহের প্রয়োজন রয়েছে। প্রথমত, প্রয়োজনীয় ভৌগোলিক বৈশিষ্ট্য; দ্বিতীয়ত, ব্যক্তিগত এবং বাড়ি সংক্রান্ত তথ্যাদি; এবং তৃতীয়ত, অর্থনৈতিক বৈশিষ্ট্য।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

প্রবন্ধ

বৈশ্বিক অর্থনীতিতে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাব



বিশ্ব অর্থনীতিতে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের বিরূপ প্রভাব দেখা দিতে শুরু করেছে। এরই মধ্যে অস্থিতিশীল হয়ে উঠেছে জ্বালানিসহ নিত্যপণ্যের বাজার। ফলে বিশ্ব এখন ক্রান্তিকাল অতিক্রম করছে। কোভিড-১৯ মহামারির পর অর্থনীতি গত দুই বছরের ক্ষতি সামলে উঠে ঘুরে দাঁড়ানোর প্রস্তুতি নিচ্ছিল। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ সেই গতিকে পুনরায় মন্থর করে দিয়েছে।

সূচনা-প্রসঙ্গ

২৪ ফেব্রুয়ারি ২০২২ ইউক্রেনে হামলা শুরু করে রাশিয়া। ইউক্রেন বাহিনীও গড়ে তুলে তাদের প্রতিরোধ। ইউক্রেনের পাশে দাঁড়ায় যুক্তরাষ্ট্র ও তার পশ্চিমা মিত্ররা। তারা একযোগে রাশিয়ার ওপর নানাবিধ নিষেধাজ্ঞা দেয়। যুক্তরাষ্ট্র ও ইউরোপের দেশগুলোতে থাকা রাশিয়ার সম্পদ জব্দ করা হয়। রাশিয়াও তাদের ওপর পাল্টা নিষেধাজ্ঞা আরোপ করে। ইতোমধ্যে এসব নিষেধাজ্ঞার প্রভাব পড়েছে বিশ্ববাজারে। যুদ্ধের কারণে ব্যাহত হচ্ছে আমদানি-রপ্তানি। বিশ্বে খাদ্যপণ্যের দাম বেড়ে তিন দশকের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। বর্তমান বিশ্বায়নের যুগে প্রত্যেকটি দেশ একে অপরের সঙ্গে কোনো না কোনোভাবে সংযুক্ত। ফলে, যেকোনো ধরনের সংঘাত বা নিষেধাজ্ঞা শুধু সেই দেশকে ক্ষতিগ্রস্ত করে না; বরং এর সঙ্গে সম্পৃক্ত অন্যান্য দেশের ওপরও ব্যাপক প্রভাব ফেলে।

জ্বালানি ও ভোজ্যতেল সংকট

রাশিয়া বিশ্বের অন্যতম প্রধান জ্বালানি তেল ও গ্যাস উৎপাদনকারী এবং রপ্তানিকারক দেশ। তাই যুদ্ধ শুরুর পর দেশটির তেল সরবরাহ বাধাগ্রস্ত হওয়ার আশঙ্কা থেকে বিশ্ব বাজারে জ্বালানি তেলের দাম বাড়তে শুরু করে। যা এক পর্যায়ে ১৩৯.১৩ ডলারে গিয়ে দাঁড়ায়। যুক্তরাষ্ট্রের বহুজাতিক বিনিয়োগ ব্যাংক জেপি মরগ্যানের পূর্বাভাস, চলতি বছরের দ্বিতীয়ার্ধে প্রতি ব্যারেল জ্বালানি তেলের দাম ১২৫ ডলারে এবং ২০২৩ সালে ১৫০ ডলারে উঠতে পারে। তেলের পাশাপাশি গ্যাসের দামও আকাশ ছুঁয়েছে। ইউরোপে প্রাকৃতিক গ্যাসের দাম ৬২% পর্যন্ত বেড়েছে। ইউরোপের মোট প্রাকৃতিক গ্যাসের চাহিদার ৪৭% এবং জ্বালানি তেলের এক তৃতীয়াংশ রাশিয়া একাই সরবরাহ করে। রাশিয়া ছাড়াও নরওয়ে, আলজেরিয়া ও আজারবাইজান ইউরোপে গ্যাস সরবরাহ করে। ইউরোপের সবচেয়ে বড় অর্থনীতির দেশ জার্মানি তার প্রাকৃতিক গ্যাসের চাহিদার ৬৫% রাশিয়া থেকে আমদানি করে। এছাড়া ইতালি তার মোট গ্যাসের চাহিদার ৪৩% এবং ফ্রান্স ১৬% রাশিয়া থেকে আমদানি করে। ইউরোপের অন্য অনেক দেশের প্রাকৃতিক গ্যাসের চাহিদার সিংহভাগই জোগান দেয় রাশিয়া। বলা যায়, রাশিয়ার জ্বালানি শক্তিই ইউরোপের বাড়িগুলোকে উষ্ণ রাখে, কারখানাগুলো সচল রাখে আর যানবাহনগুলোকে দেয় প্রয়োজনীয় জ্বালানি। এ অবস্থায় রাশিয়া-ইউক্রেন যুদ্ধে বিশ্বব্যাপী জ্বালানি সংকটও সৃষ্টি করতে পারে। এরই মধ্যে পোল্যান্ড ও বুলগেরিয়ায় গ্যাস সরবরাহ বন্ধ করে দিয়েছে রাশিয়া।

বিশ্ববাজারে সয়াবিন সরবরাহকারী শীর্ষ ১০ দেশের দুটি ইউক্রেন ও রাশিয়া। যুদ্ধ শুরুর পর সয়াবিনের বিশ্ববাজারে প্রভাব পড়েছে। এদিকে গ্লোবাল এস অ্যান্ড পির তথ্যমতে, সূর্যমুখী তেলের বৈশ্বিক রপ্তানির ৪৬.৯% আসে ইউক্রেন থেকে ও ২৯.৯% রাশিয়া থেকে। ইতোমধ্যে ইউরোপীয় ইউনিয়নে (EU) সূর্যমুখী তেলের সংকট দেখা দিয়েছে। যুদ্ধের কারণে ইউক্রেনের বন্দরগুলো বন্ধ হয়ে যাওয়ায় সূর্যমুখী তেল রপ্তানিতে দেশটি বিপাকে পড়েছে। ২৮ এপ্রিল ২০২২ ইন্দোনেশিয়াও পাম অয়েল রপ্তানিতে কড়াকড়ি আরোপ করে। ফলে বিশ্বব্যাপী ভোজ্যতেলের বাজারে অস্থিরতা বিরাজ করছে।

দ্রব্যমূল্য বৃদ্ধি

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের জেরে খাদ্য উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়েছে এবং বিশ্বজুড়ে দ্রুতগতিতে বাড়ছে দ্রব্যমূল্য। সবচেয়ে বেশি বেড়েছে গম ও খাদ্যশস্যের দাম। কোনো কোনো দেশে নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়ার প্রতিবাদে চলছে আন্দোলন, বিক্ষোভ। আন্দোলন ঠেকাতে কোথাও আবার জারি হয়েছে জরুরি অবস্থা। সামনের দিনগুলোতে পণ্যের দাম আরও বাড়ার আশঙ্কা দেখা দিয়েছে। দ্রব্যমূল্য বৃদ্ধির এই রেকর্ড ৫০ বছরের মধ্যে সর্বোচ্চ হওয়ার আশঙ্কা প্রকাশ করেছে বিশ্বব্যাংক। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) বলেছে, যুদ্ধের কারণে এ বছর বৈশ্বিক খাদ্যপণ্যের দাম ২০ শতাংশ পর্যন্ত বাড়তে পারে। খাদ্যের দাম বাড়লে অবধারিতভাবে বিশ্বজুড়ে ক্ষুধার্ত মানুষের সংখ্যা বেড়ে যাবে। বিশ্ব খাদ্য কর্মসূচির (WFP) প্রধান ডেভিড বিসলি বলেন, রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে খাদ্যের দাম এতটাই বেড়ে যেতে পারে যে, তা বিশ্বের দরিদ্র মানুষদের জন্য বিপর্যয় সৃষ্টি করবে। রাশিয়া বিশ্বের অন্যতম শীর্ষ অ্যালুমিনিয়াম উৎপাদক। কিন্তু দেশটি সম্প্রতি ইউক্রেনের সঙ্গে যুদ্ধে জড়িয়ে পড়ায় বিশ্ববাজারে এ ধাতুটির সংকট তীব্র হওয়ার আশঙ্কা রয়েছে। এমন উদ্বেগে আন্তর্জাতিক বাজারে পণ্যটির দাম আকাশচুম্বী হয়ে উঠেছে। এছাড়াও সার, নিকেল ও প্যালাডিয়াম-এর অন্যতম শীর্ষ রপ্তানিকারক দেশ রাশিয়া। চলমান সংঘাতের কারণে পটাশের সরবরাহ বাধাগ্রস্ত হয়েছে অনেকাংশে, যা খাদ্যপণ্যের মূল্য বৃদ্ধির অন্যতম একটি কারণ। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (FAO) মতে, জানুয়ারিতে খাদ্যপণ্যের বৈশ্বিক গড় মূল্যসূচক বেড়েছে ১.১%। পাশাপাশি বিশ্ববাজারে সোনা, রুপা, তামাসহ মূল্যবান সব ধাতু, সিমেন্ট, পাথর, ইট, বিটুমিন, বিল্ডিং ফিনিশিং আইটেম ইত্যাদি দ্রব্যসহ প্রায় সব ধরনের নির্মাণ সামগ্রীর মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

খাদ্য ঘাটতি

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে ধীরে ধীরে বিশ্বে খাদ্য সংকট প্রকট আকার ধারণ করছে। এর ফলে লাখ লাখ মানুষ খাদ্যঝুঁকিতে পড়বে। বিশেষ করে মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকার দেশগুলোর অনেক মানুষ অনাহারের ঝুঁকিতে রয়েছে। ফলশ্রুতিতে বিশ্বব্যাপী ক্ষুধা ও অপুষ্টি বৃদ্ধির আশঙ্কা রয়েছে। রাশিয়া ও ইউক্রেন বিশ্ববাজারের ২.৫% খাদ্যপণ্য রপ্তানি করে থাকে। রাশিয়া পৃথিবীর বৃহত্তম বড় গম রপ্তানিকারক, এক্ষেত্রে ইউক্রেনের অবস্থান পঞ্চম। দেশ দুটি বিশ্বব্যাপী গম বাণিজ্যের প্রায় ৩০% সরবরাহ করে। মিসর তার গমের ৮০% এর বেশি এবং লেবানন ৫০% এর বেশি ইউক্রেন থেকে আমদানি করে। আফ্রিকার ৫৫টি দেশের মধ্যে ৩৫টিই রাশিয়া ও ইউক্রেন থেকে গমসহ অন্য খাদ্যশস্য আমদানি করে। চলমান যুদ্ধের কারণে ২০২২-২৩ সালে ইউক্রেনে খাদ্য উৎপাদন হ্রাস পাবে বলে শঙ্কা প্রকাশ করেছে FAO। এছাড়া দেশটির ২০% থেকে ৩০% জমি অনাবাদি থাকবে। যুদ্ধের ফলে গম ও ভুট্টার মতো বিভিন্ন পণ্যের সরবরাহ ক্ষতিগ্রস্ত হয়েছে। অন্যদিকে আছে সারের সংকট। সার উৎপাদনে ঘাটতির কারণে খাদ্য উৎপাদন মারাত্মকভাবে ব্যাহত হতে পারে। আর এর ফলে বিশ্বে বিরাট খাদ্য সংকট দেখা দিতে পারে। WTO'র মহাপরিচালক বলেন, করোনার কারণে বিশ্বব্যাপী সরবরাহব্যবস্থায় যে সংকট দেখা দিয়েছিল, যুদ্ধের কারণে তা চলমান থাকবে।

প্রবৃদ্ধি হ্রাস

IMF'র তথ্যমতে, রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে ২০২২ সালে বৈশ্বিক অর্থনীতির প্রবৃদ্ধি ৪.৪% কম হবে। IMF, বিশ্ব ব্যাংক এবং ইউরোপীয় ব্যাংক এক যৌথ বিবৃতিতে জানায়, এ যুদ্ধের প্রভাব পড়বে সমগ্র বিশ্বের অর্থনীতিতেই। প্রবৃদ্ধির গতি ধীর হয়ে যাবে, বাণিজ্য বাধাগ্রস্ত হবে এবং মূল্যস্ফীতি বাড়বে। সব থেকে বেশি ক্ষতিগ্রস্ত হবে দরিদ্র ও অধিক ঝুঁকিপূর্ণরা। এদিকে যুদ্ধের কারণে বিশ্ব অর্থনীতিতে প্রবৃদ্ধি কমার পূর্বাভাস দিয়েছে, বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)। এর আগে সংস্থাটি বৈশ্বিক অর্থনীতিতে ৪.৭% প্রবৃদ্ধির কথা বললেও এবার তা কমিয়ে ২.৫% তে নামিয়ে এনেছে। এছাড়াও WTO'র মহাপরিচালক এনগোজি ওকোনজো ইওয়েলা বলেন, মধ্যম মেয়াদে বিশ্বে মূল্যস্ফীতির চাপ অব্যাহত থাকবে। ইউরোপিয়ান ব্যাংক ফর রিকনস্ট্রাকশন এন্ড ডেভেলপমেন্ট (EBRD)-এর প্রধান অর্থনীতিবিদ বলেন, যুদ্ধ যদি আজকে থেমে যায়, তারপরেও আগামী কয়েক মাস পর্যন্ত এর প্রভাব রয়ে যাবে। আর দ্রব্যমূল্যের উর্ধ্বগতির মধ্য দিয়েই সে প্রভাব অনুভব করবে বিশ্ব।

বাংলাদেশের অর্থনীতিতে প্রভাব

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বাংলাদেশের অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলতে শুরু করেছে। এই যুদ্ধ দীর্ঘায়িত হলে বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম আরও বাড়বে। এর প্রভাবে দেশে পরিবহন ভাড়া ও কৃষি উৎপাদন খরচ বেড়ে যাবে। বাংলাদেশ বর্তমানে প্রতি বছর ৫০ লাখ টন ডিজেল, ১৩ লাখ টন অপরিশোধিত তেল, দুই লাখ টন ফার্নেস অয়েল ও ১ লাখ ২০ হাজার টন অকটেন আমদানি করে। ৯ বছরের মধ্যে তেলের দাম সর্বোচ্চ পর্যায়ে ওঠায় প্রতিদিন জ্বালানি তেল বাবদ সরকারকে ১৫ কোটি ডলার লোকসান দিতে হচ্ছে। এছাড়া তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) দাম বাড়ারও আশঙ্কা আছে।

বাংলাদেশ অনেক পণ্যই রাশিয়া ও ইউক্রেন থেকে আমদানি করে থাকে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো গম, সূর্যমুখী তেল, ভুট্টা, তুলা, সরিষা, মসুর ডাল, জ্বালানি তেল, গ্যাস ইত্যাদি। রপ্তানি উন্নয়ন ব্যুরোর তথ্য অনুযায়ী, ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ রাশিয়া থেকে আমদানি করেছে ৪৬ কোটি ৬৭ লাখ ডলারের পণ্য এবং রাশিয়ায় রপ্তানি করা হয়েছে ৬৬ কোটি ৫৩ লাখ ডলারের পণ্য। বাংলাদেশ থেকে রাশিয়ায় ৬৫০ মিলিয়ন ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়। রাশিয়ার বেশ কয়েকটি ব্যাংককে বৈশ্বিক আন্তঃব্যাংক লেনদেনসংক্রান্ত সুইফট সিস্টেমে নিষিদ্ধ করার ফলে রাশিয়ায় তৈরি পোশাক রপ্তানি হুমকির মধ্যে পড়েছে। ফলে যেসব পোশাকের অর্ডার শিপমেন্টের জন্য প্রস্তুত রয়েছে, তার মূল্য পাওয়া নিয়ে শঙ্কা রয়েছে।

পণ্য আমদানির বেশির ভাগই সিঅ্যান্ডএফ (কস্ট অ্যান্ড ফ্রেইট) ভিত্তিতে হয়। ফলে পণ্যবাহী জাহাজের ভাড়ার কারণে আমদানিকারকদের খরচ বেড়ে যাবে। এর প্রভাব পড়বে আমদানিকৃত পণ্যমূল্যে। আমদানি ব্যয় বাড়বে, যা বাণিজ্য ঘাটতিও বাড়াবে। বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিবেদন

অনুযায়ী, চলতি অর্থবছরের প্রথমার্ধে বাণিজ্য ঘাটতি ১,৫৬১ কোটি ডলারে গিয়ে দাঁড়ায়। গত অর্থবছরের একই সময়ে এই ঘাটতির পরিমাণ ছিল ৬৮৭ কোটি ডলার। বৈদেশিক মুদ্রা বিনিময় হারের ওপর চাপ বেড়ে ডলারের বিপরীতে টাকার দরপতন ঘটছে যা ভবিষ্যতে অব্যাহত থাকতে পারে। এক বছরে ডলারের দর বেড়েছে ১৬%। এ অবস্থায় দেশের রিজার্ভের ওপর চাপ ক্রমাগত বাড়ছে।

বিশ্ববাজারে গম রপ্তানির বড় অংশীদার রাশিয়া ও ইউক্রেন। চলতি অর্থবছরে ইতোমধ্যে বাংলাদেশ রাশিয়া থেকে চার লাখ টন গম আমদানি করেছে। আরও দেড় থেকে দুই লাখ টন গম আমদানির টেন্ডার প্রক্রিয়াধীন। রাশিয়া ও ইউক্রেনের মধ্যে যুদ্ধ শুরুর পর বাংলাদেশে গম আমদানির সবচেয়ে বড় উৎস হয়ে উঠে ভারত। দেশটি ১৩ এপ্রিল ২০২২ গম রপ্তানি বন্ধ ঘোষণা করে। এতে বাংলাদেশের বাজারে গমের দাম বেড়ে গেছে।

এই যুদ্ধের কারণে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পে বিরূপ প্রভাব পড়বে। এছাড়া বঙ্গবন্ধু স্যাটেলাইট-২সহ যেসব প্রকল্পে রাশিয়ার বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি বা সমঝোতা স্মারক সই হয়েছে, সেগুলো দীর্ঘসূত্রতার কবলে পড়তে পারে।

ইউক্রেনে রাশিয়ার আগ্রাসন বিশ্ব অর্থনীতির জন্য এক বিশাল ধাক্কা যা এখনো মহামারির প্রভাব থেকে বিশ্ব পুরোপুরি পুনরুদ্ধার করতে পারেনি। বিশ্ব শান্তি ও স্থিতিশীলতা এবং এক দেশ অপর দেশের নিরাপত্তা ও সার্বভৌমত্বের প্রতি সম্মানার্থে এ যুদ্ধ বন্ধ করতে হবে।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

হাঙর নদী গ্রেনেড

'হাঙর নদী গ্রেনেড' প্রখ্যাত কথাসাহিত্যিক সেলিনা হোসেন রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালীন যশোরের কালীগঞ্জ গ্রামের এক মায়ের সত্য ঘটনা অবলম্বনে তিনি এ উপন্যাসটি রচনা করেন। ১৯৭২ সালে গল্পাকারে ঘটনাটি লেখেন এবং সমকালীন একটি পত্রিকায় সেটি ছাপা হয়। পরে তিনি ১৯৭৪ সালে গল্পটিকে উপন্যাসে রূপান্তর করেন এবং ১৯৭৬ সালে গ্রন্থাকারে প্রকাশ হয়। 'হাঙর নদী গ্রেনেড' মুক্তিযুদ্ধে লক্ষ সন্তানহারা মায়ের প্রতিচ্ছবি। এ উপন্যাসের ধারাবাহিকতায় গ্রামীণ পরিবেশ যেমন উঠে এসেছে তেমনি উঠে এসেছে স্বাধীন দেশের স্বপ্ন বাস্তবায়নের জন্য গ্রামের সাধারণ মানুষের আত্মত্যাগের কাহিনি। এ উপন্যাস অবলম্বনে চলচ্চিত্র পরিচালক চাষী নজরুল ইসলাম 'হাঙর নদী গ্রেনেড' নামে একটি চলচ্চিত্রও নির্মাণ করেন।

৯০-৯৮

গ্রন্থের নাম : হাঙর নদী গ্রেনেড | লেখক : সেলিনা হোসেন | প্রথম প্রকাশ : ১৯৭৬

গ্রন্থ সংক্ষেপ

মহান মুক্তিযুদ্ধে গ্রামবাংলার একজন আটপৌরে নারীর অপরিসীম ভূমিকা পালনের সারাৎসার আলোচ্য এ উপন্যাস। বাংলাদেশের আর দশটা গ্রামের মতোই সাধারণ একটি গ্রাম হলদীগাঁ। হলদী গাঁয়ের এক দুরন্ত কিশোরী বুড়ি। কৈশোর থেকে সে চঞ্চল, কৌতূহলপ্রবণ, উচ্ছলতায় ভরপুর। নিতান্ত কম বয়সেই তার বিয়ে হয় বিপত্নীক গফুরের সঙ্গে। গফুরের সংসারে তার আগের স্ত্রীর রেখে যাওয়া সলীম ও কলীম নামে দুটো ছেলে আছে। সংসারজীবন ভালোই লাগে বুড়ির। যদিও গফুর বুঝে ওঠে না বুড়িকে, আগের বউয়ের মতো নয়। কখন কী বলে, কী করে বসে তার অঙ্ক মেলানো ভার। অবশ্য কারও সঙ্গে ওর কোনো কিছু নিয়ে লাগে না, কাউকে মন্দ বলে না, কেউ বললে ভ্রুক্ষেপও করে না। এরই মধ্যে মাতৃত্বের আকাঙ্ক্ষা প্রবল হয়ে ওঠে বুড়ির। সলীম-কলীম থাকলেও নাড়িছেঁড়া সন্তান চায় সে। অবশেষে জন্ম নেয় বাক ও শ্রবণপ্রতিবন্ধী সন্তান রইস। তাতেও ভালোবাসা উপচে পড়ে। কিছুদিন পর মারা যায় গফুর। বিয়ে হয় সলীমের। কলীমের বিয়ের কথার সময় শুরু হয় মুক্তিযুদ্ধ। বন্ধ হয়ে যায় সব আলোচনা। যুদ্ধের ঢেউ আসে হলদীগাঁয়ে। সেই ঢেউয়ে উথালপাথাল হয়ে যায় বুড়ির সাজানো সংসার। বুড়ির চোখের সামনে দেখা সেই হলদীগাঁ যেন ছারখার হতে থাকে মিলিটারির পদচারণায়, অত্যাচারে। হত্যা-ধর্ষণ, কোলের শিশুকে পর্যন্ত প্রাণ দিতে হয়। সলীম যায় যুদ্ধে। কলীমকে পাকিস্তানি আর্মি ও তার দোসররা বুড়ির চোখের সামনে নির্মমভাবে হত্যা করে। হলদী গাঁয়ের মাটিতে রচিত হয় মর্মন্তুদ এক দৃশ্য। যে দৃশ্যের রচনাকার একজন মা, বুড়ি। হাফেজ ও কাদের দুই মুক্তিযোদ্ধা যুদ্ধ করতে করতে শত্রুপক্ষের চোখ ফাঁকি দিয়ে আশ্রয় নেয় বুড়ির ঘরে। পিছু পিছু ওরাও বাড়িতে আসে। এ সময়ই সংঘটিত হয় ইতিহাসের ভিন্ন এক মাহেন্দ্রক্ষণ। দেশপ্রেমের অগ্নিপরীক্ষায় একজন মা, মুক্তিযোদ্ধাদের বাঁচাতে নাড়িছেঁড়া সন্তানকে তুলে দেয় বন্দুকের নলের মুখে। সন্তানের নাম রইস। মায়ের নাম বুড়ি। যার প্রতীতি এ রকম: 'ওরা এখন হাজার হাজার কলীমের মৃত্যুর প্রতিশোধ নিচ্ছে। ওরা হলদীগাঁর স্বাধীনতার জন্য নিজের জীবনকে উপেক্ষা করে লড়ছে। ওরা আচমকা ফেটে যাওয়া শিমুলের উজ্জ্বল ধবধবে তুলো। বুড়ি এখন ইচ্ছে করলেই শুধু রইসের মা হতে পারে না। বুড়ি এখন শুধু রইসের একলার মা নয়।' 'হাঙর নদী গ্রেনেড' তখন মহাকাব্যের আখ্যান হয়ে ওঠে। বুড়ি হয়ে যায় ইতিহাস-কন্যা। হলদীগাঁ, বাংলাদেশের প্রতিচ্ছবি হয়ে ধরা দেয় আমাদের সামনে।

গুরুত্বপূর্ণ প্রশ্নাবলি

- মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?— হাঙর নদী গ্রেনেড। [৩৪তম বিসিএস, সিনিয়র স্টাফ নার্স ২০১৮]
- 'হাঙর নদী গ্রেনেড' এর লেখক— সেলিনা হোসেন। [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০২২]
- 'হাঙর নদী গ্রেনেড' কোন প্রেক্ষাপটে রচিত?— মুক্তিযুদ্ধ। [জাকানইবি 'এএল' ইউনিট ২০১৮-১৯]

লেখক পরিচিতি

- **জন্ম** ➤ ১৪ জুন ১৯৪৭, রাজশাহী।
- **উপন্যাস** ➤ জলোচ্ছ্বাস (১৯৭২), হাঙর নদী গ্রেনেড (১৯৭৬), মগ্ন চৈতন্যে শিস (১৯৭৯), যাপিত জীবন (১৯৮১), নীল ময়ূরের যৌবন (১৯৮২), পোকামাকড়ের ঘরবসতি (১৯৮৬), নিরন্তর ঘণ্টাধ্বনি (১৯৮৭), কাঁটাতারে প্রজাপতি (১৯৮৯), কালকেতু ও ফুল্লরা (১৯৯২), ভালোবাসা প্রীতিলতা (১৯৯২), দীপান্বিতা (১৯৯৭), যুদ্ধ (১৯৯৮), ঘুমকাতুরে ঈশ্বর (২০০৪)।
- **গল্পগ্রন্থ** ➤ উৎস থেকে নিরন্তর (১৯৬৯), জলবতী মেঘের বাতাস (১৯৭৫), খোল করতাল (১৯৮২), একালের পান্তাবুড়ি (২০০২), অবেলার দিনক্ষণ (২০০৯), মৃত্যুর নীলপদ্ম (২০১৪)।
- **প্রবন্ধগ্রন্থ** ➤ স্বদেশে পরবাসী (১৯৮৫), ঊনসত্তরের গণআন্দোলন (১৯৮৫), একাত্তরের ঢাকা (১৯৮৯), নির্ভয় করো হে (১৯৯৮), মুক্ত করো ভয় (২০০০), পূর্ববঙ্গ থেকে বাংলাদেশ : রবীন্দ্রনাথ ঠাকুর ও শেখ মুজিবুর রহমান (২০২০) • **শিশুসাহিত্য** ➤ সাগর (১৯৯১), কাকতাড়ুয়া (১৯৯৬), বর্ণমালার গল্প (১৯৯৭), মেয়রের গাড়ি (২০০৩), চাঁদের বুড়ির পান্তা ইলিশ (২০০৮) • **পুরস্কার** ➤ বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার (১৯৮০), আলাওল সাহিত্য পুরস্কার (১৯৮১), একুশে পদক (২০০৯), সার্ক সাহিত্য পুরস্কার (২০১৫), স্বাধীনতা পুরস্কার (২০১৮)। —তিনি বর্তমানে বাংলা একাডেমির প্রথম নারী সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

সকল আপডেট সবার আগে পেতে আমাদের টেলিগ্রাম গ্রুপে জয়েন করুন

Join us on Telegram

t.me/bdniyog



আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

পরিবেশ সংরক্ষণে কনভেনশন ও প্রটোকল

প্রতিবছর ৫ জুন বিশ্বব্যাপী রাজনৈতিক কর্মোদ্যোগ আর জনসচেতনতার মাধ্যমে পরিবেশ সচেতনতার লক্ষ্যে পালিত হয় বিশ্ব পরিবেশ দিবস। ১৯৭৩ সালে প্রথমবারের মতো উদযাপিত হয় দিবসটি। এ প্রেক্ষাপটে থাকছে পরিবেশ সংরক্ষণের নানা তথ্য।

পরিবেশ

পরিবেশের ইংরেজি প্রতিশব্দ Environment। এ শব্দটির উৎপত্তি ফরাসি Enviornner থেকে, যার অর্থ বেষ্টন করা বা ঘেরা। পন্ডিত ব্যক্তিগণ এ শব্দ থেকেই আমাদের অর্থাৎ মানুষের চারপাশের সব কিছুকে পরিবেশ বলে আখ্যায়িত করেন।

কনভেনশন ও প্রটোকল

- **ভিয়েনা কনভেনশন :** ওজোন স্তরের সুরক্ষা ও সংরক্ষণে ঐতিহাসিক ভিয়েনা কনভেনশন ২২ মার্চ ১৯৮৫ অস্ট্রিয়ার ভিয়েনায় গৃহীত হয়, যা কার্যকর হয় ২২ সেপ্টেম্বর ১৯৮৮। বাংলাদেশ ২ আগস্ট ১৯৯০ এটি সমর্থন করে।
- **বাসেল কনভেনশন :** বিপজ্জনক বর্জ্য দেশের সীমান্তের বাইরে নেওয়া এবং এদের নিয়ন্ত্রণ বিষয়ক আন্তর্জাতিক চুক্তিই হলো 'বাসেল' কনভেনশন। ২২ মার্চ ১৯৮৯ সুইজারল্যান্ডের বাসেলে এ কনভেনশনটি গৃহীত হয়, যা কার্যকর হয় ৫ মে ১৯৯২। ২২ সেপ্টেম্বর ১৯৯৫ সুইজারল্যান্ডের জেনেভায় কনভেনশনটি সংশোধিত হয়। এ কনভেনশন অনুসারী রাষ্ট্রসমূহ ১০ ডিসেম্বর ১৯৯৯ বাসেলে বর্জ্যপদার্থ সীমান্তের বাইরে নেওয়া সংক্রান্ত ক্ষয়ক্ষতির দায়িত্ব গ্রহণ ও এ সংক্রান্ত ক্ষতিপূরণ প্রদান বিষয়ক একটি প্রটোকল অনুমোদন করে। বাংলাদেশ ১ এপ্রিল ১৯৯৩ বাসেল কনভেনশন সমর্থন করে।
- **জীববৈচিত্র্য সংক্রান্ত কনভেনশন :** জীববৈচিত্র্য সংরক্ষণ, এর উপাদানসমূহের টেকসই ব্যবহার বৃদ্ধি এবং জেনেটিক রিসোর্স ব্যবহারে সবাই যাতে সমভাবে উপকৃত হতে পারে, সে ব্যাপারে কার্যকরী ভূমিকা পালন করার লক্ষ্যে গঠিত হয় জীববৈচিত্র্য সংক্রান্ত কনভেনশন (CBD)। কনভেনশনের আওতাধীন রাষ্ট্রসমূহ জীববৈচিত্র্য সংরক্ষণে, টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে এবং জীবপ্রযুক্তিগত সম্পদের সুফল, ন্যায্য ও সুষম বণ্টনে অঙ্গীকারবদ্ধ। জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP) এর উদ্যোক্তা। এটি ৫ জুন ১৯৯২ ব্রাজিলের রিও ডি জেনেরিওতে স্বাক্ষরিত হয়, যা কার্যকর হয় ২৯ ডিসেম্বর ১৯৯৩। বাংলাদেশ ৫ জুন ১৯৯২ স্বাক্ষর করে এবং অনুমোদন করে ৩ মে ১৯৯৪।
- **কার্টাগেনা প্রটোকল :** জীবপ্রযুক্তির ব্যবহার দ্বারা পরিমার্জিত প্রাণের নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত 'কার্টাগেনা প্রটোকল' ২৯ জানুয়ারি ২০০০ কানাডার মন্ট্রিলে গৃহীত হয়, যা কার্যকর হয় ১১ সেপ্টেম্বর ২০০৩। বাংলাদেশ ২৪ মে ২০০০ এটি স্বাক্ষর করে এবং অনুমোদন করে ৫ ফেব্রুয়ারি ২০০৪।
- **UNFCCC :** বিশ্ব তাপমাত্রা বৃদ্ধি মোকাবিলায় ৯ মে ১৯৯২ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জলবায়ুর পরিবর্তন সংক্রান্ত জাতিসংঘ রূপরেখা কনভেনশন (UNFCCC) তৈরি করা হয় এবং ১৯৯২ সালে ধরিত্রী সম্মেলনে তা স্বাক্ষর করা হয়। ২১ মার্চ ১৯৯৪ তা কার্যকর হয়। বাংলাদেশ ৯ জুন ১৯৯২ এ কনভেনশন স্বাক্ষর করে এবং ১৫ এপ্রিল ১৯৯৪ অনুমোদন করে।
- **কিয়োটো প্রটোকল :** ৯ মে ১৯৯২ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে UNFCCC কনভেনশনের সময় ভূমণ্ডলের তাপ বৃদ্ধি ও আবহাওয়ামণ্ডলের পরিবর্তন রোধে উদ্যোগ নেওয়া হয়। ১১ ডিসেম্বর ১৯৯৭ UNFCCC অনুসমর্থনকারী দেশসমূহ জাপানের কিয়োটো (দেশটির প্রাচীন রাজধানী) নগরীতে আইনগত বাধ্যবাধকতা রয়েছে এমন একটি প্রটোকল গ্রহণে সম্মত হয়। এর আওতায় ১৯৯০ সালের ভূমণ্ডলের স্তরকে ভিত্তিরূপে ধরে উন্নত দেশগুলো তাদের যৌথ নিঃসরণ ৬টি গ্রিনহাউস গ্যাস ২০০৮-২০১২ সালের মধ্যে ৫.২ শতাংশ হ্রাস করবে। ১৬ ফেব্রুয়ারি ২০০৫ কিয়োটো প্রটোকল কার্যকর হয়। বাংলাদেশ ২২ অক্টোবর ২০০১ এ প্রটোকল সমর্থন করে। ১৭ নভেম্বর ২০০৬ কেনিয়ার নাইরোবিতে কিয়োটো প্রটোকল সংশোধিত হয়।
- **মন্ট্রিল প্রটোকল :** ১৬ সেপ্টেম্বর ১৯৮৭ বায়ুমণ্ডলের স্ট্র্যাটোস্ফিয়ারে অবস্থিত ওজোন স্তরকে রক্ষার জন্য জাতিসংঘ পরিবেশ কর্মসূচি ও বিজ্ঞানীদের সময়োচিত তৎপরতায় কানাডার মন্ট্রিল শহরে ওজোন ক্ষয়কারী বস্তু সামগ্রী ফেজ আউট করার লক্ষ্যে 'মন্ট্রিল প্রটোকল' (Montreal Protocol) স্বাক্ষরিত হয়। ১ জানুয়ারি ১৯৮৯ তা কার্যকর হয়। বাংলাদেশ ২ আগস্ট ১৯৯০ মন্ট্রিল প্রটোকল সমর্থন করে। এ পর্যন্ত প্রটোকলটি পাঁচবার সংশোধন করা হয়।

পরিবেশ নিয়ে জাতিসংঘ সম্মেলন

সম্মেলনের নাম	অফিসিয়াল নাম	সময়কাল	স্থান
জাতিসংঘ মানব পরিবেশ সম্মেলন	জাতিসংঘ মানব পরিবেশ সম্মেলন	৫-১৬ জুন ১৯৭২	স্টকহোম, সুইডেন
ধরিত্রী বা রিও সম্মেলন	জাতিসংঘ পরিবেশ ও উন্নয়ন বিষয়ক সম্মেলন	৩-১৪ জুন ১৯৯২	রিও ডি জেনেরিও, ব্রাজিল
কপ-১	জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন	২৮ মার্চ-৭ এপ্রিল ১৯৯৫	বার্লিন, জার্মানি
কপ-২৬	জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন	৩১ অক্টোবর-১৩ নভেম্বর ২০২১	গ্লাসগো, স্কটল্যান্ড

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

Padma Bridge : Economic and Social Mutation

The construction of Padma Bridge is expected to be inaugurated by June 2022. It is the longest bridge in Bangladesh. The infrastructure has come up with abundant possibilities, especially for the marginalized people living in the southwestern part of Bangladesh.

Padma Bridge will add substantially to the Gross Domestic Product (GDP) of Bangladesh through the creation of strong supply chains that will increase investment, external and internal trade, employment and poverty alleviation, and eventually better the socioeconomic status of the people in that region. It is expected that the bridge will contribute to nearly two percent of GDP in our economy. Ease of transportation will create new business opportunities for the agricultural and industrial sectors. This will generate a new investment hub for both local and foreign investors which will lead to the industrial development with a huge employment opportunity. As demand for labour increases, there will be more recruitment, reskilling or up-skilling wages. The wider economic opportunities will eventually alleviate poverty, raise living standards and produce intergenerational gains through greater affordability of education and healthcare.

Economic Mutation

Establishing new routes : The Padma isolates the southern part from the rest of the country. Despite significant road-transport development in the southern region, a bridge was of the essence to pull off the efficiency of such improvements. Struggle in ferry worsen every year with an increasing number of vehicles. The waiting time at ferry points is more than two hours for buses and light vehicles and almost 10 hours for trucks. The struggles allude to an abysmal local condition when it comes to traveling. However, there has not been much projection of the annual economic and man-hour loss caused by the delay at ferry ghats, a TV channel corroborated that in August 2020, toll collection of 80 million BDT was recorded against a toll collection of 240 million BDT in the same month of the previous year 2019.

There is also an absence of direct roadways through the Tamabil-Sylhet-Sorail-Kanchpur-Dhaka-Mawa-Bhatiapara-Norail-Jessore-Benapole highway which will be resolved by the bridge said the appraisal report of WB. The bridge will create connectivity of roads, railways, and energy transportation easing international connectivity to India, Bhutan, and Nepal by linking to the Trans-Asian highway (N-8) and Trans-Asian railway. The burgeoning network and connectivity have thus far led to creating economic zones, high-tech parks, private industrial cities, and so on.

Reducing struggle of riverine sites : The southwest region covers 27% of the nation's population. But the region has been relatively under the radar when it comes to economic development compared to other parts. Climate change has caused problems like losing lands, eroson, businesses leading to migration. The outskirts of Padma also have prevailing poverty due to climatic and network issues. As a result, the proportion of the population living below the poverty line in the southwest region is 5% higher than the rest of the country. The Padma bridge will remedy these issues.

Industrial revolution in 21 districts : The imminent establishment of the Padma bridge is supposed to deliver an Economic Rate of Return (ERR) of investing in the bridge of 18-22% per year which is subject to increase. Formerly insular lands have now been accredited as lands of high value because of some form factors.

Transportation will be conducive to the local businesses as the connection from Dhaka to port cities has lessened. For agribusiness, delivery will be a lot faster cutting costs on storage guaranteeing product quality. Real estate businesses will rebound from previous losses as nearby areas are expected to be vastly industrialized by factories, mega factories, hospitals, universities and housing facilities. Hotel businesses in Barisal, shipwrecking

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

industries in the two seaports, liquified natural gas stations (LNG) industries are planned to be set up far above and beyond after the opening of the bridge. According to BSCIC officials, around 500-1000 factories of various categories are projected to be established in areas surrounding Barisal. The district is expected to contribute 2% growth to the national economy due to industrialization caused by the bridge.

Increasing GDP : The post establishment period of the Padma bridge is supposed to bolster our economy in many ways. The long-term road user's benefit was calculated using the traffic model. This was based on the savings or vehicle operation cost and savings in travel time cost. The estimation stood at 1,295,840 million BDT ($18,512 million) over the 31 years.

▲ 2.0% GDP growth

▲ 5.5% increase in district economic output

▲ 1.7% GDP growth in SWR (Annual)

▲ 0.8% Poverty reduction rate increase

Two simulations resulted in a 100% and a 70% investment stimulus felt in the southwest region over a direct injection of $2.1 billion into the regional economy. This would add a value of about 453,670 million BDT over a 31-year period which draws a 10.6% growth. Annually this rate would be 0.33% of the national base GDP.

Increasing international trade : From a foreign trade standpoint, Bangladesh has already started receiving investments for setting up business near the construction. Manufacturing businesses, RMG, assembling plants, storage facilities are most likely to be focused on. New workplaces will add to new employments serving the government's purpose. Creating strong ties to the two main seaports, exports are projected to grow and so will more export-import zones. The government will gain a substantial amount of taxation and toll post-project completion adding to its revenue.

Facts File

- Project Name : Padma Multipurpose Bridge Project
- Directly Connected Districts : 3, Munshiganj, Madaripur and Shariatpur.
- Connected Point : Mawa, Lauhajong, Munshiganj to Zajira, Shariatpur.
- Construction Start : 12 December 2015
- Construction Cost : BDT 301933.88 Million or, USD 3.868 Billion (Including VAT and IT)
- Construction Company : China Railway Major Bridge Engineering Company Limited
- Length : 6.15 km (20,177.17 ft)
- Width : 18.10m (59.38 ft)
- Viaduct : 3.148 km (Road), 532 m (Rail)
- Longevity : 100 years
- Earthquake Resistance : 9 Richter scale
- Spans : 41
- Pillars / Piers : 42
- Piles : 294
- Design : AECOM (United States)
- Feasibility Study : Finalized by JICA
- First Span set-up : 30 September 2017
- 41th Span set-up : 10 December 2020

Social Mutation

The Padma Bridge is estimated to increase the GDP of the country by more than one percent. It will benefit about three crore people across 21 south-western districts of Bangladesh. These districts will be connected with the growth centres through better connectivity. They can be used as economic corridors. This will create opportunities for employment and income. The transportation system will be improved as movement of people will be enhanced. Supply chains within the country will be connected better. Goods and services will move smoothly from one place to another. People from the south-western parts of the country are also expected to have better access to education, healthcare and other services.

Not only will people move to the urban areas easily, opportunities will also come to the rural areas. This will change the rural economy which is already undergoing transformation. The share of the agriculture sector to the GDP of the country has declined significantly with the emergence of non-farm activities in the rural areas. This was facilitated by several factors including better communication and connectivity.

Therefore, once the bridge is fully functional, monitoring and evaluation of the infrastructure will be critical to get the expected return. The construction of the bridge has been a landmark achievement of the government. But without its efficient management and governance, the rate of return from this mega project will be low. Finally, as Bangladesh is working towards reviving the economy from the fallouts of the Covid-19 pandemic, the Padma Bridge can help the country fulfil this effort to a great extent. It can also contribute towards achieving sustainable development.

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

প্রশ্ন সমাধান

- ৪৪তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট
- প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ
- পররাষ্ট্র মন্ত্রণালয়
- বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

৪৪তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২২

পরীক্ষা : ২৭ মে ২০২২ | সেট : ১ | কোড : হেমন্ত

১. শুদ্ধ বানান কোনটি?
(ক) মুমুর্ষু (খ) মূমুর্ষূ (গ) মুমূর্ষু (ঘ) মূমূর্ষু

২. 'ইতরবিশেষ' বলতে বোঝায়—
(ক) দুর্বৃত্ত (খ) চালাকি (গ) পার্থক্য (ঘ) অপদার্থ

৩. নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির দৃষ্টান্ত কোনটি?
(ক) গো+অক্ষ=গবাক্ষ (খ) পৌ+অক=পাবক
(গ) বি+অঙ্গ=বঙ্গ (ঘ) যতি+ইন্দ্র=যতীন্দ্র

৪. নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?
(ক) আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।
(খ) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
(গ) তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।
(ঘ) সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম।

৫. নিচের কোনটি যৌগিক বাক্য?
(ক) দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না।
(খ) তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।
(গ) মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন।
(ঘ) ছেলেটি চঞ্চল তবে মেধাবী।

৬. ধ্বনি-পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ-বিপর্যয়-এর দৃষ্টান্ত?
(ক) রতন (খ) কবাট (গ) পিচাশ (ঘ) মুলুক

৭. নিচের কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়?
(ক) বহ্নি (খ) আবীর
(গ) বায়ুসখা (ঘ) বৈশ্বানর

৮. 'দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা।'
—এই উক্তিটি নিচের কোন পারিভাষিক অলংকার দ্বারা শোভিত?
(ক) অপহ্নুতি (খ) যমক
(গ) অর্থোন্নতি (ঘ) অভিযোজন

৯. 'যথারীতি' কোন সমাসের দৃষ্টান্ত?
(ক) অব্যয়ীভাব (খ) দ্বিগু
(গ) বহুব্রীহি (ঘ) দ্বন্দ্ব

১০. 'মৃত্তিকা দিয়ে তৈরি'—কথাটি সংকোচন করলে হবে—
(ক) তন্ময় (খ) মন্ময় (গ) মৃন্ময় (ঘ) চিন্ময়

১১. 'অর্ধচন্দ্র' কথাটির অর্থ—
(ক) অমাবস্যা (খ) গলাধাক্কা দেওয়া
(গ) কাছে টানা (ঘ) কাস্তে

১২. 'হরতাল' কোন ভাষা থেকে আগত শব্দ?
(ক) পর্তুগিজ (খ) হিন্দি
(গ) গুজরাটি (ঘ) ফরাসি

১৩. কোনটি 'জিগীষা'র সম্প্রসারিত প্রকাশ?
(ক) জানিবার ইচ্ছা (খ) জয় করিবার ইচ্ছা
(গ) হনন করিবার ইচ্ছা (ঘ) যুদ্ধ করিবার ইচ্ছা

১৪. নিচের কোনটি তৎসম শব্দ?
(ক) পছন্দ (খ) হিসাব (গ) ধূলি (ঘ) শৌখিন

১৫. নিচের কোনটি বাংলা 'ধাতু'র দৃষ্টান্ত?
(ক) কহ্ (খ) কথ্ (গ) বুধ্ (ঘ) গঠ্

১৬. ইসলাম ও সুফিমতের প্রভাবে ভারতবর্ষে ঘটেছিল—
(ক) বর্ণবাদের পুনরুত্থান (খ) রাষ্ট্রবিপ্লব
(গ) চিন্তাবিপ্লব (ঘ) অভিবাসন বিপ্লব

১৭. 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য 'চণ্ডী' কার স্ত্রী?
(ক) জগন্নাথ (খ) বিষ্ণু (গ) প্রজাপতি (ঘ) শিব

১৮. 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' কোথা থেকে উদ্ধার করা হয়েছিল?
(ক) নেপালের রাজদরবার থেকে (খ) গোয়ালঘর থেকে
(গ) পাঠশালা থেকে (ঘ) কান্তজীর মন্দির থেকে

১৯. বিদ্যাপতি মূলত কোন ভাষার কবি ছিলেন?
(ক) মারাঠি (খ) হিন্দি (গ) মৈথিলি (ঘ) গুজরাটি

২০. 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে।'—এই মনোবাঞ্ছাটি কার?
(ক) ভবানন্দের (খ) ভাঁড়ুদত্তের
(গ) ঈশ্বরী পাটুনীর (ঘ) ফুল্লরার

২১. নিচের কোন ব্যক্তি 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?
(ক) কাজী আবদুল ওদুদ (খ) এস ওয়াজেদ আলি
(গ) আবুল ফজল (ঘ) আবদুল কাদির

২২. 'মনোরমা' বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র?
(ক) কৃষ্ণকান্তের উইল (খ) দুর্গেশনন্দিনী
(গ) মৃণালিনী (ঘ) বিষবৃক্ষ

২৩. 'ব্যক্ত প্রেম' ও 'গুপ্ত প্রেম' কবিতা দুটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
(ক) খেয়া (খ) মানসী (গ) কল্পনা (ঘ) সোনার তরী

২৪. 'অভীক' রবীন্দ্রনাথের কোন গল্পের নায়ক?
(ক) নষ্টনীড় (খ) নামঞ্জুর গল্প
(গ) রবিবার (ঘ) ল্যাবরেটরি

২৫. 'সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে।'—কার রচিত পঙ্‌ক্তি?
(ক) রজনীকান্ত সেন (খ) ইসমাইল হোসেন সিরাজী
(গ) কামিনী রায় (ঘ) দ্বিজেন্দ্রলাল রায়

২৬. 'খোকা' ও 'রঙ্গু' মাহমুদুল হক-এর কোন উপন্যাসের চরিত্র?
(ক) কালো বরফ (খ) খেলাঘর
(গ) অনুর পাঠশালা (ঘ) জীবন আমার বোন

২৭. সৈয়দ ওয়ালীউল্লাহর লেখা নাটক কোনটি?
(ক) কবর (খ) বহিপীর
(গ) পায়ের আওয়াজ পাওয়া যায় (ঘ) ওরা কদম আলী

সমাধান

১	গ
২	গ
৩	ক
৪	গ
৫	ঘ
৬	গ
৭	খ
৮	ক
৯	ক
১০	গ
১১	খ
১২	গ
১৩	খ
১৪	গ
১৫	ক
১৬	গ
১৭	ঘ
১৮	খ
১৯	গ
২০	গ
২১	খ
২২	গ
২৩	খ
২৪	গ
২৫	গ
২৬	ঘ
২৭	খ

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

২৮. মীর মশাররফ হোসেনের 'বিষাদসিন্ধু' একটি—
(ক) মহাকাব্য (খ) ইতিহাস গ্রন্থ
(গ) উপন্যাস (ঘ) ইতিহাস-আশ্রিত জীবনীগ্রন্থ

২৯. 'চাঁদের অমাবস্যা' উপন্যাসের যুবক-শিক্ষকের নাম—
(ক) আবদুল কাদের (খ) খতিব মিয়া
(গ) আক্কাস আলী (ঘ) আরেফ আলী

৩০. 'মরণ রে তুঁহু মম শ্যাম সমান।'—পঙ্‌ক্তিটির রচয়িতা—
(ক) বিদ্যাপতি (খ) গোবিন্দদাস
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) কৃষ্ণদাস কবিরাজ

৩১. 'আলোয়ারা' উপন্যাসের রচয়িতার নাম—
(ক) সৈয়দ মুজতবা আলী (খ) কাজী আবদুল ওদুদ
(গ) নজিবর রহমান (ঘ) রোকেয়া সাখাওয়াৎ হোসেন

৩২. নিচের কোন কাব্য কাজী নজরুল ইসলামের উদারনৈতিক ঐতিহ্যভাবনার ধারক?
(ক) বিষের বাঁশী (খ) অগ্নি-বীণা
(গ) সিন্ধু-হিন্দোল (ঘ) চক্রবাক

৩৩. নিচের কোনটি বিশ শতকের পত্রিকা?
(ক) শনিবারের চিঠি (খ) বঙ্গদর্শন
(গ) তত্ত্ববোধিনী (ঘ) সংবাদ প্রভাকর

৩৪. নিচের কোনটি উপন্যাস নয়?
(ক) দিবারাত্রির কাব্য (খ) শেষের কবিতা
(গ) পল্লী-সমাজ (ঘ) কবিতার কথা

৩৫. 'বাঙালী ও বাঙলা সাহিত্য' গ্রন্থ কে রচনা করেছেন?
(ক) দীনেশচন্দ্র সেন (খ) গোপাল হালদার
(গ) আহমদ শরীফ (ঘ) সুকুমার সেন

৩৬. 'He prayeth best, who loveth best.'—Who said it?
(ক) John Milton (খ) John Donne
(গ) Lord Byron (ঘ) S. T. Coleridge

৩৭. The controlling sentence of a paragraph is known as—
(ক) content modulator (খ) terminator
(গ) thesis statement (ঘ) topic sentence

৩৮. Choose the correct comparative form of the sentence : 'Very few boys are as industrious as Zaman.'
(ক) Zaman is one of the most industrious boys.
(খ) Zaman is more industrious than most other boys.
(গ) Zaman is really industrious like other boys.
(ঘ) Zaman is as industrious as other boys.

৩৯. Identify the appropriate preposition: Your opinion is identical—mine.
(ক) for (খ) in (গ) with (ঘ) by

৪০. 'Paradise Lost' attempted to—
(ক) justify the ways of man to God.
(খ) show that Satan and God have equal power.
(গ) justify the ways of God to man.
(ঘ) explain why both good and evil are necessary.

৪১. The synonym for 'panoramic' is—
(ক) scenic (খ) narrow (গ) limited (ঘ) restricted

৪২. The antonym for 'slothful' is—
(ক) playful (খ) sluggish
(গ) energetic (ঘ) quarrelsome

৪৩. Alexander Pope's 'Essay on Man' is a—
(ক) novel (খ) treatise
(গ) short story (ঘ) poem

৪৪. 'By and large' means—
(ক) everywhere (খ) very large
(গ) mostly (ঘ) far away

৪৫. Francis Bacon is an illustrious—
(ক) essayist (খ) dramatist
(গ) novelist (ঘ) journalist

৪৬. 'He could not win but learnt a lot.' Which part of speech is the word 'but'?
(ক) an adverb (খ) a verb
(গ) an adjective (ঘ) a conjunction

৪৭. Select the appropriate preposition : 'Are you doing' anything special— the weekend?'
(ক) at (খ) with (গ) on (ঘ) for
[বিঃ দ্রঃ British Expression— at the weekend এবং American Expression—on the weekend ব্যবহৃত হয়।]

৪৮. What is the plural form of 'sheep'?
(ক) sheeps (খ) sheep
(গ) sheepes (ঘ) sheepses

৪৯. 'Sweet are the uses of adversity' is quoted from Shakespeare's—
(ক) Julius Caesar (খ) Macbeth
(গ) Comedy of Errors (ঘ) As you Like It

৫০. What is the verb form of the word 'ability'?
- ইথাইল অ্যাসিটেটের ক্ষারীয় আর্দ্রবিশ্লেষণের উপাদানগুলো হলো— $CH_3COONa + CH_3CH_2OH$।
- $K_4[Fe(CN)_6]$ জটিল যৌগে Fe এর জারণ সংখ্যা— (+2)।
- নাইলন 6, 6 প্রস্তুত করতে ব্যবহার করা হয়— এপিডিক এসিড।
- SI পদ্ধতিতে পরিবাহিতার একক— S।

জীববিজ্ঞান

- কোষপ্রাচীরের দুটি কূপের মধ্যবর্তী পর্দাকে বলে— পিট মেমব্রেন।
- ভিটামিন-C সঞ্চয় করে— গলগি বডি।
- ডিঅক্সিরাইবোজ সুগারে অক্সিজেন অনুপস্থিত— ২নং কার্বনে।
- সায়ানোব্যাকটেরিয়া ধ্বংসকারী ভাইরাস— সায়ানোফাস।
- স্পোরের মাধ্যমে বংশবৃদ্ধি করে— থ্যালোফাইটস।
- Poaceae গোত্রের উদ্ভিদের ফলকে বলা হয়— ক্যারিওপসিস।
- সালোকসংশ্লেষণে উৎপন্ন জৈব যৌগ যে কলার মাধ্যমে পরিবাহিত হয়— ফ্লোয়েম।
- C_3 উদ্ভিদে ক্যালভিন চক্র সম্পন্ন হয় — মেসোফিল কোষে।
- হেপারিন উৎপন্ন করে রক্তনালির অভ্যন্তরে রক্তজমাট রোধ করে— বেসোফিল।
- মানুষের হৃৎপিণ্ডে ভেন্ট্রিকলের সিস্টোল হলে— সেমিলুনার কপাটিকা খুলে যাবে।
- ডায়াফ্রাম পেশির সংকোচনের জন্য দায়ী— ফ্রেনিক স্নায়ু।
- ডিম্বাণুর গায়ে ফলিকল কোষ স্তরকে বলা হয়— করোনা রেডিয়েটা।
- মানুষের মস্তিষ্ক ও স্নায়ুকান্ডের আবরণ— মেনিনজেস।

বিগত বছরের প্রশ্নোত্তর

- একটি সরল দোলকের দোলনকাল 50% বাড়াতে এর কার্যকর দৈর্ঘ্যের পরিবর্তন কত হবে?— 125%। *[ঢাবি 'ক' ২০২০-২১]*
- একটি বস্তু 12 m ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে চলমান আছে। একটি মুহূর্তে বৃত্তাকার পথে এর দ্রুতি 6 m/s এবং এটি 4 m/s^2 হারে বৃদ্ধি পাচ্ছে। ঐ মুহূর্তে বস্তুটির ত্বরণের মান কত?— 5 m/s^2। *[ঢাবি 'ক' ২০২০-২১]*
- $x = a\cos\theta + b\sin\theta$, $y = a\sin\theta - b\cos\theta$ কোন কোনিকের সমীকরণ?— circle। *[ঢাবি 'ক' ২০২০-২১]*
- $2x = y^2 + 8y + 22$ পরাবৃত্তের শীর্ষবিন্দুর স্থানাংক হবে— (3, −4)। *[ঢাবি 'ক' ২০২০-২১]*
- পোলার স্থানাংকে $r^2 - 2r\sin\theta = 3$ একটি বৃত্তের সমীকরণ। বৃত্তটির ব্যাসার্ধ হবে— 2। *[ঢাবি 'ক' ২০২০-২১]*
- যদি $y = kx(2x + \sqrt{3})$ বক্ররেখার মূলবিন্দুতে স্পর্শকটি x-অক্ষের সাথে 30° কোণ উৎপন্ন করে তাহলে k-এর মান হবে— $\frac{1}{\sqrt{3}}$। *[ঢাবি 'ক' ২০২০-২১]*
- জলাভূমির উদ্ভিদ কোনটি?— Barringtonia acutangula। *[ঢাবি 'ক' ২০২০-২১]*
- পতঙ্গের সম্পূর্ণ রূপান্তর নিম্নলিখিত কোন ধাপগুলো নিয়ে গঠিত?— ডিম-লার্ভা-পিউপা-পূর্ণাঙ্গ পতঙ্গ। *[ঢাবি 'ক' ২০২০-২১]*
- প্রথম ক্রমের বিক্রিয়ার হার ধ্রুবকের মান নিচের কোনটির উপর নির্ভরশীল নয়?— বিক্রয়কের ঘনমাত্রা। *[ঢাবি 'ক' ২০১৮-২০১৯]*
- লিউটিনাইজিং হরমোন যে কাজকে প্রভাবিত করে— যৌন হরমোনের কাজ। *[ঢাবি 'ক' ২০১৮-২০১৯]*
- বোস্তামি কাছিমের বৈজ্ঞানিক নাম— Aspideretes nigricans। *[ঢাবি 'ক' ২০১৮-২০১৯]*
- কোন তাপমাত্রা সেন্টিগ্রেড স্কেল ও ফারেনহাইট স্কেলে সমান?— −40°। *[ঢাবি 'ক' ২০১৭-২০১৮]*
- প্রশমন এনথালপি −57.0 kJ mol^{-1} হলে $Ba(OH)_2(aq) + 2HCl(aq) \rightarrow BaCl_2(aq) + 2H_2O(l)$ বিক্রিয়াটির এনথালপির পরিবর্তন কত?— −114 kJ। *[ঢাবি 'ক' ২০১৭-২০১৮]*
- বায়ুতে আলোর বেগ 3.0×10^8 m/s। বায়ু সাপেক্ষে কাচের প্রতিসরাঙ্ক 1.5

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

বিশেষ আয়োজন

ঢাকা বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা ২০২১-২২

লিখিত নমুনা প্রশ্ন

মানবিক

1. কাব্যাংশটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক-ঘ) উত্তর দাও:

রুষিলা বাসবত্রাস। গম্ভীরে যেমতি
নিশীথে অম্বরে মন্দ্রে জীমূতেন্দ্র কোপি,
কহিলা বীরেন্দ্র বলী,— "ধর্মপথগামী,
হে রাক্ষসরাজানুজ, বিখ্যাত জগতে
তুমি;— কোন্ ধর্ম মতে, কহ দাসে, শুনি,
জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি,— এ সকলে দিলা
জলাঞ্জলি? শাস্ত্রে বলে, গুণবান্ যদি
পরজন, গুণহীন স্বজন, তথাপি
নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা!
এ শিক্ষা, হে রক্ষোবর, কোথায় শিখিলে?'
কিন্তু বৃথা গঞ্জি তোমা! হেন সহবাসে,
হে পিতৃব্য, বর্বরতা কেন না শিখিবে?
গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি।"

ক. কাব্যাংশটির ভেতরের সংলাপে 'জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি' নিয়ে প্রশ্ন উঠেছে কেন?
খ. মেঘনাদের সংলাপের মূলভাব অনধিক পাঁচ বাক্যে ব্যক্ত কর।
গ. যে ভঙ্গি ও স্বরে বিভীষণের প্রতি মেঘনাদ ঘৃণা ব্যক্ত করেছেন তা নিজের ভাষায় লেখ।
ঘ. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সঙ্গে কাব্যাংশটির সাদৃশ্য রয়েছে— কীভাবে?

2. নিচের গদ্যাংশ শুদ্ধ করে লিখ।

পাকিস্থান প্রতিষ্ঠা অবশ্য অন্য ব্যাপার, কিন্তু প্রতিষ্ঠিত পাকিস্তানের যে উর্দু এবং কেবল উর্দুই হবে, এই বক্তব্যে ভ্রান্তি কোথায়! পাকিস্থান ছিল একটি শোষণভিত্তিক অগনতান্ত্রিক রাস্ট্র! সেখানে ক্ষমতাসীন অবাঙালীরা বাঙালীদের নিগৃহীত করবে এটাই ছিল স্বাভাবিক। মোড়কটা ছিল ধর্মীয়, অভিপ্রায়টি নিষ্ঠুররূপে বৈষয়িক। শোষণের প্রয়োজনেই উর্দুকে চাঁপাতে চেয়েছে, নিষ্পৃষ্ঠ করতে চেয়েছে বাঙালীর সংস্কৃতিকে। সংস্কৃতিকে কাবু করতে পারলে মানুষকে বশে রাখা সহজ।

3. সপ্রসঙ্গ উদ্ধৃতি ব্যাখ্যা করো :
a. 'মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।'
b. 'তোমাতে রয়েছে সকল কেতবা সকল কালের জ্ঞান, সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ।'

4. Write a paragraph by analyzing the significance of Bangabandhu Sheikh Mujibur Rahman's Historic Speech of 7th March 1971.

5. Fill in each gap of the following passage with appropriate word(s) from the basket given below :

pollutes, discharges, waste, free, toxic, dumped, since, paid back, because of

Dhaka city—the bounty of the river Buriganga by sucking life out of it. According to newspaper report, the Buriganga is dying—pollution. Huge quantities of— chemicals are— into the river very day. The city— about 4,500 tons of solid waste every days and most of it is directly released into this river.

6. Add Five more sentences to complete the following story.

I'm Shubho. I'm 18 years old. I'm a passionate lover of folk music. I don't mind while my friends call me melomaniac. I dream to visit different parts of Bangladesh and I want to experience the taste of local folk music of those areas. If I get the opportunity to study at the University of Dhaka, I will take folk music as a part of my co-curricular activity. Therefore I am making up a plan that includes many things...

ব্যবসায় শিক্ষা

1. Translate the following sentences into English :
a. দেশের উন্নয়নের জন্য সম্মিলিত প্রচেষ্টা দরকার।
b. চট্টগ্রামে তার পাইকারি ব্যবসা আছে।
c. কুয়াশার কারণে আমরা বাইরে যেতে পারিনি।
d. ঘন্টার পর ঘন্টা তিনি সড়কে আটকে আছেন।
e. হেমন্ত এলে মানুষ ঘর বানাবে।

2. Translate the following sentences into Bangla :
a. The growth in the export sector this year surpassed all expectations.
b. To err is human, to forgive is divine.
c. How much do I owe you?
d. Can the boat cross the river safely in this stormy weather?
e. Humans will face new challenges of survival because of climate change.
f. I am tired of saying the same thing again and again.

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

3. Explain the following conc
   a. The literary term 'Sonnet'.
   b. Corporate Social Responsibility
   c. Online Shopping
   d. Detective story
   e. Ecotourism
4. Make a precis of the following passage
   It is reconized that the only way to get rid of malaria completely is to get rid of the mosquitoes which cause it. Malaria is always associated with damp and marshy land. This is not because the land is damp but because of the stagnant water which forms in pools, drains etc. where mosquitoes breed. Mosquitoes begin their life as larvae in the stagnant water. Malaria does not generally occur in dry desert countries because mosquitoes cannot breed there. The only way we can be safe from mosquitoes is by preventing their breeding. This can be done if stagnant water is not allowed to form anywhere, and by draining such water regularly. Another way to prevent malaria is to put a film of kerosene oil on pools and drains which, by depriving the larvae of air, kills them.
5. a. 'বাংলাদেশ পর্যটন শিল্পের সমস্যা ও সম্ভাবনা' এ বিষয়ে সংক্ষেপে রচনা লেখ।
   b. 'বাংলাদেশের অর্থনীতিতে কোভিড-১৯ অতিমারির প্রভাব' বিষয়ে সংক্ষেপে আলোচনা কর।
6. Answer the following short questions:
   a. সমন্বয় জাবেদা লিখনের উদ্দেশ্য উল্লেখ কর।
   b. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা কী?
   c. ভোক্তা বাজার বিভক্তিকরণের ভিত্তিসমূহ উল্লেখ কর।
   d. ঐতিহাসিক নাটক হিসেবে 'সিরাজউদ্দৌলা' কি সার্থক? সংক্ষেপে লেখ।
   e. সম্পদ ও ব্যয়ের ধারণার মধ্যে উদাহরণসহ পার্থক্য কর।

নিচের দুটি প্রশ্নের মধ্য হতে একটি প্রশ্নের উত্তর দাও :

* পরামর্শমূলক নির্দেশনা কী?
* বাংলাদেশে অনলাইন বিপণনের অসুবিধাগুলি কী?

বিজ্ঞান

পদার্থবিজ্ঞান

1. একজন লোক উত্তর-পূর্ব দিকে 20m গেল। তারপর উত্তর-পশ্চিম দিকে ঘুরে 10m গেল। লোকটির সরণের লব্ধি কত? [Ans : $10\sqrt{5}$m]
2. যদি $\vec{F} = (5\hat{i} - \hat{j} - \hat{k})$ N বল প্রয়োগে একটি বস্তুর সরণ $\vec{S} = (3\hat{i} + 5\hat{j})$ m হয় তবে বলের দ্বারা সম্পাদিত কাজের পরিমাণ কত? [Ans : 10 J]
3. দুটি সদৃশ এবং একই উপাদানের তৈরি তার যথাক্রমে 25 N ও 25.1 N বল দ্বারা টান করে রাখা হলো। যদি এরা প্রতি সেকেন্ডে 2টি বীট উৎপন্ন করে তবে এদের কম্পাঙ্ক কত? [Ans : 998 Hz]
4. [illegible] ফোটনের প্রাথমিক কম্পাঙ্ক $3 \times 10^{19} s^{-1}$। ফোটন একটি ইলেক্ট্রনের সাথে সংঘর্ষ করে 90° কোণে বিক্ষিপ্ত হয়। নতুন কম্পাঙ্ক কত? [Ans : $2.41 \times 10^{19} s^{-1}$]
5. 100 পাকের একটি কুণ্ডলীর মধ্যে দিয়ে 5A তড়িৎ প্রবাহিত করলে 0.01 Wb-এর চৌম্বক ফ্লাক্স উৎপন্ন হয়। কুণ্ডলীটির স্বকীয় আবেশ গুণাঙ্ক নির্ণয় কর। [Ans : 0.211H]

রসায়ন বিজ্ঞান

1. ফ্যারাডের সূত্রের সাহায্যে ইলেক্ট্রনের চার্জ গণনা কর। সিলভারের তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক $0.001118\ gC^{-1}$ বলতে কী বোঝায়? সেকেন্ডারি লিথিয়াম আয়ন ব্যাটারির কার্যপ্রণালি সমীকরণসহ লেখ।
2. a. রাসায়নিক বন্ধন কী? ন্যাফথালিন অণুতে কয়টি এবং কী কী বন্ধন বিদ্যমান?
   b. প্রাইমারি, সেকেন্ডারি ও টারসিয়ারি অ্যালকোহলকে কীভাবে আলাদা করা যায়?
3. a. অ্যালকেন, অ্যালকিন এবং অ্যালকাইনের সংকরণ বন্ধন দৈর্ঘ্য, বন্ধন কোণ এবং আকৃতি উল্লেখ কর।
   b. অবস্থান সমাণুতা কী? C_4H_8, C_3H_8O এবং $C_6H_4Br_2$ এর অবস্থান সমাণুক কয়টি? গাঠনিক সংকেত ও নামকরণ লিখ।
4. অরবিটাল কী? পাঁচটি d-অরবিটালের নাম লিখ এবং এদের দ্বি-মাত্রিক চিত্র অংকন কর। তড়িৎ ঋণাত্মকতা এবং ইলেকট্রন আসক্তির মধ্যে প্রধান পার্থক্য কী?
5. a. কোয়াগুলেশন বলতে কী বুঝায়?
   b. গ্লাস ক্লিনারে কস্টিক সোডা ব্যবহৃত হয় না কেন? R_f এর মান 1 এর চেয়ে কম কেন?
6. ইথানয়িক এসিডের জলীয় দ্রবণের বিয়োজন সাম্যাবস্থা দেখাও এবং এর k_a সংজ্ঞায়িত কর। কোন শর্তে pk_a = pH হবে, প্রয়োজনীয় সমীকরণসহ ব্যাখ্যা কর।

জীববিজ্ঞান

1. a. Diploblastic ও Triploblastic প্রাণীদের তুলনা লিখ।
   b. ঘাসফড়িং এর বাহ্যিক গঠন বর্ণনা কর।
   c. ট্রাকিয়া ও ট্রাকিওলের মধ্যে পার্থক্য লিখ।
2. একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের অন্তর্গঠনের পাঁচটি শনাক্তকারী বৈশিষ্ট্য লিখ।
3. Platyhelminthes এবং Nemathelminthes এর পাঁচটি প্রধান পার্থক্য লিখ।
4. মানবদেহের যেকোনো ১০টি করোটিকা স্নায়ুর নাম লিখ।

গণিত

1. $\frac{2+3i}{2-3i} = P + iQ$, P ও Q বাস্তব সংখ্যা হলে, Q = ?
2. $x^3 - 3x^2 + 7x - 5 = 0$ সমীকরণের একটি মূল $(1+2i)$ হলে অন্য মূলগুলো নির্ণয় কর।
3. $y = x^2$ এবং $x = y^2$ দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।
4. $5x_1 + 10x_2 \le 50, x_1 + x_2 \ge 1, x_2 \le 4, x_1 \ge 0, x_2 \ge 0$ শর্তাবলি সাপেক্ষে $2x_1 + 7x_2$ এর লঘিষ্ঠ মান বের কর।

কৌশলে [illegible]ণ জ্ঞান

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

পর্ব ৬৭

বিভিন্ন সংস্থার অফিসিয়াল বা ওয়ার্কিং ভাষা

৩ **ইংরেজি, ফরাসি ও পর্তুগিজ** ➤ পশ্চিম আফ্রিকান রাজ্যের অর্থনৈতিক সম্প্রদায় (ECOWAS)।
ইংরেজি, ফরাসি ও স্প্যানিশ ➤ বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)।
ইংরেজি, ফরাসি ও জার্মান ➤ ইউরোপীয় মহাকাশ সংস্থা (ESA)।
আরবি, ফরাসি ও ইংরেজি ➤ ইসলামী উন্নয়ন ব্যাংক (IsDB)।
গুয়ারানি, পর্তুগিজ ও স্প্যানিশ ➤ মারকোসার (Mercosur)।

২ **ইংরেজি ও ফরাসি** ➤ অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থা (OECD) | আন্তর্জাতিক শক্তি সংস্থা (IEA) | আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (IOC) | ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (IPU) | বিশ্ব ডাক ইউনিয়ন (UPU) | আফ্রিকান উন্নয়ন ব্যাংক (AfDB) | কাউন্সিল অব ইউরোপ | ন্যাটো (NATO)।
ডাচ ও ফরাসি ➤ বেনেলাক্স।
চীনা ও রুশ ➤ সাংহাই সহযোগিতা সংস্থা (SCO)।

১ **ইংরেজি** ➤ কমনওয়েলথ | আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) | বিশ্ব ব্যাংক (WB) | এশিয়া-প্যাসিফিক ইকোনমিক কোঅপারেশন (APEC) | এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) | এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংক (AIIB) | ক্যারিবিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (CDB) | ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন (IORA) | নিউ ডেভেলপমেন্ট ব্যাংক (NDB) | নর্ডিক ইনভেস্টমেন্ট ব্যাংক (NIB) | ওপেক (OPEC) | প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জ ফোরাম (PIF) | দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (SAARC)।
রুশ ➤ কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটস (CIS) | ইউরেশীয় উন্নয়ন ব্যাংক (EDB) | ইউরেশিয়ান ইকোনমিক ইউনিয়ন (EAEU)।
আরবি ➤ উপসাগর সহযোগী সংস্থা (GCC) | আরব লীগ।
স্প্যানিশ ➤ সেন্ট্রাল আমেরিকান কমন মার্কেট (CACM)।

মার্কিন প্রেসিডেন্টের তথ্যকথা

জর্জ ওয়াশিংটন (১ম প্রেসিডেন্ট)
- হোয়াইট হাউসে বসবাস করেননি।
- স্বাধীনতার সর্বাধিনায়ক।

জন এডামস (২য় প্রেসিডেন্ট)
- হোয়াইট হাউসে প্রথম বসবাস করেন।

টমাস জেফারসন (৩য় প্রেসিডেন্ট)
- ৩০ এপ্রিল ১৮০৩ ফরাসি সম্রাট নেপোলিয়নের কাছ থেকে লুইজিয়ানা ক্রয় করেন।

আব্রাহাম লিঙ্কন (১৬তম প্রেসিডেন্ট)
- ১৮৬৩ সালে ক্রীতদাস প্রথা বিলুপ্ত করেন।
- ১২ এপ্রিল ১৮৬১–৯ মে ১৮৬৫ গৃহযুদ্ধ সংঘটিত।

থিওডোর রুজভেল্ট (২৬তম প্রেসিডেন্ট)
- ১৯০৬ সালে প্রথম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার পান।
- সর্বকনিষ্ঠ প্রেসিডেন্ট।

উড্রো উইলসন (২৮তম প্রেসিডেন্ট)
- ৮ জানুয়ারি ১৯১৮ কংগ্রেসের দেওয়া তার বক্তব্যের 14 points এর ১৪ নম্বর point এ জাতিপুঞ্জ সৃষ্টির কথা উল্লেখ করেন।
- প্রথম বিশ্বযুদ্ধের সময় প্রেসিডেন্ট ছিলেন।
- ১৯১৮ সালে দ্বিতীয় মার্কিন প্রেসিডেন্ট হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার পান।

হার্বার্ট ক্লার্ক হোভার (৩১তম প্রেসিডেন্ট)
- ১৯২৯ সালে অর্থনৈতিক মন্দা হয়।

ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট (৩২তম প্রেসিডেন্ট)
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রেসিডেন্ট ছিলেন।
- চার মেয়াদে ১২ বছর ২ মাস ২৪ দিন ক্ষমতায় থাকা একমাত্র প্রেসিডেন্ট।
- নিউ ডিল (New Deal) কর্মসূচির প্রবর্তক।

হ্যারি এস. ট্রুম্যান (৩৩তম প্রেসিডেন্ট)
- জাপানে আণবিক বা পারমাণবিক বোমা ফেলার আদেশ দিয়েছিলেন।

জন ফিটজেরাল্ড কেনেডি (৩৫তম প্রেসিডেন্ট)
- একমাত্র পুলিৎজার পুরস্কার বিজয়ী প্রেসিডেন্ট।
- নির্বাচিত কনিষ্ঠ প্রেসিডেন্ট।

রিচার্ড মিলহাউস নিক্সন (৩৭তম প্রেসিডেন্ট)
- একমাত্র পদত্যাগকারী প্রেসিডেন্ট।
- 'ওয়াটার গেট' কেলেঙ্কারির সাথে জড়িত।

জিমি কার্টার (৩৯তম প্রেসিডেন্ট)
- কসনিয়ায় যুদ্ধবিরতি স্বাক্ষরের মধ্যস্থতাকারী।
- ২০০২ সালে শান্তিতে নোবেল জয়ী।

রোনাল্ড উইলসন রিগ্যান (৪০তম প্রেসিডেন্ট)
- হলিউডের অভিনেতা ছিলেন।

বিল ক্লিনটন (৪২তম প্রেসিডেন্ট)
- প্রেসিডেন্ট থাকা অবস্থায় বাংলাদেশ সফরকারী একমাত্র প্রেসিডেন্ট (সফরকাল ২ এপ্রিল ১৯৯৫)।

জর্জ ওয়াকার বুশ (৪৩তম প্রেসিডেন্ট)
- ১১ সেপ্টেম্বর ২০০০ যুক্তরাষ্ট্রের ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে হামলা।
- ২০ মার্চ ২০০৩ ইরাক দখলের উদ্দেশ্যে হামলা।
- ৭ অক্টোবর ২০০১ আফগানিস্তানে হামলা শুরু করেন।

বারাক হোসেন ওবামা (৪৪তম প্রেসিডেন্ট)
- প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট।
- ২০০৯ সালে শান্তিতে নোবেলজয়ী।
- প্রথম আফ্রো-আমেরিকান প্রেসিডেন্ট।

ডোনাল্ড ট্রাম্প (৪৫তম প্রেসিডেন্ট)
- প্রথম প্রেসিডেন্ট হিসেবে কংগ্রেসের নিম্নকক্ষ হাউজ অব রিপ্রেজেন্টিটিভসে দুইবার অভিশংসিত হন।

জো বাইডেন (৪৬তম প্রেসিডেন্ট)
- সবচেয়ে বয়োজ্যেষ্ঠ প্রেসিডেন্ট।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

ভুল নির্ভুল ১০১

বাংলাদেশের বর্তমান স্থলবন্দর কতটি?

ভুল ➤ ২৫টি ❖ সঠিক ➤ ২৪টি

স্থলবন্দর হলো সীমান্তে অবস্থিত আন্তঃদেশীয় পণ্য ও যাত্রী পরিবহন এবং বিনিময় কার্যক্রম নিয়ন্ত্রণ কেন্দ্র। স্থলপথে প্রতিবেশী দেশগুলোর সাথে বাণিজ্য সম্প্রসারণের উদ্দেশ্যে আমদানি রপ্তানি কার্যক্রম সহজতর ও উন্নততর করার লক্ষ্যে ১৪ জুন ২০০১ 'বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ আইন, ২০০১'-এর অধীন বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ (BSBK) প্রতিষ্ঠা করা হয়। এরপর ১২ জানুয়ারি ২০০২ সরকার সীমান্তবর্তী ১১টি স্থানকে স্থলবন্দর ঘোষণা করে, যার মধ্যে থেকে ১ ফেব্রুয়ারি ২০০২ বেনাপোল প্রথম স্থলবন্দর হিসেবে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে। এটি ভারতের পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনার বনগাঁওয়ের পেট্রাপোল বন্দরের সাথে যুক্ত। বর্তমানে BSBK ঘোষিত স্থলবন্দরের সংখ্যা ২৪টি। সর্বশেষ ২৪ জুলাই ২০১৯ সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলাধীন ভোলাগঞ্জ স্থল শুল্ক স্টেশনকে দেশের ২৪তম স্থলবন্দর হিসেবে ঘোষণা করা হয়।

মোট স্থলবন্দরের সংখ্যা	২৪টি
প্রথম স্থলবন্দর ঘোষণা	১২ জানুয়ারি ২০০২
প্রথম কার্যক্রম শুরু	বেনাপোল (১ ফেব্রুয়ারি ২০০২)
বৃহত্তম স্থলবন্দর	বেনাপোল; ৮৬.৬৮ একর
সর্বাধিক স্থলবন্দর	সিলেট জেলায়; ৩টি— তামাবিল, শেওলা ও ভোলাগঞ্জ
দুটি করে স্থলবন্দর	২টি জেলায়— দিনাজপুর (হিলি ও বিরল) এবং চুয়াডাঙ্গা (দর্শনা ও দৌলতগঞ্জ)
মিয়ানমারের সাথে একমাত্র স্থলবন্দর	টেকনাফ (কক্সবাজার)
চালু স্থলবন্দর	১২টি
ঘোষণার প্রক্রিয়াধীন স্থলবন্দর	০২টি [মুজিবনগর (মেহেরপুর) ও প্রাগপুর (দৌলতপুর, কুষ্টিয়া)]

বিশ্বের বৃহত্তম রাজনৈতিক দল কোনটি?

ভুল ➤ চীনা কমিউনিস্ট পার্টি ❖ সঠিক ➤ ভারতীয় জনতা পার্টি

রাজনৈতিক দল বলতে এমন একটি সংঘবদ্ধ জনসমষ্টিকে বোঝায় যারা জাতীয় ও আন্তর্জাতিক সমস্যাবলি সম্পর্কে অভিন্ন মতামত পোষণ করে এবং সরকারি ক্ষমতা লাভের আশায় কর্মতৎপর থাকে। সংক্ষেপে বলা যায় যে, রাজনৈতিক দল এমন একটি সুসংগঠিত জনগোষ্ঠী যারা একটি রাজনৈতিক একক হিসেবে কাজ করে এবং সরকারি ক্ষমতা লাভ করে নিজেদের নীতি ও কর্মসূচি বাস্তবায়ন করতে প্রয়াস চালায়। ৬ এপ্রিল ১৯৮০ প্রতিষ্ঠিত ভারতীয় জনতা পার্টি (BJP) প্রাথমিক সদস্যপদের দিক থেকে বিশ্বের বৃহত্তম রাজনৈতিক দল। BJP'র বর্তমান সদস্য সংখ্যা ১৮ কোটি। যা ভারতের মোট জনসংখ্যার ১৩.৩১%। অন্যদিকে, ১ জুলাই ১৯২১ মাত্র ৫৩ জন সদস্য নিয়ে যাত্রা শুরু করা চীনা কমিউনিস্ট পার্টির (CPP) বর্তমান সদস্য সংখ্যা ৯ কোটি ৫০ লাখ। যা চীনের মোট জনসংখ্যার ৬.৭৪%। চীনা কমিউনিস্ট পার্টি ভারতীয় জনতা পার্টির পর বিশ্বের দ্বিতীয় বৃহত্তম রাজনৈতিক দল।

সর্বশেষ কোন দেশে রাজতন্ত্র বিলুপ্ত হয়?

ভুল ➤ নেপাল ❖ সঠিক ➤ বার্বাডোস

রাজতন্ত্র (Monarchy) এক ধরনের সরকার ব্যবস্থা যেখানে সম্পূর্ণ সার্বভৌমত্ব একজন ব্যক্তির কাছে ন্যস্ত করা হয়, যিনি মৃত্যু বা ত্যাগ না করা পর্যন্ত তার পদে অধিষ্ঠিত থাকেন। রাজতন্ত্রের শাসক রাষ্ট্রের প্রধান হিসেবে কাজ করেন। রাজা বা বাদশারা সাধারণত বংশগত উত্তরাধিকারের মাধ্যমে সিংহাসনে অধিষ্ঠিত হন। রাজতন্ত্র প্রধানত দুই প্রকার— নিরঙ্কুশ রাজতন্ত্র এবং নিয়মতান্ত্রিক বা সাংবিধানিক রাজতন্ত্র। নিরঙ্কুশ রাজতন্ত্রে রাজা বা রানি রাষ্ট্রের সর্বোচ্চ ক্ষমতার অধিকারী হন। সাংবিধানিক রাজতন্ত্রে রাজা বা রানিকে সংবিধানের নির্দিষ্ট আইনের আলোকে শাসন করতে হয়। ৩০ নভেম্বর ২০২১ সর্বশেষ বার্বাডোস ৪০০ বছরের রাজতন্ত্র বিলুপ্ত করে বিশ্বের নবীনতম প্রজাতান্ত্রিক রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে। এর আগে প্রজাতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হওয়ার লক্ষ্যে দেশটির পার্লামেন্ট ৬ অক্টোবর ২০২১ সংবিধান সংশোধন করে। অন্যদিকে, হিমালয়ের দেশ নেপাল ২৮ মে ২০০৮ দেশটির ২৪০ বছরের প্রাচীন রাজতন্ত্র বিলুপ্ত

সর্বশেষ রাজতন্ত্র বিলুপ্তকারী ১০ দেশ

দেশ	রাজতন্ত্রের অবসান	সর্বশেষ রাজা/রানি/সম্রাট
গ্রিস	১ জুন ১৯৭৩	দ্বিতীয় কনস্ট্যানটাইন
মাল্টা	১৩ ডিসেম্বর ১৯৭৪	দ্বিতীয় এলিজাবেথ
লাওস	২ ডিসেম্বর ১৯৭৫	সিসাভাং বাথানা
ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো	১ আগস্ট ১৯৭৬	দ্বিতীয় এলিজাবেথ
ইরান	১১ ফেব্রুয়ারি ১৯৭৯	মোহাম্মদ রেজা পাহলভি
মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র	৪ ডিসেম্বর ১৯৭৬	জন বেডেল বোকাস্সা
ফিজি	৭ অক্টোবর ১৯৮৭	দ্বিতীয় এলিজাবেথ
মরিশাস	১২ মার্চ ১৯৯২	দ্বিতীয় এলিজাবেথ
নেপাল	২৮ মে ২০০৮	জ্ঞানেন্দ্র

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com



পাঠকের জানালা

প্রশ্ন ও উত্তর

প্রশ্নগুলো পাঠিয়েছেন যারা

অভিজিৎ তরফদার, ঝিকরগাছা, যশোর ‖ মো. আব্দুর রহীম, চাঁপাইনবাবগঞ্জ ‖ আব্দুল্লাহ আল ফাহিম, সরকারি বঙ্গবন্ধু কলেজ, মিরপুর ‖ মাহবুবুল হাসান জয়, নরসিংদী ‖ রিফাত আহমেদ, রাজশাহী বিশ্ববিদ্যালয় ‖ মোঃ সোহেল রানা, মিরপুর, ঢাকা।

প্রশ্ন : আমন্ত্রণ এবং নিমন্ত্রণ এর মধ্যে পার্থক্য কী?

উত্তর : শব্দ দুটির মধ্যে অর্থগত পার্থক্য নেই, এরা একে অপরের প্রতিশব্দ। কোনো বিশেষ ঘটনাবলি উপলক্ষে, শ্রদ্ধেয় বা গণ্যমান্য ব্যক্তিকে উপস্থিতির আহবান করা হলে তাকে আমন্ত্রণ বলে। আমন্ত্রিত ব্যক্তির সাথে আত্মীয়তার সম্পর্ক থাকে না। যেমন— ক্রীড়া অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার জন্য ক্রীড়া প্রতিমন্ত্রীকে আমন্ত্রণ। অপরদিকে, নিমন্ত্রণ বলতে ব্যক্তিগত পর্যায়ে অতি কাছের পরিচিত, আত্মীয়তার সম্পর্ক বা প্রতিবেশী এমন ব্যক্তির উপস্থিতির জন্য নিমন্ত্রণ করা হয়। যেমন— বিয়েতে দাওয়াত, জন্মদিনের দাওয়াত এগুলোকে নিমন্ত্রণ বলে।

প্রশ্ন : ইংরেজি ভাষার জন্ম কোন দেশে?

উত্তর : ইংরেজি বা English ইন্দো-ইউরোপীয় ভাষা পরিবারের জার্মানীয় শাখার পশ্চিম দলের একটি ভাষা। উত্তর আটলান্টিক মহাসাগরের গ্রেট ব্রিটেন দ্বীপের দক্ষিণাংশে অবস্থিত ইংল্যান্ড নামক দেশটিতে খ্রিষ্টীয় আনুমানিক ৬ষ্ঠ শতকে ইংরেজি ভাষার জন্ম হয়। বর্তমানে এটি বিশ্বের জনপ্রিয় এবং প্রধান ভাষা। মাতৃভাষাভাষীর সংখ্যার বিচারে এর অবস্থান বিশ্বে তৃতীয়। জার্মানীয় গোত্র অ্যাঙ্গলো, স্যাক্সন ও জুটদের ভাষা থেকে ইংরেজি ভাষার উৎপত্তি। এ গোত্রগুলি ৪৫০ খ্রিষ্টাব্দে ব্রিটিশ দ্বীপপুঞ্জের দক্ষিণ ও পূর্ব উপকূলে পা রাখে। এদের মুখের ভাষাই প্রাচীন ইংরেজি ভাষার ভিত্তি।

প্রশ্ন : প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতি শাসিত সরকারের মধ্যে পার্থক্য কী?

উত্তর : বিশ্বের বিভিন্ন দেশে সরকার ব্যবস্থা হয় রাষ্ট্রপতি অথবা সংসদ দ্বারা শাসিত। সংসদীয় ব্যবস্থায় এবং রাষ্ট্রপতি সরকারের মধ্যে মূল পার্থক্য হলো সংসদীয় সরকারে প্রধানমন্ত্রী ক্ষমতাসীন এবং রাষ্ট্রপতি শাসিত সরকারে উচ্চতর ক্ষমতার অধিকারী রাষ্ট্রপতি। সংসদীয় শাসন ব্যবস্থায় প্রকৃত প্রশাসনিক কর্তৃপক্ষ মন্ত্রিসভা, প্রত্যক্ষভাবে আইনসভা এবং পরোক্ষভাবে জনসাধারণের কাছে দায়িত্বশীল থাকে এবং জনগণের প্রত্যক্ষ ভোটে আইনসভার সদস্যরা নির্বাচিত হন। অন্যদিকে, রাষ্ট্রপতি শাসিত শাসন ব্যবস্থায় রাষ্ট্রপতি প্রত্যক্ষভাবে জনগণের দ্বারা নির্বাচিত, একাধারে রাষ্ট্রপ্রধান এবং শাসন বিভাগের প্রধান কর্তা।

প্রশ্ন : আরবিতে ৩৫৪ দিনে বছর ধরা হয় কেন?

উত্তর : হিজরি সন হলো ইসলামী চন্দ্র পঞ্জিকায় ব্যবহৃত সাল যার প্রথম বছর শুরু হয় ৬২২ খ্রিষ্টাব্দে। সেদিন হযরত মুহাম্মদ (স.) ও তার সাহাবীরা মক্কা থেকে ইয়াসরিবে (বর্তমানে মদিনা) দেশান্তরিত হন। বিশ্বে বর্ষ গণনার প্রধান দু'টি উৎস সৌরবর্ষ ও চন্দ্রবর্ষ। হিজরি সন ৩৫৪ বা ৩৫৫ দিনে হয়, বাংলা সন ৩৬৫ দিনে হয়। পৃথিবী গোল হওয়ার কারণে এবং আহ্নিক গতি ও বার্ষিক গতির ফলে চাঁদের আবির্ভাব ও তিরোধান বড়ই স্পর্শকাতর ও রহস্যময়। দিন-রাত ২৪ ঘণ্টার মধ্যে যেকোনো সময় চাঁদের প্রতিপদ [জন্মলগ্ন] লাগতে পারে, আর এ প্রতিপদ লাগার ২০/২২ ঘণ্টা পরে অল্প সময়ের জন্য চাঁদের উদয় হয়। যার ফলশ্রুতিতে মোট চন্দ্রবর্ষ সৌরবর্ষ থেকে কয়েকদিন কম হয়।

প্রশ্ন : Guardian Angel সম্পর্কে জানতে চাই।

উত্তর : Guardian Angel হলো এক ধরনের দেবদূত, যা একজন নির্দিষ্ট ব্যক্তি বা একটি গোষ্ঠী বা জাতিকে রক্ষা এবং গাইড করার জন্য নিযুক্ত হয়। খ্রিষ্টধর্মে, ফেরেশতাদের শ্রেণিবিন্যাস ৫ম শতাব্দীতে সিউডো-ডায়নিসিয়াস দ্য অ্যারিওপাগাইট দ্বারা ব্যাপকভাবে বিকশিত হয়। এরপর থেকে দেবদূত এবং টিউটেলারি আত্মার ধর্মতত্ত্বে অনেক পরিবর্তন হয়। Guardian Angel ধারণাটি ১৫ শতকে জার্মান ক্যাবলিস্ট আব্রাহাম অফ ওয়ার্মস-এর *দ্য বুক অব দ্য সেক্রেড ম্যাজিক অব আব্রামেলিন দ্য ম্যাজ* বইয়ের কেন্দ্রবিন্দু ছিল। ১৮৯৭ সালে এ বইটি ইংরেজিতে অনুবাদ করেন স্যামুয়েল লিডেল ম্যাকগ্রেগর ম্যাথার্স (১৮৫৪-১৯১৮), যিনি এটিকে হোলি গার্ডিয়ান অ্যাঞ্জেল হিসেবে নামকরণ করেন।

প্রশ্ন : Home এবং House এর মধ্যে পার্থক্য কী?

উত্তর : Home বলতে আপন ঘর বা নিজের ঘর বুঝায় যেখানে আমরা খুব আরামদায়ক বা স্বস্তি অনুভব করি। বিপরীতে, House বলতে অবকাঠামোগতভাবে একটি বাড়ি বা বিল্ডিংয়ের রূপ প্রকাশ করে। এ বাড়ি নিজের বা অন্য যে কারো হতে পারে। তবে নিজের বাসস্থান যেখানে একজন মানুষ সম্পূর্ণ স্বস্তি অনুভব করে সেটাকেই Home বলে।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

ক্লিফ অব মোহর

চশমা এলো যেভাবে

ষাট গম্বুজ মসজিদের গম্বুজ ৬০টি নয়!

দ্য ক্লিফ অব মোহর বিশ্বের অন্যতম নান্দনিক ও হৃদয়স্পর্শী পর্যটন কেন্দ্র। আটলান্টিক মহাসাগরের পাশে এটি আয়ারল্যান্ডে অবস্থিত। পর্যটন পার্কিং লট ক্লিফ অব মোহর থেকে বেশি দূরে নয়। পাশেই বাঁধানো রয়েছে হাঁটার রাস্তা এবং পাথরের ধাপ এমনকি কোমর সমান পাথরের দেয়াল। হাঁটার রাস্তাটি চলে গেছে ক্লিফের শেষ উচ্চতায়। যেখানে প্রায়ই দুর্ঘটনা ঘটে। এককথায় মৃত্যুর পথ এখান থেকেই শুরু। অধিক উচ্চতা, তীব্র বাতাসের বেগ, কখনো অধিক উষ্ণতা ও অতিরিক্ত বৃষ্টি ক্লিফের পথকে করে তোলে বিভীষিকাময়। পাথরের সুড়কি আর মসৃণ এ হাঁটার পথটি সাধারণ পথের মতো নয়। ২০০৬ সালে এক নারী পাহাড়ের ওপরে ওঠার সময় নিজের নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে গেলে তার মৃত্যু হয়। ২০০৭ সালের ঘটনা, ২৬ বছর বয়সি এক নারী তার চার বছরের সন্তানসহ ১৮০ মিটার (প্রায় ৬০০ ফুট) ক্লিফের ওপর থেকে লাফ দেয়। এসব ঘটনার পরই সেখানে পর্যটকদের ভ্রমণের ওপর সতর্কতা জারি করা হয়। তখন থেকেই সুন্দর ক্লিফ অব মোহরকে বিপজ্জনক এলাকা হিসেবে ঘোষণা করা হয়। নানাজনের নানা মতের ফলে, একপ্রকার রহস্যের ধূম্রজাল তৈরি হয় এ ক্লিফ মোহরকে নিয়ে। এখানে যারা ঘুরতে যায় তাদের বেশির ভাগই পাহাড় থেকে লাফ দেওয়ার উদ্দেশ্য নিয়েই যায় বলে মনে করা হয়। ২০১০ সালে প্রাকৃতিক বিপজ্জনক এলাকা হিসেবে দ্য ক্লিফ অব মোহরকে সারা বিশ্বের সামনে তুলে ধরা হয়।

চশমা এলো যেভাবে

চশমার ইতিহাস অনেক প্রাচীন। প্রাচীন মিসরীয় সভ্যতার হায়ারোগ্লিফিকসে মানুষের চশমার ব্যবহার আবিষ্কার করেন ইতিহাসবিদেরা। সাধারণত কোনো জিনিসকে পরিষ্কার দেখার জন্য সেই সময় বিভিন্ন ধরনের কাচের প্রচলন ছিল। খ্রিষ্টপূর্ব প্রথম শতকে দৃষ্টিপ্রতিবন্ধকতা দূর করার জন্য চোখে কাচের ব্যবহারের লিখিত প্রমাণ রয়েছে। রোমান সম্রাট নিরোর একজন শিক্ষক সে সময়ে বিভিন্ন বিষয়ের বর্ণনার সঙ্গে দূরের জিনিস পরিষ্কারভাবে দেখার জন্য জলমিশ্রিত এক ধরনের কাচ চোখে লাগানোর কথা বলেছেন। সত্যিকারের চশমা বলতে যা বোঝায়, ১২৮৬ সালের দিকে প্রথম ইতালিতে প্রচলন ঘটে। জিওর্দানো দা পিসা নামের এক ব্যক্তি প্রথমবারের মতো চশমা তৈরি করেন। ঐ সময় চোখে আতশী কাচ লাগিয়ে ছোট জিনিসকে দৃষ্টিসীমায় নিয়ে আসার জন্য চোখে চশমা ব্যবহার করা হতো। আধুনিক চশমার উদ্ভাবক হিসেবে অভিহিত করা যেতে পারে গিরোলামো সাভোনারোলা নামের এক ইতালীয়কে। তিনি ১৭২৭ সালে বর্তমান সময়ের চশমার প্রাথমিক নকশাটি তৈরি করেন। ধীরে ধীরে এটি রূপ পায় আধুনিক চশমায়।

ষাট গম্বুজ মসজিদের গম্বুজ কিন্তু ৬০টি নয়!

ষাট গম্বুজ মসজিদ বাংলাদেশের বাগেরহাট জেলার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত একটি প্রাচীন মসজিদ। মসজিদটির গায়ে কোনো শিলালিপি নেই। তাই কোন সময়ে এটি নির্মাণ করা হয় সে সম্বন্ধে সঠিক কোনো তথ্য পাওয়া যায় না। তবে মসজিদটির স্থাপত্যশৈলী দেখলে এটি যে খান জাহান আলী নির্মাণ করেন সে সম্বন্ধে কোনো সন্দেহের অবকাশ থাকে না। ধারণা করা হয়, তিনি ১৫শ শতাব্দীতে এটি নির্মাণ করেন। এ মসজিদটি বহু বছর ধরে ও বহু অর্থ খরচ করে নির্মাণ করা হয়। যদিও এটি ষাট গম্বুজ মসজিদ নামে পরিচিত, কিন্তু প্রকৃত পক্ষে চতুস্কোণের বুরর্মজের ওপর চারটি গম্বুজসহ এতে মোট ৭৪টি গম্বুজ আছে এবং মধ্যের সারির বাংলা চালের অনুরূপ ৭টি চৌচালা গম্বুজসহ মোট ৮১টি গম্বুজ রয়েছে। বিশেষভাবে লক্ষণীয় যে, এর প্রার্থনা কক্ষের চৌচালা ছাদ ও গম্বুজগুলি ইট ও পাথরের ষাটটি খাম্বার দ্বারা সমর্থিত খিলানের ওপর নির্মিত। বাংলাদেশের তিনটি বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের একটি

কেন হয়?

❑ **গ্রীষ্মকালে গরম লাগে কেন?**

উত্তর : মানবদেহের স্বাভাবিক তাপমাত্রা ৯৮ ডিগ্রি ফারেনহাইট। সে তুলনায় পরিবেশের তাপমাত্রা ৯০ ডিগ্রি ফারেনহাইটেরও কম। কিন্তু তাপমাত্রা ৯০ ডিগ্রি ফারেনহাইটে চলে এলে দেহে গরম অনুভূত হতে থাকে। দেহের তাপমাত্রা এবং বায়ুর তাপমাত্রা যখন সমান হয়ে যায় সে তাপ আটকা পড়ে দেহ এবং দেহের আশেপাশের অঞ্চলজুড়ে থাকা বায়ুর মধ্যে। সে কারণে গরম লাগে।

❑ **গরমে শরীর ঘামে কেন?**

উত্তর : যখন বাইরের পরিবেশের তাপমাত্রা বেশি থাকে, তখন পরিবেশের সাথে দেহের তাপমাত্রা খাপ খাওয়ানোর জন্য দেহ থেকে বাষ্প ঘাম হয়ে বের হয়। যদি বাতাসে কম জলীয় বাষ্প থাকে বা আর্দ্রতা কম হয়, তাহলে সহজেই ঘাম আকারে জলীয় বাষ্প দেহ থেকে বের হয়। কিন্তু আর্দ্রতা বেশি থাকলে তখন আর ঘাম আকারে আমাদের শরীরের জলীয় বাষ্প বের হয় না তখন আমাদের খুব অস্বস্তিবোধ হয় এবং আরও গরম লাগে।

❑ **বাতাস করলে শরীর ঠাণ্ডা হয় কেন?**

উত্তর : বাতাসের চলাচল থাকলে শরীরের আশেপাশের বায়ুগুলো অন্য বায়ুর চাপে সরে যায়। ফলে গরম স্থায়ী হবার আগেই নতুন বাতাস এসে স্থান করে নেয়। যার কারণে শরীরের আশেপাশের বায়ুগুলো

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

সেন সাম্রাজ্য : প্রাচীন যুগের সমাপ্তি

ইতিহাসের পথ পরিক্রমায় বহুল আলোচিত, প্রাচীন যুগের সর্বশেষ ও গুরুত্বপূর্ণ শাসনকাল হচ্ছে সেন রাজাদের শাসন। বাংলায় সেন শাসনের বিশেষ তাৎপর্য হলো, সেনগণই সর্বপ্রথম বাংলার শাসন ক্ষমতা দখল করে সমগ্র বাংলার ওপর তাদের নিরঙ্কুশ শাসন প্রতিষ্ঠা করতে সক্ষম হন।

ক্ষমতা গ্রহণ

পাল বংশের পর বাংলায় সেন বংশের রাজত্ব শুরু হয়। সেনদের আদি নিবাস ছিল দক্ষিণ ভারতের কর্ণাটক রাজ্যে। সেন বংশের প্রতিষ্ঠাতা সামন্ত সেনের পিতা বীর সেন মূলত কর্ণাটক থেকে গৌড় রাজ্যে এসেছিলেন ভাগ্যান্বেষণে। বাংলা তখন পাল রাজাদের অধীনে। রামপাল, কুমারপাল প্রমুখ রাজাগণের শাসনকাল থেকে পাল সাম্রাজ্যে বিভিন্ন দুর্বলতা দেখা দেয়। ফলে শাসনকার্যের সুবিধার্থে পাল রাজারা বিদেশি কর্মচারীদের বিভিন্ন প্রশাসনিক কাজে নিয়োগ করতেন। এভাবে সেন বংশীয় লোকেরা প্রথমে পাল রাজাদের অধীনে উচ্চপদে কাজ করতেন। রাজা চতুর্থ গোপালের সময় হেমন্ত সেন স্বয়ং রাজসিংহাসনে বসে রাজ্য পরিচালনা শুরু করেন। এভাবেই একদিন রাজা চতুর্থ গোপালকে অবহিত না করেই তিনি নিজেকে গৌড়ের রাজা হিসেবে ঘোষণা করেন। অতঃপর ১০৯৭ খ্রিষ্টাব্দে হেমন্ত সেনের পুত্র বিজয় সেন পালদের বিতাড়িত করে গৌড়ে সেনদের একচ্ছত্র আধিপত্য প্রতিষ্ঠা করেন। মূলত এভাবেই গৌড় তথা বাংলায় সেন সাম্রাজ্যের সূত্রপাত হয়। একথা সত্য যে, সামন্ত সেন কর্ণাটকে বহু যুদ্ধ-বিগ্রহে অংশগ্রহণ করে খ্যাতি অর্জন করে এ বংশের ভবিষ্যৎ উন্নতির সোপান রচনা করেন। তবে তিনি সেন সাম্রাজ্যের যথার্থ স্থপতি ছিলেন না। সামন্ত সেনের পুত্র হেমন্ত সেনই ছিলেন যথার্থ সেন সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। তিনিই মূলত সেন রাজ্যকে গড়ে তোলেন। আর এ রাজ্যকে পরিপূর্ণতা দেন তার ছেলে বিজয় সেন।

সেন যুগের শাসন ব্যবস্থা

যদিও সেন বংশের রাজত্বকাল দীর্ঘদিন স্থায়িত্ব লাভ করতে পারেনি কিন্তু পাল বংশের অবসানের পর বাংলায় পুনরায় রাজনৈতিক ঐক্য এ বংশের হাত ধরেই প্রতিষ্ঠিত হয়। সেন রাজাদের পৃষ্ঠপোষকতায় হিন্দু ধর্ম বাংলায় সুপ্রতিষ্ঠিত হয়। সমাজে ব্রাহ্মণদের প্রতিপত্তি প্রতিষ্ঠিত হয়। সংস্কৃত ভাষা ও সাহিত্যের চরম উৎকর্ষ সাধিত হয়। তবে সেন যুগে প্রজা নিপীড়ন ব্যাপক ও প্রবল আকার ধারণ করে। গোড়া হিন্দুধর্মের পুনরুত্থানের ফলে এ সময় বৌদ্ধদের ওপর চরম আঘাত আসে। ফলে বৌদ্ধগণ পার্শ্ববর্তী দেশসমূহে আশ্রয় নেয়। রাজকর্মচারীরা প্রজাদের কাছ থেকে উপঢৌকন আদায় করত। রাজারা প্রজাদের দুঃখ লাঘবের জন্য কোনোরূপ বিধিসঙ্গত প্রচেষ্টা করেননি। সাধারণ শ্রমিক, ভূমিহীন শ্রমিকরা বেশ দুঃখ কষ্টে দিন কাটাত। সেনযুগে জাত-পাতের বিভেদ প্রবল হয়ে ওঠে। সংহতি ও ঐক্য ধ্বংস হয়। বিভিন্ন জাতের উদ্ভব করে কাউকে উচ্চ বা কাউকে নিচু বলে ঘোষণা করা হয়। এভাবে সেন শাসিত বাংলাদেশে এক প্রকার স্বৈরাচার কায়েম হয়।

পতনের কারণ

শ্রেণি সংঘাত : শ্রেণি সংঘাত ছিল সেন বংশের পতনের অন্যতম কারণ। কৌলীন্য প্রথার ফলে ব্রাহ্মণরা কুলীন গোত্রীয় শ্রেণিতে অন্তর্ভুক্ত থাকায় উচ্চ সুযোগ সুবিধা ভোগ করত। ফলে সাধারণ শ্রমজীবী মানুষের মধ্যে চরম অসন্তোষ দেখা দেয়।

প্রশাসনিক বিশৃঙ্খলা : বিজয় সেন ও লক্ষ্মণ সেনের পর সেন বংশে তেমন কোনো দক্ষ শাসক ছিল না। যার ফলে দেখা দেয় প্রশাসনিক দুর্বলতা ও অভ্যন্তরীণ বিদ্রোহ।

পরধর্মে সহিষ্ণুতার অভাব : বাংলায় পাল রাজাদের পরধর্মের

কৌলীন্য প্রথা

কৌলীন্য হলো 'হিন্দু কুল ও বর্ণ সমীকরণ আইন'। বাংলার সমাজ সংস্কারের লক্ষ্যে রাজা বল্লাল সেন কৌলীন্য প্রথা প্রবর্তন করেন। কৌলীন্য বলতে বুঝায় নয়টি গুণের ভিত্তিতে সৃষ্ট একটি কাল্পনিক উচ্চ শ্রেণি যাদেরকে কুলীন বলা হতো। কুলীন অর্থ : উত্তম পরিবার বা সম্ভ্রান্ত বংশজাত। নয়টি গুণ : আচার (শুদ্ধতা), বিদ্যা, তপস্যা, আবৃত্তি (সমবর্ণে বিবাহ), নিষ্ঠা, বিনয়, প্রতিষ্ঠা (শুদ্ধতার খ্যাতি), তীর্থদর্শন ও দান (উদারহস্ত)। প্রাচীনকাল থেকেই বাংলায় ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শুদ্র এ চার জাত বিদ্যমান ছিল। কৌলীন্য প্রথা প্রথমে ব্রাহ্মণদের মধ্যে প্রচলন করা হলেও কালক্রমে তা অন্যান্য জাতের হিন্দুদের মধ্যেও ছড়িয়ে পড়ে। এ প্রথার ফলে হিন্দুরা নিজ জাতির মধ্যেই পরস্পর আচার-আচরণ ও বৈবাহিক বিষয়ে নানা রকম জটিল রাজনীতি ও নীতির মুখোমুখি হয়। সমজাতীয় সমাজে বিভিন্ন বংশকে উচ্চ ও নীচ রূপে চিহ্নিত করা হয়। যা সমাজ ব্যবস্থাকে দুর্বল করে দেয়। কুলীনরা অকুলীনদের কাছ থেকে অন্যায়ভাবে নানা রকম সুবিধা আদায় করত। সমাজে নারীদের অবস্থা হয় শোচনীয়। কুলীনের ছেলে কুলীন ছাড়া অকুলীন মেয়েকেও বিবাহ করতে পারত, কিন্তু কুলীনের মেয়ের বিবাহ কুলীনের ছেলের সাথেই দিতে হতো নয়তো মেয়ের বাপের কৌলীন্য ভঙ্গ হতো। সমাজে তাকে হীন মনে করা হতো। এর ফলে মেয়েদের বিবাহ কখনো হতো অত্যন্ত বাল্য বয়সে কখনো বেশি বয়সে।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

সেন সাম্রাজ্য

বিজয় সেন

বিজয় সেন ছোট পরিসরে গড়ে ওঠা সেন রাজ্যকে একটি পরাক্রমশালী সাম্রাজ্যে পরিণত করেন। ১০৯৭-১১৫৮ খ্রিষ্টাব্দ ছিল তার রাজত্বকাল। পাল বংশের শেষ রাজা মদন পালকে তার রাজধানী গৌড় থেকে বিজয় সেনই বিতাড়িত করেন। এতে মদন পাল উত্তরবঙ্গে পালিয়ে যেতে বাধ্য হয়। আট বছর পর মদন পালের মৃত্যু হলে বিজয় সেন উত্তরবঙ্গও দখল করে নেন। তিনি রামপালকে বরেন্দ্র পুনরুদ্ধারে সাহায্য করেন এবং এর বিনিময়ে স্বাধীনতার স্বীকৃতি পেয়েছিলেন। বিজয় সেন বিয়ে করেন শূরবংশীয় রাজকন্যা বিলাসদেবীকে, যেন শক্তিশালী শূর বংশের সাথে সুসম্পর্ক বজায় থাকে। বিজয় সেনের প্রথম রাজধানী ছিল হুগলি জেলার বিজয়পুরে এবং দ্বিতীয় রাজধানী স্থাপিত হয় বর্তমান মুন্সিগঞ্জ জেলার বিক্রমপুরে। বিজয় সেনের সভাকবি ছিলেন উমাপতি ধর। ১১৫৮ খ্রিষ্টাব্দে তার মৃত্যুর পর সিংহাসনে বসেন তার ছেলে বল্লাল সেন।

বল্লাল সেন

বল্লাল সেনের জন্ম ১০৮৩ সালে রামপাল নগরে। তিনি ছিলেন সেন রাজ্যের দ্বিতীয় প্রধান রাজা। তিনি ১১৫৮ - ১১৭৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত (২১ বছর) বাংলায় রাজত্ব করেন। তার রাজ্য পূর্বে পূর্ববঙ্গ থেকে পশ্চিমে মগধ ও উত্তরে দিনাজপুর থেকে দক্ষিণে বঙ্গোপসাগর পর্যন্ত প্রসারিত ছিল। পাল রাজাদের ওপর চূড়ান্ত আঘাত বল্লাল সেনই আনেন। তিনি 'কৌলীন্য প্রথা' তৈরি করেন। বল্লাল সেন পাঁচটি বই লিখেছিলেন— 'দানসাগর', 'অদ্ভুতসাগর', 'ব্রতসাগর', 'আচারসাগর' ও 'প্রতিষ্ঠাসাগর'। এর মধ্যে 'দানসাগর' তিনি নিজেই ১১৬৮ খ্রিষ্টাব্দে শেষ করেন। কিন্তু 'অদ্ভুতসাগর' শেষ করতে হয় তার ছেলে লক্ষ্মণ সেনকে। তিনি ঢাকেশ্বরী মন্দির, বিক্রমপুরের বল্লালবাড়ি (বর্তমান মুন্সিগঞ্জ), নির্জরপুর বল্লালবাড়ি (বর্তমান বগুড়া শেরপুর) ও বল্লাল ঢিপি নির্মাণ করেন। বল্লাল সেন জীবনের শেষ সময়টা নির্ভেজাল ও শান্তিপূর্ণভাবে কাটাতে চান। তাই বৃদ্ধ হয়ে যাওয়ার পর ছেলে লক্ষ্মণ সেনকে রাজ্যভার বুঝিয়ে দিয়ে তিনি স্ত্রী রমাদেবীকে নিয়ে ত্রিবেণীর কাছে গঙ্গাতীরবর্তী একটি জায়গায় চলে যান এবং সেখানেই বাকি জীবন কাটিয়ে দেন।

লক্ষ্মণ সেন

লক্ষ্মণ সেন ছিলেন সেন বংশের তৃতীয় প্রধান রাজা এবং ইতিহাসের পাতায় অত্যন্ত গুরুত্বপূর্ণ চরিত্র। তিনি শাসনভার নেন ৬০ বছর বয়সে। অনেক ঐতিহাসিকের মতে, সেন রাজারা ইতিহাসের সবচেয়ে অত্যাচারী রাজা ছিলেন এবং লক্ষ্মণ সেন তাদের মধ্যে সর্বোচ্চ। সেনরা গোঁড়া হিন্দু ছিল বিধায় অন্য ধর্মের প্রতি তাদের কোনো সহমর্মিতা ছিল না। অনেকের মতে, বল্লাল সেনের কৌলীন্য প্রথার কারণে নিম্নবর্ণের হিন্দুরা সবসময়ই সেন রাজাদের পতন কামনা করতো। লক্ষ্মণ সেনের সময় প্রজাদের একটি বিদ্রোহও ঘটেছিল। লক্ষ্মণ সেন অতিবৃদ্ধ হয়ে যাওয়ায় রাজ্য ঠিক মতো পরিচালনা করতে পারছিলেন না। তাই সবচেয়ে সুরক্ষিত নদীয়ায় চলে যাওয়ার সিদ্ধান্ত নেন। খলজি সেনার ভয়ে নদীয়ার প্রবেশপথ রাজমহল ও তেলিয়াগড়ের নিরাপত্তা জোরদার করেন। কিন্তু বখতিয়ার খলজি মাত্র ১৭ জন সৈন্য নিয়ে নদীয়ায় প্রবেশ করেন পেছনের ঝাড়খন্ডের শ্বাপদসংকুল বনের মধ্য দিয়ে। এই খবর শুনে নিশ্চিত পরাজয় বুঝে লক্ষ্মণ সেন বিপরীত পথ দিয়ে নৌ পথে বিক্রমপুর পালিয়ে যান। প্রজারাই যখন মুসলমান শাসকের আনুগত্য মেনে নিয়েছিল, তখন অতিবৃদ্ধ লক্ষ্মণ সেনের এ ছাড়া আর কোনো উপায় ছিলো না। তার মৃত্যুর পর প্রথমে মাধব সেন তারপর কেশব সেন বিক্রমপুরকেন্দ্রিক সেন রাজ্যের রাজা হন। কিছুদিন পর এই নামমাত্র শাসনেরও অবসান ঘটে এবং শুরু হয় মুসলমান শাসকদের রাজত্ব।

FACT FILE

সময়কাল : (১০৯৭-১২৩০) | প্রথম রাজা : হেমন্ত সেন | শেষ রাজা : কেশব সেন | রাজধানী : লক্ষ্মণাবতী, বিক্রমপুর, বিজয়নগর, রূপনগর | পূর্ববর্তী সাম্রাজ্য : পাল সাম্রাজ্য | পরবর্তী সাম্রাজ্য : দেব রাজবংশ | ধর্ম : হিন্দু | সরকার ব্যবস্থা : রাজতন্ত্র।

আগামী সংখ্যায় দেখুন
বাংলায় মুসলিম শাসন

বিভিন্ন পরীক্ষায় আসা প্রশ্নাবলি

- পালদের পর কোন বংশ বাংলা শাসন করে?— সেন। *[ডিবি ১০-১১]*
- সেন বংশের আদি নিবাস— দাক্ষিণাত্য। *[জাবি ১৬-১৭]*
- সেন বংশের প্রথম রাজা— হেমন্ত সেন। *[জাবি ১৬-১৭]*
- সামন্ত রাজা থেকে স্বাধীন রাজা— বিজয় সেন। *[জাবি ১৬-১৭]*
- বিজয় সেনের প্রথম রাজধানী— হুগলিতে। *[জাবি ১৬-১৭]*
- কৌলীন্য প্রথা বাংলায় প্রবর্তন করেন— বল্লাল সেন। *[রাবি ১৬-১৭]*
- 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' গ্রন্থের রচয়িতা— বল্লাল সেন। *[রাবি : ১২-১৩]*
- অসমাপ্ত 'অদ্ভুতসাগর' গ্রন্থটি কে সমাপ্ত করেন?— লক্ষ্মণ সেন। *[প্রাথমিক সহকারী শিক্ষক ১৯]*
- সেন রাজাদের ধর্ম ছিল— হিন্দু। *[জাবি ১২-১৩]*
- জনশ্রুতি অনুযায়ী বিখ্যাত 'ঢাকেশ্বরী মন্দিরের' প্রতিষ্ঠাতা একজন রাজা। তাঁর নাম কী?— বল্লাল সেন। *[ডিবি ১৬-১৭]*
- বখতিয়ার খলজি সেন বংশের কোন রাজাকে পরাজিত করেন?— লক্ষ্মণ সেন। *[ঢাবি ১৭-১৮; ঢাবি 'অ' ইউনিট ৭ কলেজ ১৭-১৮]*
- বাংলায় সেন বংশের (১০৭০-১২৩০ খ্রিষ্টাব্দ) শেষ শাসনকর্তা ছিলেন— কেশব সেন। *[৪১তম বিসিএস]*
- বখতিয়ার খলজি বাংলা জয় করেন কোন সালে?— ১২০৪। *[৩০তম বিসিএস, প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০১২]*
- বাংলায় মুসলিম আধিপত্য বিস্তারের সূচনা কে করেন?— ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বখতিয়ার খলজি। *[২৪তম বিসিএস (বাতিল), প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৯]*
- ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজী কোন শতাব্দীতে ভারতবর্ষে আসেন?— ত্রয়োদশ।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

কর্ম কৌশল

ভালো বক্তা হবেন যেভাবে

স্মার্ট ক্যারিয়ার গড়তে শুধু পুঁথিগত বিদ্যাই যথেষ্ট নয়, প্রয়োজন সাবলীলভাবে কথা বলার যোগ্যতা। সুন্দর এবং মার্জিত কথা ক্যারিয়ারে নিয়ে আসবে কাঙ্ক্ষিত সাফল্য। নিম্নোক্ত কৌশল অনুসরণ করে আপনিও সাবলীলভাবে কথা বলা বা বক্তব্য দিতে পারবেন অনায়াসে।

পর্ব ১৭

সঠিক প্রস্তুতি ও অনুশীলন
বক্তব্য যে বিষয়ের ওপর দিতে হবে, সে সম্পর্কে গভীর জ্ঞান রাখা জরুরি। সেই সাথে ভালো বক্তা হতে হলে অনুশীলনের বিকল্প নেই। এজন্য প্রতিনিয়ত আয়নার সামনে দাঁড়িয়ে চর্চা করা যেতে পারে।

বক্তব্যের বিষয়বস্তু সাজিয়ে নেওয়া
কথা বলার সময় এলোমেলোভাবে কথা না বলে সুনির্দিষ্ট বিষয় নিয়ে কথা বলতে হবে। প্রয়োজনে বক্তব্যের কাঠামো পূর্বেই দাঁড় করিয়ে নিতে হবে। বক্তব্যে সুনির্দিষ্ট এবং সীমিত বিষয়ের ওপর গুরুত্বারোপ করা জরুরি।

শুরুতেই মনোযোগ আকর্ষণ
দর্শকের মনোযোগ আকর্ষণ করতে গতানুগতিকভাবে বক্তব্য শুরু না করে চমকপ্রদ কোনো তথ্য বা অসাধারণ কিছু বলে বক্তব্য শুরু করা যেতে পারে। বক্তব্য শেষ করার সময় পুরো বক্তব্যের সারমর্ম বা উদ্দীপনাদায়ক কথা দিয়ে শেষ করতে হবে, যা বক্তব্যকে হৃদয়গ্রাহী করে তুলবে।

স্বরভঙ্গির যথাযথ ব্যবহার
যেকোনো কথা সঠিক শব্দ ব্যবহারে সহজভাবে বলার চেষ্টা করতে হবে। ভাষার জটিলতা পরিহার করতে হবে। হাসিমুখে কথা বলার চেষ্টা করতে হবে। ভালো বক্তারা অপ্রয়োজনীয় কথা বাদ দিয়ে সংযত হয়ে কথা বলেন।

চোখের দিকে তাকিয়ে কথা বলা
ভালো বক্তার অন্যতম বৈশিষ্ট্য হলো শ্রোতার চোখের দিকে তাকিয়ে কথা বলা। এতে বক্তার সাথে শ্রোতার সেতুবন্ধন রচিত হয়। চোখের দিকে তাকিয়ে কথা বলার অভ্যাস করতে পারলে বক্তার আত্মবিশ্বাসও অনেক বেড়ে যাবে।

দর্শকের মতামতকে গুরুত্ব দেওয়া
দর্শকের চাহিদা ও উদ্দেশ্যের দিকে নজর রাখা গুরুত্বপূর্ণ। তাদের প্রতিক্রিয়া লক্ষ্য করতে হবে, প্রয়োজন হলে বক্তব্যে কিছু পরিবর্তন এনে বক্তব্য দিতে হবে। একদম গৎবাঁধা বক্তব্য দিলে সবচেয়ে আগ্রহী শ্রোতারও মনোযোগ নষ্ট হবে।

নিজস্বতা বজায় রাখা
যে বিষয়ে কথা বলা হোক না কেন বক্তব্যে নিজস্বতা বজায় রাখতে হবে। মনে রাখতে হবে, শ্রোতারা বক্তার কথা, ধারণা, চিন্তাচেতনা হতে ভালো কিছু গ্রহণ করতে এসেছেন। তাই সবসময় বক্তব্যে নিজস্বতা বা মৌলিকতা বজায় রাখতে হবে।

Mentors' Speech

বড় স্বপ্ন দেখা ও তা বাস্তবে রূপ দেওয়ার মাঝে রয়েছে জীবনের সাফল্য। প্রখ্যাত

মার্কিন লেখক অধ্যাপক ডেভিড জে. শর্টজ তার বিখ্যাত The Magic of Thinking Big বইয়ে এ সাফল্য লাভের কিছু পরামর্শ তুলে ধরেছেন; সেগুলো হলো—

১. লক্ষ্য স্থির করে কর্মপরিকল্পনা তৈরি
২. নিজের চিন্তা ও কাজে আস্থা রাখা
৩. অজুহাত দেখানোর অভ্যাস ত্যাগ করা
৪. ভয়কে দূর করতে পদক্ষেপ নেওয়া
৫. সৃজনশীলতা অর্জনে সচেষ্ট হওয়া
৬. কথা কম বলা ও বেশি শোনা
৭. ব্যর্থতার শিক্ষা নিয়ে এগিয়ে যাওয়া
৮. অন্যের প্রতি সঠিক মনোভাব রাখা
৯. সফল পথপ্রদর্শক হওয়ার চেষ্টা করা

ঘটনা বা গল্পের মাধ্যমে আকৃষ্ট করা
বক্তব্যে প্রাসঙ্গিক মজার কোনো ঘটনা, গল্প বা কৌতুক থাকলে দর্শক অবশ্যই আকৃষ্ট হবে। এক্ষেত্রে ব্যক্তিগত অভিজ্ঞতার কথাও শ্রোতাদের সঙ্গে শেয়ার করা যেতে পারে।

কথার মাঝে বিরতি দেওয়া
আলোচনাকে সুন্দর, প্রাণবন্ত, গোছালো করে তুলতে কথার মাঝে মাঝে সময় নিতে হবে। পুরো বিষয়টির জন্য মানসিক চাপ না নিয়ে বক্তব্যকে সহজভাবে নিতে হবে। ধীরস্থিরভাবে স্পষ্টভাবে বক্তব্য তুলে ধরতে হবে।

কথার মাঝে ব্যক্তিত্বকে ফুটিয়ে তোলা
পরিচ্ছন্ন ও মার্জিত পোশাক পরিধান করতে হবে। সবসময় সাবলীলভাবে এবং স্বাভাবিক অঙ্গভঙ্গিতে কথা বলতে হবে। এতে শ্রোতারা মনোযোগ দিয়ে কথা শুনবে।

বক্তৃতায় অন্যকে আঘাত না করা
বক্তব্যে অন্য কোনো ব্যক্তি, সমাজ, জাতি কিংবা ধর্মকে আঘাত করা যাবে না। বিনয়ী হতে হবে, অন্যের আবেগ অনুভূতিকে সম্মান করতে হবে, তাহলে বক্তা হিসেবে আপনার গ্রহণযোগ্যতা আরও বাড়বে।

নিজের ওপর আস্থা রাখা
শ্রোতা কী ভাবছে এটা না ভেবে বিষয়বস্তুর ওপর নজর দিতে হবে। এছাড়া বক্তৃতা দিতে গিয়ে ছোটখাটো ভুল হওয়া স্বাভাবিক ভেবেই বক্তৃতা দিতে হবে। হীনম্মন্যতায় না ভুগে সঠিক আত্মবিশ্বাস থেকে নির্বিঘ্নে কথা বলতে হবে। এতে শ্রোতারা সানন্দে তা গ্রহণ করবেন।

সুতরাং আত্মবিশ্বাসী ও সাহসী হয়ে উপরিউক্ত কৌশলগুলো আয়ত্ত করলে আপনিও সাবলীলভাবে বক্তব্য দিতে পারবেন। আর হতে পারবেন একজন দক্ষ বক্তা।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

ভিন্ন খবর

চব্বিশ বছরে ৭ পর্বতশৃঙ্গ জয়

৬ মে ২০২২ গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসের তথ্য অনুযায়ী কুয়েতের ইউসেফ আল রিফাই ২৪ বছর ১১৯ দিন বয়সে বিশ্বের সাতটি আগ্নেয়শৃঙ্গ জয় করেন। এর মধ্য দিয়ে তিনি বিশ্ব রেকর্ড গড়েন। তিনি বিশ্বের ২৪তম ব্যক্তি, যিনি প্রতিটি মহাদেশের সর্বোচ্চ আগ্নেয় পর্বতশৃঙ্গে আরোহণ করেন। ২২ ডিসেম্বর ২০২১ ইউসেফ আল রিফাই সর্বশেষ অ্যান্টার্কটিকা মহাদেশের মাউন্ট সাইডল জয় করেন। ২০১৫ সালের ৩০ ডিসেম্বর, আফ্রিকা মহাদেশের তানজানিয়ার মাউন্ট কিলিমানজারো জয়ের মধ্য দিয়ে সাতটি আগ্নেয় পর্বতশৃঙ্গ জয়ের অভিযানে নামেন রিফাই।

টানা (১০২) দিন দৌড়

যুক্তরাষ্ট্রের অ্যারিজোনা অঙ্গরাজ্যে বসবাসকারী জ্যাকি হান্ট ব্রোয়ের্সমা টানা ১০২ দিনে ১০২টি ম্যারাথনে অংশ নিয়ে রেকর্ড গড়েন। দুরারোগ্য ক্যান্সারে এক পা চিরতরে হারিয়ে কৃত্রিম পা নিয়ে শারীরিক প্রতিবন্ধকতা উপেক্ষা করে বিশ্ব রেকর্ডের খাতায় নাম লেখান এ নারী। ৫ মে ২০২২ জ্যাকি ২৬.২ মাইল দৌড়ে অ্যালিসা ক্লার্কের রেকর্ড ভাঙেন। ২০২০ সালে ক্লার্ক টানা ৯৫টি ম্যারাথনে দৌড়ে বিশ্ব রেকর্ড গড়েন।

তের বছর বয়সেই স্নাতক!

১৩ বছর বয়সেই আনুষ্ঠানিকভাবে স্নাতক ডিগ্রি অর্জন করেন এলিয়ট ট্যানার। এমনকি সে এখন পিএইচডি ডিগ্রি নেওয়ার পরিকল্পনাও করছে। তার বাড়ি যুক্তরাষ্ট্রের মিনেসোটা অঙ্গরাজ্যের সেইন্ট লুইস পার্ক শহরে। ২০২২ সালের মে মাসে ইউনিভার্সিটি অব মিনেসোটা থেকে আনুষ্ঠানিকভাবে স্নাতক ডিগ্রি লাভ করেন এলিয়ট। তার বিষয়ও বেশ জটিল, পদার্থ ও গণিত। শৈশব থেকে পড়াশোনার প্রতি ভীষণ আগ্রহ এলিয়টের। মাত্র দুই বছর বয়সে সে পড়তে শুরু করে। তার মা মিশেল ট্যানার জানান, ৯ বছর বয়সে এলিয়ট কলেজ পর্যায়ের বই পড়তে শুরু করে।

বিশ্বের সবচেয়ে প্রবীণ ব্যক্তি

ফ্রান্সের এক নারী ধর্মযাজক বিশ্বের সবচেয়ে প্রবীণ ব্যক্তি হিসেবে স্বীকৃতি পান। ২৫ এপ্রিল ২০২২ গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডস কর্তৃপক্ষ সিস্টার আন্দ্রেকে এ স্বীকৃতি দেয়। তার বয়স ১১৮ বছর ৭৩ দিন। ১৯ এপ্রিল ২০২২ বিশ্বের সবচেয়ে বয়স্ক ব্যক্তি জাপানি নারী কানে তানাকা ১১৯ বছর বয়সে মারা যান।

বিশ্বের সবচেয়ে লম্বা পরিবার

১৩ এপ্রিল ২০২২ গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে প্রকাশিত তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্রের মিনেসোটা অঙ্গরাজ্যে বসবাসকারী একটি পরিবার বিশ্বের সবচেয়ে লম্বা মানুষের পরিবার। এ পরিবারের কর্তার নাম স্কট ট্রাপস। তার উচ্চতা ৬ ফুট ৮ ইঞ্চি। স্কটের স্ত্রী ক্রিসির উচ্চতা ৬ ফুট ৩ ইঞ্চি। পাঁচ সদস্যের পরিবারে ক্রিসি সবচেয়ে কম লম্বা। এই পরিবারে সবচেয়ে লম্বা ব্যক্তি স্কট-ক্রিসির ছেলে অ্যাডাম ট্রাপস। তার উচ্চতা ৭ ফুট ৩ ইঞ্চি।

দৃষ্টিহীন চালকের রেকর্ড

ড্যান পারকার কার রেসিংয়ের পেশাদার খেলোয়াড়। এক দশক আগে রেসিংয়ে অংশ নিতে গিয়ে দুর্ঘটনায় দৃষ্টিশক্তি হারান ড্যান। ৩১ মার্চ ২০২২ যুক্তরাষ্ট্রের নিউ মেক্সিকোতে *স্পেসপোর্ট আমেরিকা* নামের কার রেসিংয়ে অংশ নিয়ে বিশ্ব রেকর্ড গড়েন তিনি। ড্যানের জন্য তৈরি বিশেষ একটি গাড়িতে ঘণ্টায় ২১১.০৪৩ মাইল গতি তোলেন তিনি। এর আগের রেকর্ডটি ছিল ঘণ্টায় ২০০.৫১ মাইলের।

কলমের ওজন (৩৭) কেজি

৩৭ কেজির বেশি ওজনের একটি বিশালাকারের বলপয়েন্ট কলম বানিয়ে তাক লাগিয়ে দেন ভারতের হায়দরাবাদের বাসিন্দা আচার্য মাকুন্দুরি শ্রীনিবাস। কলমটি ৫.৫ মিটার বা ১৮ ফুটের বেশি লম্বা। ওজন ৩৭.২৩ কেজি। গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসের তথ্য অনুযায়ী, এর আগে বিশ্বে এত বড় কলম বানানো হয়নি।

সিনেমা দেখে গিনেস রেকর্ড

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যে বসবাসকারী রামিরো আলানিস তার পছন্দের 'স্পাইডারম্যান : নো ওয়ে হোম' চলচ্চিত্রটি ২৯২ বার দেখে গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লেখান। ১৬ ডিসেম্বর ২০২১-১৫ মার্চ ২০২২ পর্যন্ত এ চলচ্চিত্রটি

এক প্রতিষ্ঠানে (৮৪) বছর

ব্রাজিলের ক্রসকিউ শহরের নাগরিক ওয়াল্টার ওথম্যান তার শতবর্ষী জীবনে একই প্রতিষ্ঠানে টানা ৮৪ বছর চাকরি করে বিশ্ব রেকর্ড করেন। তিনি ১৬ বছর বয়সে অভিজ্ঞতা ছাড়াই স্থানীয় একটি কারখানায় ফ্লোরম্যান হিসেবে কাজ শুরু করেন। রেনেক্সভিউ নামের ঐ কারখানাটি কাপড় তৈরি করে। একই প্রতিষ্ঠানে কাজ করতে করতে তিনি ফ্লোরম্যান থেকে বিপণন, প্রশাসনিকসহ বিক্রয় ব্যবস্থাপক হিসেবে অবসরে যান। টানা ৮৪ বছর কর্মক্ষম থাকা ও একই প্রতিষ্ঠানে চাকরি করার

সকল আপডেট সবার আগে পেতে আমাদের টেলিগ্রাম গ্রুপে জয়েন করুন

Join us on Telegram

t.me/bdniyog